# পরিকল্পনা বার্তা

একটি ইউডিডি প্রকাশনা
জুলাই ২০২২







# নগর উন্নয়ন অধিদপ্তর

## URBAN DEVELOPMENT DIRECTORATE

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রারম্ভিক**


- নগর উন্নয়ন অধিদপ্তরের ইতিহাস ---- ০৬
- অধিদপ্তরের কার্যাবলী ---- ০৮
- পূর্ববর্তী অর্জন ---- ০৮
- সাম্প্রতিক অর্জন ---- ০৯
- উপসংহার ---- ২০


**চলমান প্রকল্পসমূহ**


- নয়টি উপজেলার সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের পাইলট প্রকল্প ---- ২১
- পায়রা বন্দর নগরী ও কুয়াকাটা উপকূলীয় অঞ্চলের পরিবেশ-পর্যটন ভিত্তিক সমন্বিত পরিকল্পনা প্রণয়ন শীর্ষক প্রকল্প ---- ২৫


**গবেষণা**


- নগর উন্নয়ন অধিদপ্তরের পরিকল্পনার ৫০ বছর ---- ২৭


**সেমিনার**


- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র পার্শ্ববর্তী আটটি উপজেলার দুর্যোগ সহনীয় সমন্বিত ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়নের গুরুত্ব শীর্ষক কারিগরী সেমিনার ---- ২৯
- বিশ্ব বসতি দিবস-২০২১ ---- ৩০


**সাম্প্রতিক উদ্যোগ**


- জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা ২০২১ ---- ৩১
- স্মারক বক্তব্য ---- ৩১
- শেখ রাসেল দিবস-২০২১ ---- ৩২
- নগর উন্নয়ন অধিদপ্তরের ২০২১-২২ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন ---- ৩২


**প্রশিক্ষণ**


- প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি ---- ৩৩


**ভবিষ্যৎ প্রকল্পসমূহ**


- শরিয়তপুর জেলার ছয়টি উপজেলার সমন্বিত পরিকল্পনা প্রণয়ন (নড়িয়া, জাজিরা, শরিয়তপুর সদর, ডামুড্যা, ভেদরগঞ্জ এবং গোঁসাইর হাট উপজেলা) শীর্ষক প্রকল্প ---- ৩৫
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পার্শ্ববর্তী আটটি (লালপুর, ঈশ্বরদী, আট ঘরিয়া, পাবনা সদর, ভেড়ামারা, দৌলতপুর, মিরপুর (কুষ্টিয়া) এবং কুমারখালী) উপজেলার জন্য একটি দুর্যোগ সহনীয় সমন্বিত ভূমি ব্যবহার মহাপরিকল্পনা প্রণয়ন শীর্ষক প্রকল্প ---- ৩৬
- বারটি উপজেলার সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন শীর্ষক প্রকল্প ---- ৪২
- প্রিপারেশন অব রিস্ক সেনসিটিভ ডাটাবেজ ফর কোর এরিয়া অব রংপুর এন্ড সিলেট ডিস্ট্রিক্ট টাউন শীর্ষক প্রকল্প ---- ৪৫


**Introduction**


- History of Urban Development Directorate ---- 06
- Functions of UDD : ---- 08
- Previous Achievement ---- 08
- Recent Achievement: ---- 09
- Conclusion: ---- 20


**Ongoing Projects**


- Preparation of Comprehensive Development Plan for Nine Upazilas ---- 21
- Prerparation of Payra-Kuakata Comprehensive Plan Focusing on Eco- Tourism ---- 25


**Research**


- 50 years of planning of the Urban Development Directorate ---- 27


**Seminar**


- Technical Seminar on Importance of Preparing Disaster Risk Sensitive Integrated Land Use Plan for 8 Upazilas Adjacent to Rooppur Nuclear Power Plant ---- 29
- World Habitat Day-2021 ---- 30


**Recent Indeavour**


- A Children's Drawing Competition organized on the occasion of Birth centenary of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and National Children's Day 2021 ---- 31
- Commemorative speech ---- 31
- Sheikh Russel Day 2021 ---- 32
- E-Governance and Innovation of 2021-22 Fiscal Year of Urban Development Directorate ---- 32


**Training**


- Information of Training ---- 33


**Pipeline Projects**


- Preparation of Comprehensive Plan for Six Upazilas of Shariatpur district (Naria, Zanjira, Shariatpur Sadar, Damudya, Bhedarganj and Gosairhat Upazila) ---- 35
- Strategic Eight Upazilas Risk Sensetive Landuse Plan Around 25 Km of Rooppur Nuclear Power Plant (Lalpur, Ishwardi, Pabna Sadar, Kushtia Sadar, Bheramara, Daulatpur, Mirpur (Kushtia) and Kumarkhali Upazilas) ---- 36
- Preparation of Comprehensive Development Plan for Twelve Upazila ---- 42
- Risk Sensitive Database for Core Area of Rangpur and Sylhet District Town ---- 45



প্রতিমন্ত্রী
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নগর উন্নয় অধিদপ্তর ২০২১-২২ অর্থবছরের "পরিকল্পনা বার্তা" প্রকাশ করছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আজীবন একটি সুখী, সমৃদ্ধ ও স্বনির্ভর বাংলাদেশের স্বপ্ন দেখেছেন। তার সুযোগ্য তনয়া বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা জাতির পিতার সেই স্বপ্ন বাস্তবায়নে নিরলস কাজ করে যাচ্ছেন। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে পরিচালিত বর্তমান সরকার দেশের প্রতিটি স্তরে পরিকল্পিত উন্নয়নের মাধ্যমে ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য সচেষ্ট রয়েছেন।

নগরায়ন একটি সভ্যতার মাপকাঠি হিসেবে বিবেচিত হয়ে থাকে। কিন্তু অপরিকল্পিত নগরায়ন একটি দেশ ও জাতির জন্য ক্ষতির কারণ হতে পারে। এজন্য প্রয়োজন সুচিন্তিত পরিকল্পনা ও পরিকল্পিত নগরায়নের সাথে ভূমির সুষম ব্যবহার নিশ্চিত করা। বর্তমান সরকারের একটি অন্যতম অঙ্গীকার "আমার গ্রাম আমার শহর; প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণ"। এ অঙ্গীকার বাস্তবায়নে বিভাগীয় শহরের পাশাপাশি সকল জেলা, উপজেলা ও ইউনিয়নকে সুষ্ঠু পরিকল্পনার আওতায় আনা জরুরি। বাংলাদেশকে উন্নত বিশ্বের আলোকে গড়ে তুলতে হলে পরিকল্পিত ভূমি ব্যবহারের গুরুত্ব অপরিসীম। ভূমির সুষ্ঠু ব্যবহারের জন্য সমন্বিত উন্নয়ন পরিকল্পনা গ্রহণ এখন সময়ের দাবি। ভূমির পরিকল্পিত ব্যবহারের জন্য মাস্টার প্ল্যান প্রণয়নের মত জটিল কাজ নগর উন্নয়ন অধিদপ্তর অত্যন্ত দক্ষতা ও আন্তরিকতার সাথে করে আসছে।

আমি আশা করি নগর উন্নয় অধিদপ্তর তার কার্যক্রম পরিচালনায় ভবিষ্যতে আরো আন্তরিক ও নিষ্ঠার সাথে কাজ করে যাবে এবং বাংলাদেশকে একটি উন্নত সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে তাদের সক্রিয় ভূমিকা অব্যাহত থাকবে।

আমি "পরিকল্পনা বার্তা" প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

বাংলাদেশ চিরজীবী হোক।

শরীফ আহমেদ, এম.পি



সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা

নগর উন্নয়ন অধিদপ্তর বিগত বছরগুলোর ধারাবাহিকতায় ২০২১-২২ অর্থবছরেও "পরিকল্পনা বার্তা" প্রকাশ করছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। স্বল্প আয়তনের ঘনবসতিপূর্ণ বাংলাদেশে জনসংখ্যা ক্রমাগত বেড়েই চলেছে। ভূমি স্বল্পতার বিষয়টি বিবেচনা করে এখনই ভূমির সঠিক ব্যবহার নিশ্চিত করার জন্য কার্যকর পরিকল্পনা গ্রহণ জরুরী। একটি দেশের উন্নয়ন করতে হলে প্রয়োজন সঠিক পরিকল্পনা গ্রহণ। শুধুমাত্র শহর নয় গ্রামীণ উন্নয়নের জন্যও প্রয়োজন সঠিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন। বর্তমান যুগ উন্নয়নের যুগ, পরিকল্পনার যুগ। আমাদের দেশকে ভবিষ্যতে সমৃদ্ধির পথে এগিয়ে নিতে পরিকল্পিত উন্নয়নের কোন বিকল্প নেই। নগর উন্নয়ন অধিদপ্তর প্রতিষ্ঠার পর থেকেই সফলভাবে পরিকল্পিত বাংলাদেশ গঠনে সমগ্র দেশের ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়নের কাজ করে আসছে। পরিকল্পনা বার্তা সংস্থাটির বিগত ০১ (এক) বছরের কর্মকাণ্ডকে প্রকাশ করে।

আমি পরিকল্পনা বার্তা প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে তাদের উদ্যমী কর্মপ্রয়াসের জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি এবং ভবিষ্যতেও এ প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করছি। নগর উন্নয়ন অধিদপ্তরের ভবিষ্যৎ কর্মকান্ডের সার্বিক সাফল্য কামনা করছি।

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব

# বাণী



পরিচালক (চলতি দায়িত্ব)
নগর উন্নয়ন অধিদপ্তর
সেগুন বাগিচা, ঢাকা।

প্রতি বছরের ধারাবাহিকতায় এ বছরও "পরিকল্পনা বার্তা" প্রকাশ করতে পেরে আমি আনন্দিত। "পরিকল্পনা বার্তা" নগর উন্নয়ন অধিদপ্তরের নিজস্ব একটি প্রকাশনা। এ বার্তায় স্বল্প পরিসরে সকল উন্নয়ন কর্মকান্ডের বিবরণ তুলে ধরা হয়। নগর উন্নয়ন অধিদপ্তর সরকারের একমাত্র ভৌত পরিকল্পনা প্রণয়নকারী সংস্থা। পরিকল্পনা প্রণয়নের মূল বৈশিষ্ট্য হচ্ছে সরকারের সকল অঙ্গিকার যথাঃ রূপকল্প-২০৪১, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, আমার গ্রাম আমার শহর প্রস্তাবণা, ডেল্টা প্ল্যান ২১০০, SDGs, New Urban Agenda এর লক্ষ্যসমূহকে সামনে রেখে জনগণকে সম্পৃক্ত করে দুর্যোগসহনীয় দীর্ঘমেয়াদী ভূমি ব্যবহার পরিকল্পনা তৈরী করা। বর্তমান নগর উন্নয়ন অধিদপ্তরে উপজেলা পর্যায়ে "নয়টি উপজেলার সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন" শীর্ষক পাইলট প্রকল্পের কাজ শুরু হয়েছে। পাশাপাশি "পায়রা বন্দর নগরী ও কুয়াকাটা উপকূলীয় অঞ্চলের পরিবেশ, পর্যটনভিত্তিক সমন্বিত মহাপরিকল্পনা" প্রকল্পের আঞ্চলিক থেকে স্থানীয় পর্যায়ে কার্যক্রম চলমান রয়েছে। সম্প্রতি "চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়নঃ সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ" শীর্ষক প্রকল্প জুন, ২০২০ তারিখে সমাপ্ত হয়েছে। এ সংক্রান্ত সকল তথ্য/উপাত্ত অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইট www.udd.gov.bd এ পাওয়া যাবে এবং জনসাধারন তাদের প্রয়োজনীয় সেবা/তথ্য নিতে পারবে।

ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন এবং ২০৩০ সালের মধ্যে এসডিজি এর লক্ষ্য অর্জনে দুর্যোগের ঝুঁকি ও ঝুঁকি নিরসনে উপায়সমূহ অন্তর্ভূক্ত করে সময়াবদ্ধ চতুর্থমাত্রিক ভূমি ব্যবহার পরিকল্পনা গ্রহণে নগর উন্নয়ন অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

পরিশেষে আমি নগর উন্নয়ন অধিদপ্তরের সার্বিক সাফল্য কামনা করছি। সকলকে ধন্যবাদ।

Tajam

(ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক)

## নগর উন্নয়ন অধিদপ্তরের ইতিহাস

অপরিকল্পিত নগরায়ন ও বিচ্ছিন্ন উন্নয়ন বাংলাদেশ সরকারের দৃষ্টি আকর্ষন করে এবং এর প্রেক্ষিতে সরকার দেশের ভৌত কাঠামোগত উন্নয়ন নিয়ন্ত্রন করার জন্য মাষ্টার প্ল্যান এবং ভূমি ব্যবহার পরিকল্পনার প্রয়োজনীয়তা অনুভব করে। এরই ধারাবাহিকতায় ১৯৬৪ সালে বাংলাদেশ সরকার ভৌত পরিকল্পনা এবং উন্নয়নের জন্য কারিগরী সহায়তা চেয়ে "ইউনাইটেড নেসন্স স্পেশাল ফান্ড" এর নিকট অনুরোধ জানায়। এর প্রেক্ষিতে নগর উন্নয়ন অধিদপ্তর নামে নতুন একটি সংস্থা ১৯৬৫ সালে ১৭ই জুলাই প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠা কালীন নগর উন্নয়ন অধিদপ্তরের অফিস এবং কর্মচারীদের তিনটি Scheme এর আওতায় রাখা হয় এগুলো যথাক্রমে: "টাউন এন্ড কান্ট্রি প্ল্যানিং", "সার্ভে ইনভেষ্টিগেশন "এবং "প্ল্যানিং অফ রুরাল হাউজিং" (সূত্র ঃ গর্ভমেন্ট অফ ইষ্ট পাকিস্তান, জিওনং-৪৬৪, তারিখ ঃ ১৭-০৭-১৯৬৫)। সৃষ্টি লগ্নে নগর উন্নয়ন অধিদপ্তর পশ্চিম পাকিস্তানের Works, Power & Irrigation বিভাগের অধীনে ছিল। অধিদপ্তরের প্রশাসনিক কার্যক্রম নিয়ন্ত্রণ করত Works, Power & Irrigation বিভাগের Housing Wing। ইউনাইটেড নেসন্স বাংলাদেশ সরকারের অনুরোধ গ্রহণ করে এবং "লোকেশন এন্ড প্ল্যানিং অফ সিটিস" যার রিভাইজড ভার্সন "টাউন এন্ড কান্ট্রি প্ল্যানিং স্কীম" নামে একটি প্রকল্প অনুমোদন করেন। Works, Power & Irrigation বিভাগের সচিব মোঃ শফিউর রহমানকে ১৯৬৫ সালের ২৬শে জুন নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক হিসাবে নিয়োগ প্রদান করা হয় (সূত্র ঃ গর্ভমেন্ট অফ ইষ্ট পাকিস্তান, ওয়ার্কস, পাওয়ার এবং ইরিগেশন জিওনং-৪৬৪ই, তারিখ ঃ ১৭-০৭-১৯৬৫)। সৃষ্টি লগ্নে নগর উন্নয়ন অধিদপ্তরের নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের সঠিক পরিসংখ্যান না থাকলেও ১৯৭৫ সালে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের পরিসংখ্যান বের করা হয়। পরিসংখ্যানে দেখা যায় অধিদপ্তরে ১৬০ জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত ছিল (সূত্র ঃ নগর উন্নয়ন অধিদপ্তর-১/১/৭২-৬৭৯, তারিখঃ ১৮-০৬-১৯৭৫)। পরবর্তীতে ১৯৮৩ সালে বিগ্রেডিয়ার এনামুল হক খানকে প্রধান করে গঠিত মার্শাল ল কমিটি অনুসারে অত্র অধিদপ্তরে কার্যপরিধি ও অর্গানাইজেশন সেটআপ নির্ধারণ করা হয় (সূত্র ঃ www.udd.gov.bd)। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতায় নগর উন্নয়ন অধিদপ্তর বিদ্যমান ও নতুন নগর কেন্দ্রগুলোর জন্য রিজিওনাল প্ল্যান, আরবান প্ল্যান এবং সাইট প্ল্যান তৈরী ও সমন্বয় করছে। নগর উন্নয়ন অধিদপ্তর জাতীয় পর্যায়ে ভৌত পরিকল্পনা/ভূমি ব্যবহার পরিকল্পনার ক্ষেত্রে সরকারের প্রধান সংস্থা।

১৯৭৮-১৯৮২ সালে National Physical Planning Project (ফেজ-১) মূলত তৈরী করা হয়েছিল বাংলাদেশের জাতীয় ভৌত পরিকল্পনার তথ্য ব্যবস্থাপনার জন্য। অক্টোবর ১৯৮০ সালে এই সমীক্ষা প্রতিবেদন প্রস্তুত করা হয় যার উদ্দেশ্য ছিল ক্ষুদ্র পরিকল্পনা অঞ্চল প্রতিষ্ঠা করা (যা গঠিত হবে অনেকগুলো সাব-রিজিওনে)। এই রিজিওনগুলো দ্বারা প্রস্তাবিত ১২০০ নগর কেন্দ্রে কার্যকর প্রভাব ফেলতে সক্ষম হবে। এই প্রকল্পে ১০ ধরনের ডাটাবেজ সংগ্রহ করা হয়েছে-জনসংখ্যা, অর্থনীতি, কৃষি, পরিবেশ, স্বাস্থ্য, শিক্ষা, প্রকৌশল অবকাঠামো, শহর এলাকা, পরিবহন ও যোগাযোগ, প্রশাসন এবং প্রতিষ্ঠান (সরকারী এবং বেসরকারী)।

## History of Urban Development Directorate

The haphazard and unplanned growth of cities and towns of Bangladesh attracted the attention of Government and in order to prepare land use plans and master plans for urban areas for directing and controlling the growth of physical developments, the need of a physical planning organization was keenly felt. In the year 1964, a request was made to the 'United Nations Special Fund' to provide technical assistance for carrying out systematic and organized physical planning and development in Bangladesh. Consequently, a new organizations namely, Urban Development Directorate was created in 17th July1965, by transferring the officers and staff under the scheme- "Town and country Planning "and "Survey Irrigation and Planning of Rural Housing"- then under the administrative control of Housing Wing of Works, Power & Irrigation Department (vide G.O.No.464-E, dt.17.07.65). United Nations accepted the request and formally approved a project named "Location and planning of Cities" the revised version of "Town and Country Planning Scheme" *(Source: Government of East Pakistan, Works, Power & Irrigation Department No.464 E, dated: Dacca July 17, 1965).* Mr. Shafiqur Rahman, Secretary, Works, Power & Irrigation Department has been appointed Director, Urban Development Directorate on the date June 26, 1965*(Source: Government of East Pakistan, G.O. No.464 E, Dated: 17.7.1965).* Functions allocated to the Directorate were enhanced in the year 1983, by the Martial Law Committee on organization set up, headed by Brigadier Enamul Haque *(Source:www.udd.gov.bd).* UDD, under MoHPW, prepares and coordinates regional plans, urban plans and site plans for new and existing urban centers. UDD is the prime government agency in Bangladesh for national level physical/land use plan preparation.

National Physical Planning Project (Phase I) was mainly planned for the management of national physical planning data in Bangladesh. The study report, prepared in October, 1980, aimed to establish macro planning regions (consisting of several subdivisions) for Bangladesh. By using these regions, it would be possible to assist in determining the potential effect of the proposed 1,200 growth centers. Ten categorized datasets were planned to be collected for the project under the following heads: Population, Economy, Agriculture, Environment, Engineering infrastructure, urbanized areas, Health, education and social welfare, Transport and communication, Administration and organization (government and non-government) and Energy.

# প্রারম্ভিক

১৯৮২-১৯৮৭ সালে নগর উন্নয়ন অধিদপ্তর UNDP, UNCHS এর সহযোগিতায় National Physical Planning Project (ফেজ-২) প্রণয়ন করে। যার উদ্দেশ্য ছিল সরাসরি সহায়তা প্রদানের মাধ্যমে প্রাথমিক কার্যক্রম অর্জন এবং দ্বিতীয়ত প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করবে।

২য় পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় (১৯৮০-১৯৮৫) উল্লেখিত কেন্দ্রীয় ভৌত পরিকল্পনার প্রধান উদ্দেশ্য ছিল আর্থ-সামাজিক উন্নয়ন কার্যক্রমকে সারাদেশে বিকেন্দ্রীকরণ করা এবং দীর্ঘমেয়াদে ভৌত পরিকল্পনার সমস্যা এবং অগ্রাধিকার সমূহ নির্ধারণ করা সেগুলো হলঃ

- দীর্ঘমেয়াদে জনসংখ্যার ঘনত্ব নির্দেশ করে দেয়া গ্রাম এবং শহরে কাঙ্ক্ষিত সামঞ্জস্যতা বজায় রাখা।
- জমির সুষ্ঠু ব্যবস্থা এবং ভূমি ব্যবহার নিয়ন্ত্রনের জন্য কৃষি বিষয়ক নীতিমালা প্রণয়ন।
- স্থানীয় সরকার উন্নয়ন কর্তৃপক্ষ ও সরকারী সংস্থাসমূহের জন্য আবাসন, শিক্ষা, বিনোদন এবং উন্মুক্ত স্থান ব্যবহারের জন্য নির্ধারিত স্ট্যান্ডার্ড তৈরী করা।
- , বিক্ষিপ্ত গ্রামীণ জনবসতিগুলোর জন্য পর্যায়ক্রমিকভাবে একত্রীকরণের পরিকল্পনা এবং নীতিমালা প্রণয়ন।
- রুরাল গ্রোথ সেন্টার এবং গ্রাম পর্যায়ে নূন্যতম সুবিধা প্রদানকারী গ্রামীণ জনবসতির জন্য বিভিন্ন পরিকল্পনা এবং নীতিমালা প্রণয়ন এবং মহানগর, পৌরসভা, জেলা ও উপজেলা পর্যায়ে প্ল্যান প্রণয়ন।
- জাতীয় পর্যায়ের ভৌত পরিকল্পনার জন্য বিভিন্ন নীতিমালা প্রণয়ন এবং মহানগর, পৌরসভা, জেলা ও উপজেলা পর্যায়ে প্ল্যান প্রণয়ন।
- যে সকল এলাকার ভৌত পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে সে এলাকাগুলোর ভৌত উন্নয়ন নিয়ন্ত্রন।

এই প্রকল্প নগর উন্নয়ন অধিদপ্তরকে নিম্নলিখিত উদ্দেশ্য অর্জনে সহযোগিতা করছেঃ (১) দীর্ঘমেয়াদী National Physical plan এর আউটলাইন করা (২) বিকল্প ভৌত কৌশল প্রণয়ন এবং আইন ও প্রশাসনিক সক্ষমতা বৃদ্ধি (৩) নির্দিষ্ট অঞ্চল, জনবসতি ও গ্রোথ সেন্টারের জন্য পরিকল্পনা প্রণয়ন করা এবং (৪) ফিজিক্যাল প্ল্যানিং ক্যাপাসিটি বৃদ্ধিকরণ।

National physical planning প্রকল্পের ১ম ধাপ ছিল অর্থনৈতিক এবং ভৌত পরিকল্পনার সমন্বয়ের জন্য বিশেষ কাঠামো তৈরী করা। এই প্রকল্পের প্রধান কার্যক্রম ছিল নগর উন্নয়ন অধিদপ্তর এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করা।

নগর উন্নয়ন অধিদপ্তর প্রধানত ভূমি ব্যবহার পরিকল্পনা সমন্বয় সাধন এবং সাব-ন্যাশনাল প্ল্যান তৈরীতে নিয়োজিত। অধিকন্তু, নগর উন্নয়ন

# Introduction

In 1982, the *National Physical Planning Project (Phase II)* was undertaken jointly by UDD, Ministry of Public Works and Urban Development and the United Nation's Center for Human Settlement (UN-HABITAT) with a view to achieve 'direct support' as the primary function and 'institution building' as the secondary function.

As stated in the second Five Year Plan (1980-85), the central physical planning objective of the government was the decentralization and devolution of socio-economic development activities throughout the country. Over the longer term, physical planning problems and priorities were identified in more detail, as follows:

- The determination of the long term distribution of the population; in the words, a desirable rural-urban balance and the optimum pattern of urban growth;
- The farming of policies for the best use of land and its control (backed by suitable legislative measures);
- Provision of standards for use by local bodies, statutory authorities and government agencies on housing, open space, education, recreation, etc.;
- Policies and plans for gradual nucleation of rural settlements;
- Policies and plans for the development of rural growth centers and key villages (lower order hierarchy of service centers);
- Preparation of national physical planning strategies and of metropolitan municipal, district and sub-district plans; and
- Development control in all areas for which plans have been prepared.

The project was intended to assist UDD to pursue the following immediate objectives: Formulation of an outline of a national physical plan (NPP) with a long term perspective, providing alternative spatial strategies, legal and administrative capacities; Preparation of specific regional, settlement and growth center plans; Identification of Development Projects; and Improvement of physical planning capacity.

The first step of the NPP project was to provide a spatial framework for the integration of economic and physical planning activities in Bangladesh. The main thrust of the project was to concentrate on institutional building, primarily within the UDD and the Bangladesh University of Engineering and Technology (BUET).

"UDD is engaged in the coordination of land use and the formulation of sub-national plans for the whole country. Moreover, it is engaged is formulation, upgrading and

অধিদপ্তর তিনস্তর বিশিষ্ট প্ল্যানিং প্যাকেজ তৈরী, সমন্বয় এবং উন্নয়ন করে যাচ্ছে ঃ (১) স্ট্র্যাকচার প্ল্যান (২) আরবান এরিয়া প্ল্যান এবং (৩) ডিটেইল্ড এরিয়া প্ল্যান। ১৯৬৫ সাল প্রতিষ্ঠালগ্ন হতে এই অধিদপ্তর দেশের (নগর উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রমের আওতা বর্হিভূত ঢাকা, চট্টগ্রাম, খুলনা এবং রাজশাহী চারটি মেট্রোপলিটন এলাকার বাইরে) মাঝারি ও ছোট শহরের মহাপরিকল্পনা প্রণয়ন করে অধিকতর ও সুষম নগরায়নে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে আসছে।

**অধিদপ্তরের কার্যাবলী ঃ**

(১) নগরায়ন, নগর এলাকার ভূমির সুষ্ঠু ব্যবহার ও ভূমি উন্নয়ন বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করা।

(২) দেশের ৪টি মেট্রোপলিটন সিটি যথা ঃ ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী বাদে সকল নগর এলাকার মাষ্টার প্ল্যান প্রণয়ন, নগর এলাকার অভ্যন্তরে এলাকাভিত্তিক বিস্তারিত ভূমি ব্যবহার নকশা ও অঞ্চলভিত্তিক প্ল্যান প্রণয়ন ও সমন্বয় সাধন করা।

(৩) নগরায়ন প্রক্রিয়ায় আর্থ-সামাজিক বিষয়ে গবেষণা করা ও ভবিষ্যতে নগর উন্নয়নের ক্ষেত্রে দেশব্যাপী নগর উন্নয়ন সংক্রান্তস্থান নির্ণয় করা।

(৪) নগরায়ন কর্মসূচী প্রণয়ন করা এবং এই কর্মসূচী সংশ্লিষ্ট সেক্টর এজেন্সীগুলোর উন্নয়নমূলক কর্মকান্ডের স্থান নির্ধারনে সহযোগিতা করা।

(৫) মানব বসতি উন্নয়ন পরিকল্পনাকারী প্রতিষ্ঠান হিসাবে নগর উন্নয়ন অধিদপ্তর আন্তর্জাতিক কারিগরী সহযোগিতা বিষয়ক কর্মসূচী বাস্তবায়নে দেশের ফোকাল পয়েন্ট ও প্রতিরূপ সংস্থা হিসেবে কার্যাদি সম্পাদন করা।

(৬) ভৌত পরিকল্পনা এবং নগরায়ন ও মানববসতি সংক্রান্ত বিষয়ে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে সেমিনার এবং ওয়ার্কশপের আয়োজন করা এবং নগরায়ন ও মানববসতি সংক্রান্ত গবেষণালব্ধ বিষয় সম্পর্কে প্রকাশনা বের করা।

(৭) পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ে বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের ইন-সার্ভিস প্রশিক্ষণ প্রদান করা।

(৮) নগর উন্নয়ন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ সংস্থাসমূহকে তাদের অনুরোধক্রমে পরামর্শ প্রদান করা।

**পুর্ববর্তী অর্জন ঃ**

নিকট অতীতে নগর উন্নয়ন অধিদপ্তর নিম্ন লিখিত প্রকল্পসমূহ সম্পাদন এবং রিপোর্ট প্রণয়ন করেছে ঃ

(ক) আরবান হাউজিং পলিসি এন্ড প্রোগ্রাম ডেভেলপমেন্ট (ফাস্ট ফেইজ), সহযোগিতায় ইউএনডিপি (১৯৭৮-১৯৮১)।

(খ) ন্যাশনাল ফিজিক্যাল প্ল্যানিং প্রজেক্ট (ফাস্ট ফেইজ), সহযোগীতায় ইউএনডিপি (১৯৭৮-১৯৮২)।

(গ) ড্রাফট ফিজিক্যাল প্ল্যানিং (ল্যান্ড ইউজ) এন্ড ডেভেলপমেন্ট কন্ট্রোল অর্ডিন্যান্স ইন ইটস ল্যান্ড পলিসি কনটেক্সট (জানুয়ারী, ১৯৮৩)।

(ঘ) ন্যাশনাল ফিজিক্যাল প্ল্যানিং প্রজেক্ট (ফাস্ট ফেইজ), সহযোগিতায় ইউএনডিপি, ইউএনসিএইচএস (১৯৮৩-১৯৮৭)।

coordination of the three-tiered planning package I.e. structure plan, urban area plan and detailed area plan, down to the lowest level of administrative set-up in the country. Since 1965, this directorate has been playing a vital role in creating adequate and balanced urbanization by formulating development plans of medium and small-sized towns all over the country, except for the four metropolitan cities of Dhaka, Chittagong, Khulna and Rajshahi, and so far has formulated master plans/land use plans.

**Functions of UDD :**

i. To advise the Government on matters of policy relating to urbanization, land use and land development.

ii. To prepare and co-ordinate regional plans, master plans and detailed layout and site plans for the existing as well as the new urban centres excluding the areas covered by the present town development authorities of Dhaka, Chittagong, Khulna and Rajshahi.

iii. To undertake socio-economic research and collection of data for determination of the location and pattern of future urban development.

iv. To prepare programmes for urban development for execution by the sectoral agencies and secure approval of those from the National Council and assist the agencies in selection of sites for implementation of those programmes.

v. To act as a counterpart organization and focal point in the Government for all internationally aided physical planning and human settlement programmes in the country.

vi. To organise seminars/workshops for creating better physical planning awareness and to disseminate information through regular publication of the research and planning materials on urbanization and human settlement planning and development.

vii. To conduct in-service training of the officers and staff of organizations involved in spatial planning and development.

viii. To advise the existing urban development authorities on their operations at their request.

**Previous Achievement:**

UDD has completed the following Projects and Reports in the previous years:

a) Urban Housing policy and programme development (First Phase), with the help of UNDP (1978-1981)

b) National Physical Planning Project (First Phase), with the help of UNDP (1978-1982)

c) Draft Physical Planning (Land Use) and Development Control Ordinance in itsy context (january, 1983)


d) National Physical Planning Project (Second Phase), with the help of UNDP , UNCHS (1983-1987)

(ঙ) আরবান হাউজিং পলিসি এন্ড প্রোগ্রাম ডেভেলপমেন্ট (সেকেন্ড ফেইজ), সহযোগিতায় ইউএনডিপি এবং ইউএনসিএইচএস (১৯৮৪-১৯৮৬)।
(চ) ৩৯২ টি পৌরসভার ভূমি ব্যবহার/মাষ্টার প্লান প্রস্তুতকরণ (১৯৮৪-১৯৯১)।
(ছ) প্রিপারেশন অব স্ট্রাকচার প্ল্যান, আরবান এরিয়া প্ল্যান এন্ড ডিটেইল্ড এরিয়া ডেভেলপমেন্ট প্ল্যান অব ফিফটি ডিসট্রিক্ট টাউনস (১৯৮৪-১৯৯১)।
(জ) ফিজিক্যাল প্লানিং (ল্যান্ড ইউজ) এন্ড ডেভেলপমেন্ট কন্ট্রোল অর্ডিন্যান্স, মার্চ ১৯৮৫।
(ঝ) ফাইনাল রিপোর্ট ইন ফিজিক্যাল লেজিসলেশন, সেপ্টেম্বর ১৯৮৫।
(ঞ) হাউজিং সেক্টর ইনস্টিটিউশনাল স্ট্রাংদেনিং প্রজেক্ট, সহযোগিতায় এডিবি (১৯৯২-১৯৯৩)।
(ট) আরবান এন্ড সেল্টার সেক্টর রিভিউ, সহযোগিতায় ইউএনডিপি, ইউনিসেফ এন্ড ইউএনসিএইচএস (১৯৯২-১৯৯৩)।
(ঠ) প্রিপারেশন অব বাংলাদেশ ন্যাশনাল রিপোর্ট অন হিউম্যান সেটেলমেন্ট (ইউএন-হ্যাবিটেট) (১৯৯৬)।

**সাম্প্রতিক অর্জনঃ**

**ক) "সিলেট ও বরিশাল বিভাগীয় শহরের স্ট্রাকচার প্ল্যান, মাষ্টার প্ল্যান ও ডিটেইল্ড এরিয়া প্ল্যান প্রণয়ন" শীর্ষক প্রকল্প**

নগর উন্নয়ন অধিদপ্তর "সিলেট ও বরিশাল বিভাগীয় শহরের স্ট্রাকচার প্ল্যান, মাষ্টার প্ল্যান ও ডিটেইল্ড এরিয়া প্ল্যান প্রণয়ন" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের কাজ সমাপ্ত হয়েছে। প্রকল্পটি জুন ২০১০ ইং এ সমাপ্ত হয়েছে। প্রকল্পটির উদ্দেশ্য ছিল সিলেট ও বরিশাল বিভাগীয় শহরের আগামী ২০ বৎসরের সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ন্ত্রনের জন্য স্ট্রাকচার প্ল্যান, মাষ্টার প্ল্যান ও ডিটেইল্ড এরিয়া প্ল্যান তৈরী ও ভূমির সর্বোচ্চ ব্যবহার ও নিয়ন্ত্রনের জন্য নীতিমালা তৈরী সহ সিলেট শহরের উন্নয়ন, আর্থিক প্রবৃদ্ধি, কর্মসংস্থান, বাসস্থান, উন্মুক্ত স্থান, সেবা, স্বাস্থ্য, বিনোদন নিয়োজিত বিভিন্ন সরকারী/ আধা-সরকারী এবং স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের জন্য Planning Standard প্রণয়ন করা। প্রকল্পটি দ্বারা আগামী ২০ বছরের জন্য অর্থাৎ ২০১০ হতে ২০৩০ সাল পর্যন্ত সিলেট ও বরিশাল বিভাগীয় শহরের যথাক্রমে প্রায় ২১,০৩৯ একর এবং প্রায় ১৮,৬৭০ একর জায়গায় পরিকল্পিত ভূমি ব্যবহার নিশ্চিত করণের ব্যবস্থা নেওয়া হয়েছে (চিত্র-১ ও চিত্র-২ সংযুক্ত)। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে গেজেট প্রকাশিত হয়েছে।



চিত্র-১ : সিলেট বিভাগীয় শহরের ঐতিহাসিক এবং আকর্ষণীয় পর্যটন এলাকাসমূহ



চিত্র-২ : বরিশাল বিভাগীয় শহরের নগর এলাকার পরিকল্পনার মানচিত্র

**খ) "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান অব কক্সবাজার টাউন এন্ড সী বীচ আপ টু টেকনাফ" প্রকল্প**

কক্সবাজার বাংলাদেশের অন্যতম সী-বীচ টাউন এবং পৃথিবীর দীর্ঘতম প্রাকৃতিক সমুদ্র সৈকত হিসেবে পরিচিত। এছাড়া কক্সবাজার প্রাকৃতিক সপ্তাশ্চার্যের (Natural Seven Wonders) মধ্যে অন্যতম হিসেবে বিশ্বের দরবারে পরিচিতি লাভ করেছে। কক্সবাজারকে একটি আন্তর্জাতিক মানের পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্যে নগর উন্নয়ন অধিদপ্তর **"প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান অব কক্সবাজার টাউন এন্ড সী বীচ আপ টু টেকনাফ"** শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করেছে। আগামী ২০ বৎসরের জন্য কক্সবাজার শহর, কক্সবাজার হতে টেকনাফ পর্যন্ত সমুদ্র সৈকত, মহেশখালী উপজেলা শহর ও সেন্টমার্টিন দ্বীপ এলাকায় পর্যটন শিল্প বিকাশের জন্য ও সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ন্ত্রনের জন্য "প্রিপারেশন অব

e) Urban Housing policy and programme development (Second Phase), with the help of UNDP, UNCHS (1984-1986)
f) Preparation of Landuse Plan/Master Plan of 392 Paurashava
g) Preparation of Structure Plan, Urban Area Plan & Detailed Area Plan of 50 district Towns (1984-1991)
h) Physical Planning (Landuse) and Development Control Ordinance, March 1985
i) Final report in Physical Planning Legislation, September, 1985
j) Housing Sector Institutional Strengthening Project, with the help of ADB (1992-1993)
k) Urban Shelter Sector Review, with the help of UNDP, UNCHS (1992-1993)

**Recent Achievement:**

**a) Preparation of structure Plan and Action Area Plan for sylhet and Barisal Division town**

Urban Development Directorate has been prepared structure Plan and Action Area Plan for sylhet and Barisal Division town at 2010 and Plan has been published as Gazette Notification by the Ministry of Housing & Public Works at 2011. Main objectives of the project is to Preparation of Structure plan and Area Development Plan, The framing of policies for the best use of land and land use control, Provide of standards for use by local bodies, statutory authorities and government agencies on housing, commercial, industrial, administrative, educational, utility services, open spaces and recreational facilities for next 20 years. By this project it has been taken to assure planned development of 21039 acres land of Sylhet town and 18,670 acres of Barisal town for next 20 years from the year of 2010-2030.

**b) Preperation of Development Plan of Cox's Bazar Town Sea Beach upto Teknaf Project**

Cox's Bazar, is the only sea beach resort town of the country. It is renowned for the sea beach, which is also globally regarded as the longest natural sandy beach. Urban Development Directorate prepared a Master Plan titled **"Preperation of Development Plant of Cox's Bazar Town Sea Beach upto Teknaf"** for development of Cox's Bazar area as a international tourist area at 2011 and Published as Gazette notification by Ministry of Housing & Public works of 2013. By this project it has been taken to assure planned

ডেভেলপমেন্ট প্ল্যান অব কক্সবাজার টাউন এন্ড সী-বীচ আপ টু টেকনাফ" শীর্ষক জাতীয় গুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়নাধীন। ২০ বৎসরের জন্য অর্থাৎ ২০১০ হতে ২০৩০ সাল পর্যন্ত প্রকল্প এলাকার প্রায় ৭৯,৬৫৭ একর জায়গার পরিকল্পিত ভূমি ব্যবহার নিশ্চিতকরণ (চিত্র)। উক্ত প্রকল্পের আওতায় গৃহীত কার্যাবলী নিম্নরূপঃ



চিত্র : প্রকল্প এলাকার মানচিত্র

১) কক্সবাজার শহরের ষ্ট্রাকচার প্ল্যান ও এ্যাকশন এরিয়া প্ল্যান প্রণয়ন।

২) কক্সবাজার হতে টেকনাফ পর্যন্ত ইকোট্যুরিজম এলাকার ষ্ট্রাকচার প্ল্যান ও এ্যাকশন এরিয়া প্ল্যান তৈরী।

৩) কক্সবাজার শহর, কক্সবাজার শহর হতে টেকনাফ পর্যন্ত সমুদ্র সৈকত, মহেশখালী উপজেলা শহর ও সেন্টমার্টিন দ্বীপের ভূমির সর্বোচ্চ ব্যবহার ও নিয়ন্ত্রনের জন্য নীতিমালা তৈরী।

৪) প্রকল্প এলাকায় বীচ ট্যুরিজম কালচারাল ট্যুরিজম, রিক্রিয়েশনাল ট্যুরিজম, সিটি বেজড ট্যুরিজম ও ইকোট্যুরিজমের জন্য উপযুক্ত এলাকা চিহ্নিতকরণ।

৫) প্রকল্প এলাকার উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য কালচারাল প্যাটার্ন ও কোষ্টাল ক্যারেকটারিষ্টিক সমূহ চিহ্নিতকরণ।

৬) বীচ ট্যুরিজম কালচারাল ট্যুরিজম, রিক্রিয়েশনাল ট্যুরিজম, সিটি বেজড ট্যুরিজম ও ইকোট্যুরিজমের বিকাশ ও টেকসই উন্নয়নের জন্য প্রয়োজনীয় নীতিমালা ও কৌশল প্রণয়ন, প্রাতিষ্ঠানিক উন্নয়ন কর্মসূচী গ্রহন ও পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন।

৭) প্রকল্প এলাকার সার্বিক উন্নয়ন, আর্থিক প্রবৃদ্ধি, কর্মসংস্থান, বাসস্থান, উন্মুক্ত স্থান, শিক্ষা, স্বাস্থ্য, বিনোদনে নিয়োজিত বিভিন্ন সরকারী/আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের জন্য Standard Design করা।

৮) প্রকল্প এলাকার উন্নয়ন কর্মকান্ড নিয়ন্ত্রন করা।

**গ) "মাদারীপুর ও রাজৈর মহাপরিকল্পনা প্রকল্পের সংক্ষিপ্ত তথ্যাদি"**

মাদারীপুর ও রাজৈর উপজেলার উন্নয়নের মাধ্যমে জাতীয় ও আঞ্চলিক উন্নয়ন নিশ্চিত কল্পে -Preparation of Structure Plan and Action Area Plan for Madaripur and Rajair Upazila, Madaripur District-নামক প্রকল্পের মেয়াদ ১ জানুয়ারী' ২০১৩ থেকে ৩০ জুন' ২০১৫ সাল পর্যন্ত। মাদারীপুর উপজেলার বর্তমান আয়তন ২৮৫.৬৫ বর্গ কিঃ মিঃ (৭০,৫৫৫ একর) এবং রাজৈর এর বর্তমান আয়তন ২২৯.২৯ বর্গ কিঃ মিঃ (৫৬,৬৩৫ একর)। মাদারীপুর উপজেলার বর্তমান জনসংখ্যা ৩.৪৬ লক্ষ যা ২০৩৫ সালনা গাদ ৫.৯০ লক্ষ হবে এবং রাজৈর উপজেলার বর্তমান জনসংখ্যা ২.২৯ লক্ষ যা ২০৩৫ সাল নাগাদ ৪.৭০ লক্ষ হবে। প্রকল্পের Mobilization Report, Inception Report, Survey Report-I, Survey Report-II, Interim Report, Draft Structure Plan Report, Final Report, Project Completion Report TMC কর্তৃক গৃহীত হয়। পদ্মা সেতু বাস্তবায়নের প্রেক্ষাপটে প্রকল্পটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রকল্পের প্রস্তাবনাসমূহ বাস্তবায়ন কাল বিশ বছর (২০১৫-২০৩৫ সাল)। এটি দুই স্তরবিশিষ্ট পরিকল্পনা যেমন- স্ট্রাকচার প্ল্যান-বিশ বছর মেয়াদী ও এ্যাকশন এরিয়া প্ল্যান- তিন থেকে পাঁচ বছর মেয়াদী। পরিকল্পিত নগরায়নে কৃষি জমি নষ্ট না করেও Compact Development সম্ভব, পরিকল্পিত নগরায়নের মাধ্যমে নগর ও গ্রামীণ জনপদের সকল জনগনের কাছে নাগরিক সুবিধাদি পৌছে দেওয়ার মাধ্যমে সমগ্র

development of 79,657 acres land of Coxbazar town to Sea beach upto Teknaf, Maheshkhali and Saintmartin area for next 20 years from the year of 2011-2031. The main objectives of the project are as follows:

i. Preparation of Structure Plan and Action Area Plan for Cox's Bazar town.

ii. Preparation of Structure Plan and Action Area Plan for Eco-Tourism Area from Cox's Bazar to Teknaf.

*iii.* The framing of policies for the best use of land and land use control for the area of Coxbazar town to Sea beach upto Teknaf, Maheshkhali and Saintmartin area.

iv. Identification of potential areas of beach tourism, cultural tourism, recreational tourism, city-based tourism and eco-tourism etc. including their prospects and development constraints.

v. Identification of cultural pattern and coastal characteristics for preparation of development plan in the area.

vi. Formulation of policy framework and related strategies, institutional development program and environmental management plan for sustainable development of beach tourism, cultural tourism, recreational tourism, city-based tourism and so on


*vii.* Provision of standards for use by local bodies, statutory authorities and government agencies on housing, commercial, industrial, administrative, educational, utility services, open spaces and recreational facilities.

viii. Development Control of the project area

**c) brief information of Madaripur&Rajair Master Plan**

With a view to national and regional development through Madaripur & Rajair Upazila development, a project has been taken named- Preparation of Structure Plan and Action Area Plan for Madaripur and Rajair Upazila, Madaripur District. The duration of the project was from 1st January, 2013 to 30th June, 2015. Current land area of MadaripurUpazila is 285.65 Sq/k.m. (70,555 acre) and land area of RajairUpazila 229.29 square k.m. (56,635 acre). Current population of Madaripur upazila is 3.46 lac which will be 5.90 lac by 2035 and that of Rajair upazila is 2.29 lac which will be 4.70 lac by 2035. Mobilization report, Inception Report, Survey Report-I, Survey Report-II, Interim Report, Draft Structure Plan Report, Final Report, Project Completion Report of the project have been accepted by TMC. This project plays significant role as a background in implementing/ constructing Padma bridge. Preambles of the project implementation duration is twenty years (2015-2035). It's a two phased plan such as- Structural Plan for twenty years and Action Area Plan for three to five years. Planed urbanization ensures Compact Development

উপজেলায় নগর ও গ্রামীণ সমন্বিত পরিকল্পনা প্রণয়ন করা সম্ভব। বর্তমান পরিকল্পনার প্রধান তিনটি ল্যান্ড ইউজ জোন নির্ধারণ করা হয়েছে, যথাঃ নগরায়ন এলাকা (UPA), নগরায়ন নিয়ন্ত্রন এলাকা (UPCA) ও গ্রামীণ জনপদ এলাকা (RSA)। নতুন করে আবাসনের জন্য জমি অধিগ্রহণ না করেও বর্তমান বসতি এলাকায় ঘনত্বায়নের মাধ্যমে ব্যবস্থা নেওয়ার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সে কারণে বর্তমান পরিকল্পনায় নতুন ভাবে জমি অধিগ্রহন না করেও নিবিড় লোকালয় (Compact Settlement) প্রণয়ন-যেমন : (১) অংশিদারিত্বের ভিত্তিতে ভূমি পুনর্বিন্যাস (Land Readjustment) (২) নিয়ন্ত্রিত ভূমি উন্নয়ন (Guided Land Development) (৩) পুণরুন্নয়ন প্রকল্প (Redevelopment Project) -এর ভিত্তিতে পরিকল্পিত আবাসন গড়ে তোলার প্রস্তাব করা হয়েছে। প্রকল্প প্রণয়নে বিভিন্ন সেমিনার/কর্মশালা, ইউনিয়ন পর্যায়ে ২৭ টি কনসালটেশন সভা, সরকারী দপ্তরসমূহের সাথে ০৩ টি কনসালটেশন সভা, মাদারীপুর ও রাজৈর উপজেলা পরিষদ মিলনায়তনে ২০.০৪.২০১৫ থেকে ১৯.০৫.২০১৫ ইং পর্যন্ত ০১ (এক) মাস ব্যাপী গণশুনানি অনুষ্ঠিত হয়েছে। ইউনিয়ন পর্যায়ে ১৮.০৫.২০১৫ ও ১৯.০৫.২০১৫ তারিখে ০২ দিনব্যাপী পরিকল্পনার Database-এর ব্যবহারের উপর প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বিস্তারিত নক্সা প্রণয়নে (Action Area Plan Preparation) স্ট্রাকচার প্ল্যানের গাইড লাইনের ভিত্তিতে ছোট ছোট এলাকার বিস্তারিত নক্সা নগর উন্নয়ন অধিদপ্তর নিজস্ব জনবল দ্বারা অথবা পৌরসভা ও স্থানীয় সরকার দপ্তর সমূহ নগর উন্নয়ন অধিদপ্তরের সহযোগিতায় প্রণয়ন করতে পারবে। মাদারীপুর ও রাজৈর উপজেলার উল্লেখ যোগ্য ১০টি স্থানে বিভিন্ন ধরনের ডিজিটাল বিলবোর্ড যেমন- ভূমি ব্যবহার ম্যাপ, ড্রেনেজ ম্যাপ, প্রস্তাবিত সড়ক নেটওয়ার্ক ম্যাপ প্রকল্প এলাকায় স্থাপন করা হয়েছে। প্রকল্প সংশ্লিষ্ট ওয়েব সাইট www.uddmasterplan.gov.bd এ প্রকল্পের সকল তথ্যাদি আপলোড করা হয়েছে।



চিত্র: রাজৈর উপজেলা স্ট্রাকচার প্ল্যান



চিত্র: মাদারীপুর উপজেলা স্ট্রাকচার প্ল্যান

### ঘ) ময়মনসিংহ স্ট্র্যাটেজিক ডেভেলপমেন্ট প্ল্যান (এমএসডিপি) ২০১১-২০৩১ শীর্ষক প্রকল্প

সিডিএমপি-২ (সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচী) এবং নগর উন্নয়ন অধিদপ্তর যৌথ ভাবে Mainstreaming Disaster Risk Reduction Measures into Comprehensive Landuse Planning and Management এর জন্য বিশ বছর মেয়াদী (২০১১-২০৩১) ময়মনসিংহ পৌরসভা এবং সংলগ্ন এলাকার কৌশলগত উন্নয়ন পরিকল্পনা (Mymensingh Strategic Development Plan-MSDP) ও দীর্ঘ মেয়াদী ভূমি-ব্যবহার ব্যবস্থাপনা প্রণয়নের জন্য সমগ্র দেশে বাস্তবায়নের নিরিখে Model হিসাবে এই পাইলট প্রজেক্ট গ্রহণ করেছে। ময়মনসিংহ শহর বাংলাদেশের মধ্যে সর্বোচ্চ মাত্রার ভূমিকম্প ঝুঁকির মধ্যে অবস্থিত। বাংলাদেশে এই প্রথম বারের মতো ভূমি ব্যবহার পরিকল্পনায় ভূমিকম্পসহ সার্বিক ঝুঁকি হ্রাস বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে, যা থেকে উদ্ভুত ও সংকলিত Planning Module-টি পরবর্তীতে সমগ্র বাংলাদেশে "Risk Sensitive Land Use Plan"

without destroying arable land. Ensuring amenities for town and rustic people by planned urbanization, an integrated plan can be generated at upazila level. Three main land-use zone is selected in current plan such as- UPA, UPCA and RSA. Plan has been taken to increase population density in current residential area rather to acquire new land for accommodation. For this reason, compact settlement can be entitled avoiding new land acquisition under current plan. As example: 1. Land Readjustment 2. Guided land development 3. Redevelopment project planned housing has been established on the basis of this proposal. To implement the project - different seminar/workshop, 27 consultancy meeting at union level, 3 consultation meeting with government office, month long proclamation at Madaripur and RajairUpazilaparishad auditorium from 20.04.2015 to 19.05.2015 has been performed. Training conducted on the use of database at union level for two day long from 18.05.2015 to 19.05.2015. UDD's own manpower or with the coordination of UDD, Pourashava and local government officials can generate detail design under (Action Area Plan Preparation) Structural Plan guideline. Digital bill board like land use map, drainage map, proposed road network map are erected at ten vintage point of Madaripur and Rajairupazila in the project location. all information of the project has been uploaded of the projects website www.uddmasterplan.gov.bd.

### d) Project title: Mymensingh Strategic Development Plan (MSDP), 2011-2031

Compressive Disaster Management Programme (CDMP) II and Urban Development Directorate (UDD) have jointly under- taken a pilot project entitled "Mymensingh Strategic Development Plan (MSDP)," 2011-2031 for "MainstreamingDisaster Risk Reduction Measures into comprehensive land use planning and management" with a view to preparing a long-term land use management system. The plan would be prepare for 20-year time span and would be implemented all are the country as a model.

Mymensingh town is situated within the highest level of seismic risk of Bangladesh. Attempt has been made to integrate comprehensive risk of disaster including earthquake into land use planning for the first time in Bangladesh. A Planning module would be developed following the planning process of the whole planning package, which would be used as a model in

প্রণয়নে মডেল হিসেবে কাজ করবে। তজ্জন্য, MSDP প্রকল্পের মাধ্যমে এ প্রথম কতিপয় Dimension (মাত্রা) কে গুরুত্ব দেয়া হয়েছে।

- ভূ-অভ্যন্তরীণ কাঠামো
- জনগণের অংশ গ্রহণের জন্য PRA (Participatory Rapid Appraisal) পদ্ধতি অবলম্বন
- 3-D (Three Dimensional) GIS Survey
- Social Dynamics of Social Space
- Historical Pattern of Spatial Transformation

প্রকল্প সম্পর্কে সচেতনতা এবং অংশ গ্রহণের নিমিত্তে শিশু-কিশোরদের অংশগ্রহণে আয়োজিত চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগীদের মধ্যে পুরস্কার বিতরনী অনুষ্ঠানসহ অভিভাবকদের অংশগ্রহণের মাধ্যমে PRA কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

উপরন্তু প্রকল্প এলাকাভূক্ত ১০টি ইউনিয়ন এবং ময়মনসিংহ পৌরসভার ২১টি ওয়ার্ডসহ ময়মনসিংহ শহরের আন্তঃজেলা বাস চালক, Chamber of Commerce ও সাংবাদিক, বস্তিবাসী ও NGO এর সাথে মোট ৪২ টি PRA কার্যক্রম সফলতার সাথে সম্পন্ন হয়েছে।




ম্যাপঃ স্ট্রাকচার প্ল্যান (চূড়ান্ত), এমএসডিপি

"ময়মনসিংহ স্ট্র্যাটেজিক ডেভেলপমেন্ট প্ল্যান" শীর্ষক প্রকল্পটিকে ১৯ টি সেক্টরের (যেমনঃ Image, Digitize and Field Cheek, Mouza Map, Agricultural Map, DEM, Geological Map, Soil Map, Tree, Urban Road, Eco Sensitive Land, Mental Map, Network Analysis, Drainage Map, Fire Map, Crime Map, Ecological Sensitive Map, Regional Map, Regional Growth Center, Draft Structure Plan) অধীনে ৩২৬ টি সাব-সেক্টর কার্যক্রম সম্পাদনের মাধ্যমে ২০ বছর মেয়াদী Structure Plan প্রণয়ন করা হয়েছে।

উল্লেখ্য যে, Regional office for Asia and the Pacific (ROAP), UN-Habitat, Asia Habitat Society, Asian Townscape Design Society এবং Fukuoka Urban Research Center এর পৃষ্ঠপোষকতায় আয়োজিত "Townscape Bridging to the future" শীর্ষক Theme এর আওতায় "2014 Asian Townscape Awards" প্রতিযোগীতায় প্রকল্পের তথ্য ও উপাত্ত (Hard Copy এবং Soft Copy) সহ অংশগ্রহণ করে। ফলে, প্রকল্পটি "2014 Asian Townscapes Jury's Award" অর্জন করে।

MSDP প্রকল্পকে মডেল হিসেবে বিবেচনা করে Un-Habitat and ESCAP কর্তৃক যৌথভাবে জাতিসংঘের সহায়তায় Mainstreaming Climate Change into National Urban Policy বিষয়ক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে । Quito, Ecuador এ UN-Habitat কর্তৃক প্রতি ২০ বছর পর পর অনুষ্ঠিতব্য নগরায়ন বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনে "Mymensingh Strategic Development Plan (MSDP), 2011-2031" প্রকল্পের যাবতীয় কর্মকান্ড উপস্থাপনের করা হয়। প্রকল্পের সমগ্র তথ্য উপাত্ত MSDP প্রকল্পের নির্ধারিত ওয়েব সাইটে (www.msdp.gov.bd) জনসাধারনের সুবিধার্থে উন্মুক্ত করা হয়েছে। প্রকল্পটির কার্যক্রম সেপ্টেম্বর, ২০১৫ সালে সমাপ্ত হয়েছে।

সর্বোপরি এ প্রকল্পের পরিকল্পনার আওতায় ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের কার্যালয় এবং বিভাগীয় শহর গড়ে তোলার সিদ্ধান্ত গৃহীত হয়।

preparation of disaster risk sensitive land use plan. For this reason the follow dimensions have been introduced into land use planning for the first time in Bangladesh.

- Geo-morphological Structure
- PRA (Participatory Rapid Appraisal)
- 3-D (Three Dimensional) GIS Survey
- Social Dynamics of Social Space
- Historical Pattern of Spatial Transformation

Meanwhile, a Children art competition and an essay competition for adolescent have been arranged for building awareness relating to the theme of the project and project activities as well. Not only the prize distribution ceremony of the both art and eassy competition already been arranged but also a PRA session with the participating guardians also been conducted by the project team.

Moreover, PRA sessions have been conducted at 10(ten) unions and municipality (21 wards) with the local level authority. Furthermore other PRA Sessions were conducted with the Bus-Driver of Mymensingh, chamber of commerce (MCC) and with the Journalist, NGO, Slumdewellers and Civil Societyof Mymensingh. Total 42 PRA was successfully completed.

Under the 19 sector (Image, Digitize and Field Cheek, Mouza Map, Agricultural Map, DEM, Geological Map, Soil Map, Tree, Urban Road, Eco Sensitive Land, Mental Map, Network Analysis, Drainage Map, Fire Map, Crime Map, Ecological Sensitive Map, Regional Map, Regional Growth Center, Draft Structure Plan) 326 sub-sector used to prepare the Structure plan for 20-year time span.

Moreover, MSDP project achieves the 2014 Asian Townscape Jury's Award. Organized by four organizations. They are Regional office for Asia and the Pacific (ROAP), UN-Habitat, Asia Habitat Society, Asian Townscape Design Society and Fukuoka Urban Research Center.MSDP project participated in the competition with its all information.

Considering the MSDP Project UN-Habitat and ESCAP have jointly decided to start the project on "Mainstreaming Climate Change into National Urban Policy."Besides UN-Habitatdecided to all activity of this projecthas been presented the international conference on urban development at Quito, Ecuadorwhich is held on after every 20 years.All data and information about the project is available for all in the project website (www.msdp.gov.bd). The project activity is scheduled to be completed by September' 2015.

Above all divisional commissioner office and new divisional town is going to established as per structure plan of this project.

**ঙ) প্লাবন তীব্রতা বিবেচনা করে বেনাপোল-যশোর হাইওয়ে করিডোর পরিকল্পনায় কৌশলগত দিকনির্দেশনা**

১.০ অবস্থানগত কারনে বাংলাদেশ দক্ষিণ-পূর্ব এশিয়ার যোগাযোগের আঞ্চলিক কেন্দ্রে পরিনত হবার বিশাল সম্ভাবনা রয়েছে। আঞ্চলিক সংযোগের সাথে সংশ্লিষ্ট সড়ক, রেল ও পানি পথের সাথে গ্রামীন ও নগর কেন্দ্রগুলোর সার্বিক উন্নয়নের সম্ভাবনাকে বাস্তবায়নের জন্য আশু পদক্ষেপ প্রয়োজন। বেনাপোল-যশোর হাইওয়ে করিডোর উন্নয়ন পরিকল্পনা যোগাযোগ ব্যবস্থার আধুনিকায়ন এবং একাধারে এশিয়ান হাইওয়ে ও রেলপথের সাথে সমন্বয়ের একটি পদক্ষেপ। পশ্চিম বাংলা ও উত্তর পূর্ব ভারতের ট্রানজিট তথা দক্ষিণ পূর্ব এশিয়ায় অবস্থিত চিনের ইউনান প্রদেশ পর্যন্ত সংযোগ নির্ভর করছে বাংলাদেশকে সড়ক যোগাযোগের কেন্দ্র হিসেবে রুপান্তর করনের উপর, যেখানে আঞ্চলিক সংযোগের আওতায় নেপাল ও ভূটানকে অর্ন্তভূক্ত করা সম্ভব।

১.১ এ জন্য এই প্রকল্পের আওতায় এশিয়ান হাইওয়ের বেনাপোল-যশোর অংশের চারটি নগরকেন্দ্র ও সংলগ্ন গ্রামীন জনপদ নিয়ে কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করা হচ্ছে যেখানে একাধারে ভূমি ব্যবহার, স্থানীয় ও আঞ্চলিক পরিবহন ও স্থানীয় জনগোষ্ঠির কর্মকান্ড জীবনযাত্রার ক্ষেত্রে প্লাবনের তীব্রতা বিবেচনায় নেয়া হচ্ছে।

২.০ স্থানভেদে প্লাবন তীব্রতা ঝিকরগাছায় কপোতাক্ষের ও নাভরনে বেতনা নদীর Water level data থেকে বেনাপোল-যশোর হাইওয়ে করিডোরের ২.৩৩, ৫, ২০, ৫০ ও ১০০ বছর রির্টান পিরিওড বিবেচনা করে স্থানভেদে প্লাবনের তীব্রতা নিরুপন করা হয়েছে। পরিকল্পিত উন্নয়নের জন্য বিদ্যমান জনবসতি, অবকাঠামো ও সংলগ্ন ভূমি কোন মাত্রার বন্যায় কি পরিমান বন্যা দুর্যোগের শিকার হচ্ছে বা কি পরিমানে প্লাবিত হচ্ছে তা নিরুপন একান্ত জরুরী। বন্যার তীব্রতা বিশ্লেষনের মাধ্যমে বন্যার স্থানিক ব্যাপ্তি ও তীব্রতা অনুধাবন সম্ভব (ছক-১ ও ম্যাপ-১)।

ছক-১: বেনাপোল-যশোর হাইওয়ে করিডোরের রির্টান পিরিয়ড ভিত্তিক বন্যা বিশ্লেষন

| রির্টান পিরিয়ড (বছর) | ২.৩৩ | ৫ | ২০ | ৫০ | ১০০ |
|---|---|---|---|---|---|
| ঝিকরগাছায় পানির স্তর (m PWD) | ৪.৭৭ | ৫.২৫ | ৫.৯১ | ৬.২৭ | ৬.৫৩ |
| প্লাবিত স্থানের শতকরা হার (%) | ৪১.৬৫ | ৫৫.৫৪ | ৭৪.৩৬ | ৮৫.৩১ | ৯২.৪৫ |

**২.১ ২.৩৩ বছর রির্টান পিরিওডের বন্যাঃ** উপরে ছক (১) থেকে দেখা যায় ২.৩৩ বছর রির্টান পিরিওডের গড় বাৎসরিক বন্যায় বেনাপোল-যশোর হাইওয়ে করিডোরের ৪১.৬৫% স্থান প্লাবিত হয়। যেখানে রয়েছে জলভূমি, বোরো চাষের জমি, মৎস্য চারনক্ষেত্র, জলজ প্রানীর অভয়ারন্য, জলাশয়, হাওর-বাওর-বিল, নদী, খাল, বন্যা প্রবাহ চ্যানেল ইত্যাদি। পুষ্টি ও খাদ্য নিরপত্তা, বাস্তুসংস্থান ও পরিবেশের ভারসাম্যের সাথে এই ধরনের স্থানে কোন পরিবর্তনের গ্রহনযোগ্য নয় এবং সংরক্ষন বিবেচ্য। তথাপি, এ ধরনের স্থানে বিনোদনের জন্য উন্মুক্ত স্থান, সবুজায়ন, পার্ক ইত্যাদি প্রস্তাব বিবেচনা করা যেতে পারে।

**২.২ ০৫ বছর রির্টান পিরিওয়ডের বন্যাঃ** ০৫ (পাঁচ) বছর রির্টান পিরিওডের বন্যায় এই হাইওয়ে করিডোরের ৫৫.৫৪% এলাকা প্লাবিত হবে, যা ২.৩৩ রির্টান পিরিওডের এলাকার চেয়ে ১৩.৪৮% বেশী। এই এলাকাটিতেও জলভূমি, জলাশয়, প্লাবনভূমি এবং আউস, আমন ক্ষেতসহ অন্যান্য কৃষিজমি রয়েছে। এই এলাকটিতে সেচ ও কৃষি কাজ ব্যতিত অন্য কোন বৃহৎ কার্যক্রম গ্রহনযোগ্য হওয়া উচিৎ নয়।

**e) Flood Inundation as Strategic Guidelines for Planning Benapole-Jessore Highway Corridor**

1.0 Bangladesh is uniquely placed in the southeast region and bears high possibility to become a regional hub. It needs intervention for exploring opportunity through the development of each and every sector like road, rail, waterway together with rural and urban hub related with regional connectivity. Benapole-Jessore Highway Corridor Development is a venture of such type to modernize our traffic movement and consequently turn into an establishment fit for connectivity with the Asian Highway and Railway. For this Bangladesh, at the end, should be converted into the transport hub of land routes, connecting Yunnan Province of China (South East Asia) with South Asia where transit traffic between west Bengal and North East India across Bangladesh could be viewed as a part of such programme of improved regional connectivity encouraging and involving Nepal and Bhutan.

1.1 For this, under the strategic plan, part of Asian highway starting from Benapole ended up to Jessore covering four urban centres with rural settlements, land use, local and regional transportation, local peoples livelihood are observed regarding livelihood.

**2.0 Flood Zoning** Flood analysis of the Jessore-Benapole Highway Corridor using existing water level data at Kobadak at Jhikargacha and Betna at Navaron for return period of 2.33 year, 5.0 year, 20 year, 50 year and 100 year has been carried out and inundations for those floods of return periods are estimated. They show existing development areas, settlements, infrastructures, the total corridor etc. are supposed to be under floodwater creating many kinds of hazards which need to be taken into consideration for planning and development purposes. The flood analysis results are shown in Map I and Table I, from where the extent and severity of inundation of the corridor might be apprehended.

Table I: Flood analysis of the Jessore-Benapole Highway Corridor showing return period

| Return period (year) | 2.33 | 5 | 20 | 50 | 100 |
|---|---|---|---|---|---|
| Water Level (m PWD) at Jhikargacha | 4.77 | 5.25 | 5.91 | 6.27 | 6.53 |
| Percentage of area inundated | 41.65 | 55.54 | 74.36 | 85.31 | 92.45 |

**2.1 Flood of 2.33 year return period:** The Table 1 shows that for a normal flood (average annual) of 2.33 year return period, 41.65% of the study area under Jessore-Benapole Highway Corridor would be inundated, which comprises wetlands including boro cultivation, fish habitats, fish sanctuary, water bodies, haor-baor-beel, river, khal, flood flow channels etc. This area should come under conservation area and not to be intervened for ensuring food security, nutrition and ecological and environmental balance. On the other hand, this are may include open space for recreation, vegetations, parks etc.

**2.2 Flood of 5 year return period:** For a flood of 5 year return period, 55.54 % of the study area under the Corridor would be inundated, which means that additional 13.89% of land will be inundated in comparison to 2.33 year return period. It also comprises wetlands, water bodies, and flood plain for cultivation of aus and aman and other agricultural crops. This land should not be intervened except irrigation and agricultural activities.

**২.৩ ২০ বছর রির্টান পিরিওডের বন্যাঃ** ২০ বছর রির্টান পিরিওডের বন্যায় এই করিডোরের ৭৪.৩৬% স্থান প্লাবিত হবে। যাতে পূর্ববর্তী ৫ বছর রির্টান পিরিওডের বন্যার চেয়ে ১৮.৮২% অতিরিক্ত স্থান প্লাবিত হবে। এই অতিরিক্ত স্থানে গ্রামীন জনবসতিসহ বন্যায়ন, গ্রোথ সেন্টার, গ্রামীন অবকাঠামো ইত্যাদি থাকা উচিত। ২০ বছর রির্টান পিরিওড প্লাবনের আওতাধীন এলাকা নগরায়নের জন্য উপযুক্ত নয়।


**২.৪ ৫০ বছর রির্টান পিরিওডের বন্যাঃ** ৫০ বছর রির্টান পিরিওডের বন্যায় সমীক্ষা এলাকা ৮৫.৩১% স্থান প্লাবিত হবে যাতে ২০ বছরে রির্টান পিরিওডের বন্যার চেয়ে ১০.৯৫% অতিরিক্ত স্থান প্লাবিত হবে। ৫০ ও ২০ বছরের রির্টান পিরিওডের অন্তবর্তী এলাকাতে নগর অবকাঠামো, শিল্প, বাণিজ্যসহ শহরের কেন্দ্রীয় এলাকা থাকা উচিত ।

**২.৫ ১০০ বছর রির্টান পিরিওডের বন্যাঃ** ১০০ বছর রির্টান পিরিওডের বন্যায় সমীক্ষা এলাকার ৯২.৪৫% স্থান প্লাবিত হয়ে যাতে পূববর্তী রির্টান পিরিওড বন্যার চেয়ে আরো ৭.১৪% স্থান প্লাবিত হবে। জাতীয় মহাসড়ক ও রেলপত্র ৫০ ও ১০০ বছর রির্টান পিরিওডের অর্ন্তবর্তী স্থানের অর্ন্তভূক্ত।

**৩.০ কাঠামোগত পরিকল্পনায় জোন প্রকরন ঃ** বেনাপোল-যশোর করিডোর উন্নয়ন পরিকল্পনায় প্লাবনের ধরন বিবেচনা করে দূর্যোগ প্রশমনের দিক নির্দেশনা অনুসরন করা হয়েছে। এই প্রক্রিয়াতে, স্থান ভেদে বন্যার তীব্রতা না কমিয়ে; বরং প্লাবনের তীব্রতা ভেদে ভূমি ব্যবহার প্রস্তাব করা হয়েছে। যখন স্থানভেদে প্লাবনের তীব্রতা কমবেশী, তখন এ ধরনের কৌশল প্রয়োগ সম্ভব।

**৩.১ সংরক্ষন এলাকা ঃ** জলাশয় প্রানের উৎস। এজন্য সকল বিদ্যমান প্রবাহমান পানি পথ, নদী, হ্রদ ও পুকুর সংরক্ষন হওয়া প্রয়োজন। প্লাবন তীব্রতা বিশ্লেষন করে জলাশয়ের সীমানা ও প্লাবনের মাত্রা নির্ধারন করা উচিৎ। জলাধার এবং পারিপার্শ্বিক স্থানের যে পর্যন্ত প্লাবিত হয় সেখানে কোন ইমারত নির্মানের অনুমোদন দেয়া অনুচিৎ। তবে, ব্যাতিক্রমে মৎস্য শিকার, নৌকায় চড়া, জলাধার বা নদীর পারে পিকনিকসহ এ ধরনের বিনোদন মূলক কার্যক্রম অনুমোদন করা যেতে পারে। মৎস্য শিকারের প্লাটফরম, নৌকা ঘাট A জেটি, বৃষ্টি থেকে বাঁচার আচ্ছাদন এই জোনের উপযোগী স্থাপনা হিসেবে গন্য করা যেতে পারে। এই জোন নিয়মিত বন্যা প্লাবিত (২.৩৩ বছর রির্টান পিরিওডের বন্যা)। এর বৈশিষ্ট্যসমূহ সংরক্ষণ করা প্রয়োজন। জমির বৈশিষ্ট্য পরিবর্তন না করে কৃষি সংক্রান্ত কার্যক্রম অনুমোদিত হিসেবে বিবেচিত হবে। কোন অবস্থাতেই প্রাকৃতিক পানি প্রবাহ বাধাগ্রস্থ করা যাবে না।

**৩.২ কৃষি এলাকা ঃ** উর্বর কৃষিজমি (২.৩৩ হতে ৫ বছর রির্টান পিরিওড প্লাবিত), বিদ্যমান বনভূমি (সবুজায়ন) এবং মৎস্যচাষ



ম্যাপ-১

**2.3 Flood of 20 year return period:** For a flood of 20 year return period, 74.36 % of the study area under the Corridor would be inundated, which means that additional 18.82% of land will be inundated in comparison to 5 year return period. This additional area comprises rural settlements, homesteads, rural growth centers, rural infrastructures like rural roads connecting growth centers, union parishad head quarters, farm lands, crops, homestead forests, etc. The land under these category (2.33, 5, 20 year return period flooding) should not be proposed for urban development.

**2.4 Flood of 50 year return period:** For a flood of 50 year return period 85.31 % of the study area under the Corridor would be inundated, which means that additional 10.95 % of land will be inundated in comparison to 20 year return period. This additional area comprises urban area, commerce and industry, urban infrastructure, etc.

**2.5 Flood of 100 year return period:** For a flood of 100 year return period, 92.45 % of the study area under the Corridor would be inundated, which means that additional 7.14 % of land will be inundated in comparison to 50 year return period. This area comprises National highway, railway, power plants and higher order relief and rehabilitation activities, etc.

**3.0 Zoning in Structure Plan :** Development Plan for Jessore-Benapole Corridor proposes hazard mitigation guidelines considering hydrological situation. Flood and Land Zoning is related to high tide level or high flood level. In this option, risks are reduced not by hazard proneness of the site, but by changing the functional characteristics of the hazard area. This can be applied when the hazard proneness of the sites varies within planning area.

**3.1 Conservation Zone:** Water bodies are our life providers. So, all existing water courses, rivers, lakes, tanks should be protected. The boundary of water bodies and inundation should be delineated as per flood analysis. No construction should be permitted in water bodies' premises and the water spreads. Fishing activities, boating and picnics along the river banks, recreational activities are considered as only exceptions. Platforms for fishing and rain shelters, jetties for boating should be considered as friendly structures. This area is the most frequently flooded area (2.33 year return period flooding). Characteristics of this area need to be preserved. However, the existing rural homesteads located in this zone should not be evicted or allowed to be expanded. Agricultural activities are allowed in this zone without changing the characteristics of land. Natural flow of water should not be interrupted under any circumstances.

**3.2 Agricultural Zone:** The prime fertile agricultural land (within 2.33 to 5 years return period inundation), existing

খাদ্য নিরাপত্তার অন্যতম উৎস। এজাতীয় কৃষিজমি ও গ্রামীন ভূমি ব্যবহার সংরক্ষন করা প্রয়োজন এবং শহরায়নের আওতায় আনা অনুচিৎ। এই জোনে কৃষি, ফলজ বৃক্ষায়ন, উদ্যান, নার্সারী, পশুপালন, পোল্ট্রি, খামারবাড়ী, মৎস্যচাষ, কুটিরশিল্প ইত্যাদি অনুমোদন প্রদান করা যেতে পারে। এটি পূর্ণাঙ্গভাবে কৃষি কাজের জন্য নির্ধারিত। কৃষি সহযোগী কার্যক্রম যেমন হিমাগার, সারের গুদাম, শস্যগুদাম এখানে অনুমোদন প্রদান করা যায়।

**৩.৩ গ্রামীন বসতি এলাকা :** গ্রামীন জনবসতিগুলো গ্রামীন জীবনযাত্রার কেন্দ্র বা বিদ্যমান গ্রামীন সংস্কৃতি ও বস্তুসংস্থানকে ধারন করে এবং একই সাথে কৃষিপন্যের উৎপাদনকে নিশ্চিত করে। এই পরিকল্পনার আওতায় ৫ হতে ২০ বছর রিটার্ন পিরিওডের আওতায় প্লাবিত স্থানকে গ্রামীন জনবসতির উপযুক্ত স্থান হিসেবে প্রস্তাব করা হয়েছে। গ্রামীন গৃহ, কৃষি ও সহযোগী পরিসেবা যা জীবনযাত্রার মানকে উন্নত করে, তা ব্যতিত অন্য কোন কার্যক্রম এখানে অনুমোদন প্রদান অনুচিৎ হবে। প্রয়োজনীয় জনসংখ্যা ইতিমধ্যে এখানে অবস্থান করছে।

**৩.৪ নির্ধারিত শহর এলাকা :** এই পরিকল্পনার আওতায় ২০ বছর রিটার্ন পিরিওডের বন্যায় প্লাবিত এলাকার চাইতে উচু ভূমিকে শহর ও নগর প্রবর্ধক এলাকা হিসেবে প্রস্তাব করা হয়েছে। এই এলাকায় যশোর, বেনাপোল ও ঝিকরগাছা নামক তিনটি পৌরসভা আছে। এটি আশা করা হচ্ছে যে, বিদ্যমান স্বল্প জন ঘন বসতিপূর্ন এই নগরসমূহ ভবিষ্যতে বাড়তি জনগোষ্ঠিকে ধারন করবে। নিরাপত্তা, সহজ যোগাযোগ, টেকসই পরিবেশ এবং স্বাস্থ্যকর আবাসিক পরিবেশের জন্য এই নগরকেন্দ্রসমূহের পরিকল্পনা তৈরী করা হচ্ছে। উপরন্তু, এই শহরগুলো হলো প্রধান কর্মকেন্দ্র ও উচ্চস্তরের বাণিজ্যিক স্থাপনা, দূষনমুক্ত সবুজ শিল্প, মাষ্টারপ্ল্যানে নির্দেশিত মিশ্র/বহুমাত্রিক ব্যবহার ও নগর অবকাঠামোর ধারক। এই করিডোরের নগরকেন্দ্রগুলিতে পন্যসমূহের একধরনের যানবাহন হতে অন্যধরনের যানবাহনে প্রতিস্থাপনের ব্যবস্থা থাকা উচিৎ। বিভিন্ন ধরনের যানবাহনের ট্রানজিট কেন্দ্র হিসেবে এটি কাজ করবে।

**৩.৫ নগর প্রধান এলাকা :** বিদ্যমান নগর সমূহের বাইরে ২০ বছর রিটার্ন পিরিওড বন্যার আওতা বর্হিভূত কিছু এলাকাতে কেন্দ্রিভূত অর্থনৈতিক কর্মকান্ড দেখা যায়। এসব স্থান ভবিষৎ নগরায়নের জন্য উচ্চ সম্ভাবনাপূর্ন। এই এলাকগুলো তুলনামূলকভাবে বন্যা মুক্ত। এই পরিকল্পনার আওতায় বিদ্যমান শহর এলাকা পরিকল্পনায় (২০২৭) এর মেয়াদ শেষ হলে এগুলোর বিস্তারিত পরিকল্পনা প্রণয়ন করা হবে।

**৩.৬ প্রবেশাধিকার সংরক্ষিত এলাকা :** যশোর শহরের পশ্চিমে যশোর সেনানিবাস। সেনানিবাসের পশ্চিমে যশোর বিমানবন্দর। ইমারতের উচ্চতার ক্ষেত্রে বিমান বন্দর সংলগ্ন এলাকার বিধি নিষেধ রয়েছে। এজন্য এই জোনের পারিপার্শ্বিক ভূমি ব্যবহার গ্রামীন/কৃষি সংরক্ষন হওয়া উচিৎ।

৪.০ একই সাথে এই প্ল্যানের আওতায় জাতীয় মহাসড়কটি ছয়

plantations and aquaculture areas provide the major services for food security. These existing agricultural/rural land use activities should be kept intact, and urbanization should not be allowed. The permissible major uses are like: agriculture, horticulture, orchards and nurseries dairy and poultry, farm housing, fish farming, cottage industry. This area is totally dedicated for agricultural activities. Some agro-supporting activities like cold storage, Fertilizer storage, mini godown etc may be allowed in this area.

**3.3 Rural settlement Zone:** Rural settlements are the hub of rural livelihood which contains traditional culture as well as ecology and generates agriculture production. Low density rural settlements are composite hub for rural livelihood. In this plan, the areas within 5 to 20 years return period inundation are proposed for rural settlement. Other than dwellings, agricultural and related facilities that enhance livelihood, nothing should be allowed in this area. As required amount of manpower is already available in the designated areas.

**3.4 Designated Urban Areas:** In this plan, the areas over 20 years return period inundation are proposed for urban and urban promotion. There are three pourashavas in the project Area, namely Jessore, Jhikorgacha and Benapole. With much lower current density, it is expected that these areas would be able to host the increased population in the years to come. Plan of these urban centers are prepared to ensure safe, easily accessible, environmentally sustainable and healthy living environment. These areas are also the main centers of employment and economy with various types like higher order commercial establishments, specific non-polluting green industrial establishments, mixed/multiple uses in the concerned master plans, urban infrastructure etc. The corridor is supposed to have interchange of goods from one mode of transport to another mode of transport especially through these nodal points. The corridor would act as a transit hub among different modes of transport.

**3.5 Urban Promotion Area:** Apart from the designated urban areas within areas over 20 years return period inundation, there are many places where economic agglomeration can be observed. These areas have very high potentiality for future urban formation. These areas are relatively flood free. Detailed plan for these areas should not be developed under this corridor plan, after the expiration of the current urban area plan (2027).

**3.6 Restricted Area:** Jessore Cantonment is located on the west by the Jessore town. The Airport is also located by the west of the cantonment. The airport has some restriction over the surrounding lands in regards of building heights. On the other hand, the cantonment is a key point installation. For, this surrounding, land use should be kept a rural/ agriculture/ conservation.

4.0 In addition to above land zoning the plan proposes the

লেনে উন্নত করনের প্রস্তাব রয়েছে, যার দু'টি প্রান্তীয় লেন স্থানীয় যানবাহনের জন্য পৃথক রাখা হয়েছে, যাতে এরা হাইওয়ের যানবাহনের সাথে মিশ্রিত না হয় এবং মহাসড়কের দ্রুতগতি বজায় রাখা সম্ভব হয়। অন্যদিকে এর সাথে কয়েকটি গ্রোথ সেন্টার সংযোগকারী রাস্তা প্রশস্ত করনের প্রস্তাব করা হয়েছে। যাতে স্থানীয় যানবাহন মহাসড়কে আসতে নিরুৎসাহিত হয়। এ প্রক্রিয়াতে দীর্ঘ সময়ের ধারাবাহিকতায় জাতীয় মহাসড়কের দুপাশে গড়ে ওঠা অর্থনৈতিক কর্মকান্ডসমূহ গ্রোথ সংযোগকারী সড়কসমুহে স্থানান্তরিত হবে বলে আসা করা যায়।

### চ) পাহাড় ধ্বস এর কারণ ও প্রতিকার অনুসন্ধান : ১৪ উপজেলা প্রকল্পের অভিজ্ঞতা

জার্মান ভিত্তিক আন্তর্জাতিক সংস্থা জার্মান ওয়াচ গত ১৯ বছর ধরে দুর্যোগের সংখ্যা, মৃত্যু, ক্ষয়ক্ষতির মোট হিসাবের ভিত্তিতে বৈশ্বিক জলবায়ু ঝুঁকি সূচক-২০১৮ শীর্ষক প্রতিবেদন প্রকাশ করে আসছে। তাতে দেখা যায়, এবারও বাংলাদেশ ষষ্ঠ অবস্থানে রয়েছে। প্রতিবেদনে বাংলাদেশের জলবায়ু পরিবর্তন সম্পর্কে বলা হয়েছে যে, ১৯৯৭ থেকে ২০১৬ সাল পর্যন্ত সময়ে জলবায়ু পরিবর্তন জনিত দুর্যোগে মোট ৮৫৯ জন মারা গেছেন। ওই সময়ে আর্থিক ক্ষতি হয়েছে ২ লাখ ৩১ হাজার  কোটি ডলার। আর মোট ১৮৭টি দুর্যোগ বাংলাদেশে আঘাত এনেছে। এসব দুর্যোগের মধ্যে বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস ও পাহাড় ধ্বস প্রধান। জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশের বন্যা আগের চেয়ে তীব্র হচ্ছে। অসময়ের বন্যায় ক্ষতিগ্রস্ত হচ্ছে মানুষ। চলতি বছরের বন্যায় ৩২  জেলায় ৮০ লাখ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে। আর বন্যায় ১৪৫ জন ও পাহাড় ধ্বস শতাধিক ব্যক্তি মারা গেছে।

বাংলাদেশের পার্বত্য এলাকায় ভূমিধ্বস এখন নিয়মিত একটি ঘটনা। পাহাড় কর্তন, বালু উত্তোলন কিংবা পাহাড়ে বসতি স্থাপনের মধ্য দিয়া গত কয়েক দশকে কক্সবাজার ও পার্বত্য চট্টগ্রামের অনেক পাহাড়ই অত্যন্ত নাজুক হইয়া পড়িয়াছে। ইহার ফলে প্রতি বৎসরই ঘটিয়া চলিতেছে পাহাড়ধ্বসের দুর্ঘটনা। কেবল কক্সবাজার জেলাতেই গত সাত বৎসরে পাহাড়ধ্বসে প্রাণহানি হইয়াছে দুই শতাধিক মানুষের। সাম্প্রতিক সময়ে বড় ধরনের ভূমিধ্বস ঘটে ২০০৭ সালে। সে ঘটনায় মৃতের সংখ্যা ১২৭ জন। এরপর ২০০৮ এবং ২০১১ সালে স্বল্প মাত্রার কিছু ভূমিধ্বস ঘটে। এই ভূমিধ্বসগুলোতে প্রাণহানি সংখ্যা কম ছিল। রাঙ্গামাটি, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, চট্টগ্রাম এবং মৌলভীবাজার জেলায় ভূমিধ্বস সংঘটিত হয়।

National highway to be upgraded upto six lane, within which, peripheral two lanes are proposed to be separated for local vehicles, not to be mixed with through transit traffic and keep the national high way for high speed. Moreover, the plan proposed widening of several growth center connecting road, to prevent the local traffic not to enter in the highway. In the long run, the economic activities developed by the side of national highway may be encouraged to be shifted by the side of growth centre connecting road.

### f) Investigation of Landslide Causes and Possible Remedies: Experience from 14 Upazila Project

German Watch, an International German based organization has published Global Climate Change Vulnerability Indicator-2018 report which considers number of disaster events, casualties and the total amount of losses due to these disasters. They have been doing this for the last 19 years. It has been found that Bangladesh is in position $6^{th}$ in their ranking of most disaster prone/affected country in the world. The report says that since 1997 to 2016, around 859 people died due to disasters mostly occurred from climate change induced disasters. During that period, the financial loss occurred was around two lakh 31 thousand US dollars. In total 187 number of disasters hit Bangladesh where flood, cyclone, tsunami, tidal surges and landslide were prominent. It has been observed that flood condition has become more severe than before due to climate change. People are affected by advance or irregular flooding situation. This year, about eighty lakh has been affected by flood in thirty districts. 145 people died due to flood and more than hundred people killed in landslides at different hilly parts of the country.

It has become a common phenomenon of land sliding in hill tracts areas Bangladesh in recent time. Cutting of hills, excavation of sand and/or building human settlements at hills etc. have given a bleak look of most of the hilly areas of Cox's Bazar and Chittagong Hill Tracks districts. Consequently, landslides at hill have been occurring every year. Only in Cox's Bazar district, more than two hundred people were killed in last seven years due to landslides at hilly parts of this district. The very recent severe incident took place in 2007. During that period, the death toll was 127. After that there were also some landslide events in 2008 and 2011 which were less severe in comparison to the earlier ones in terms of human casualties. Most of the landslide event occurred in Rangamati, Cox'sBazar, Bandarban, Khagrachori, Chittagong and MouloviBazar of Sylhet district.

## প্রারম্ভিক

## Introduction

এসব জেলায় ২০১৭ সালের জুলাই মাস পর্যন্ত ভূমিধসে মৃতের সংখ্যা ১৭৫। জলবায়ু পরিবর্তনের কারণে অতিরিক্ত বজ্রসহ বৃষ্টিপাত ও অপরিকল্পিত পাহাড় কাটার কারণে ১৩ জুন ২০১৭ ইং তারিখে রাঙ্গামাটিতে ভয়াবহ পাহাড় ধসের ঘটনা ঘটেছে। আবহাওয়া অধিদপ্তর সূত্রে জানা যায় , ২০১৭ সালের জুলাই মাসে স্বাভাবিকের চাইতে বৃষ্টিপাত হইয়াছে ৪৯ শতাংশ বেশি। রাঙ্গুনিয়া উপজেলার ইসলামপুর ইউনিয়নের মগাছড়িতে ৮ (আট) জন এবং রামু উপজেলার দক্ষিণ মিঠাছড়ি ইউনিয়নের চাইন্দাতে ২ (দুই) জন পাহাড় ধ্বসে মারা যায়।

**রামু ও রাঙ্গুনিয়া উপজেলার অভিজ্ঞতা ঃ** "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস" শীর্ষক প্রকল্পের আওতায় প্যাকেজ-৫ (রাঙ্গুনিয়া-উপজেলা, জেলা-চট্টগ্রাম ও রামু-উপজেলা, জেলা-কক্সবাজার) এর প্রকল্প এলাকায় সম্প্রতি Hill slide & Flash Flood জনিত দূর্যোগ প্রবণ এলাকাসমূহ সরেজমিনে পরিদর্শন কাজে অফিস স্মারক নং-২৫.৪৫.০০০০.০০০. ১৪.০১৩.১৭.৮/২৮ তারিখ: ২৯/০৯/২০১৭ মোতাবেক গত ১০/০৯/২০১৭ ইং তারিখে হতে ১২/০৯/২০১৭ইং তারিখ রাঙ্গুনিয়া-উপজেলা, জেলা-চট্টগ্রাম ও গত ১৩/০৯/২০১৭ ইং তারিখে হতে ১৬/০৯/২০১৭ ইং তারিখ পর্যন্ত রামু- উপজেলা, জেলা-কক্সবাজার প্রকল্প এলাকায় ভ্রমণ করে সরেজমিনে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন এবং এলাকাবাসীর সাথে কথা বলা হয়। পরিদর্শনে যে তথ্য উঠে আসে তা হলো পাহাড়ের পাদদেশে বসতি গড়ে তোলা এবং অনেক ক্ষেত্রেই পাহাড়ের পাদদেশ কেটে সমতল করে বাড়ি তৈরী করা হয়েছিল। অতিবৃষ্টিতে পাহাড়ের উপরিস্থিত দূর্বল অংশের ধ্বস গড়িয়ে এসে মাটি চাপা দেয় পাদদেশের বাড়ীঘর এবং মৃত্যুর কারণ হয়। RTK GPS রিডিং এবং GIS এ Satelite Image এ পাহাড়ের Cover বিশ্লেষণ করে দেখা গেছে যে, পাহাড়ের যে, উচ্চতর অংশ হতে ভূমি ধ্বস হয়েছে তা প্রায় ৩ হতে ৪ গুণ দূরত্বে Slurry আকারে কাদামাটি অতি অল্প সময়ে গড়িয়ে এসে মাটি চাপা দিয়েছে সন্নিকটবর্তী ঘরগুলো ফলে একটি Safe Buffer Zone চিহ্নিত করা গেছে যার মধ্যে বসতি গড়তে দেয়া অত্যন্ত ঝুঁকিপূর্ণ হবে। ১৪ উপজেলার রামু ও রাঙ্গুনিয়া উপজেলার বাপড়ী এলাকার No Development Set Back প্রস্তাব করা হয়েছে।

**রামু ও রাঙ্গুনিয়া উপজেলার পাহাড় ধ্বস চিহ্নিত করণের কিছু স্থির চিত্র পাহাড় ধ্বস হতে নিরাপদ থাকার কতিপয় সুপারিশ সমূহঃ**

১। পার্বত্য জেলা রাঙ্গামাটি, বান্দরবানে বিদ্যমান সড়কের সর্বাধিক ঢালু অংশ এবং বাঁক খাওয়া অংশের ড্রেনেজ ব্যবস্থা উন্নতকরণ, ডিটেইল্ড ড্রেনেজ ডিজাইন করা, মাটির জিওটেকনিক্যাল অনুসরণ করা এবং পাইলিংসহ রিটেনিং ওয়াল করা।

২। পার্বত্য রাস্তার ড্রেন গুলোর পলি বা মাটি জমা নিয়মিত পরিষ্কার করা বিশেষ করে বর্ষা মৌসুমে।

৩। পাহাড়ী ছড়াগুলোর সাথে ড্রেনেজ নেটওয়ার্কের যথাযথ সংযোগ নিশ্চিত করা।

Till July 2017, number of casualties was 175. Due to climate change, there was huge landslide event occurred on 13 June 2017 due to excessive thunderstorms with unprecedented rainfall and that created huge hill slides in Rangamati, Bandarban and some parts of Ramu and Rangunia Upazila. As per Meteorology department, there was excessive rainfall (49% higher) than normal rainfall in July 2017. Following that phenomenon, o8 (eight) people died in one hill at Mogaichari, Islampur Union in Rangunia Upazila and 2 (two) people died at Chainda, Dakshin Mithaichari Union in Ramu Upazila (please see Map-1 and Map -2 respectively).

**Experience of Ramu and Rangunia :** There were two Upazilas in 14 Upazilas project of UDD where landslide as well as flash flood occurred during the devastating week of July 2017. There was an official tour (29-09-2017 to 10-09 -2017) was arranged to see the catastrophic condition of the affected areas under the project. A project planning team went there to understand the situation and tried to find out the reasons of landslide and casualties in these areas as well as to identify the buffer zone of no development besides such hilly areas. During observation and talking to local people, it was found that most the affected houses were built at hill toes and in some come cases hill toes were cut to flat plain leaving the bulk head hill on the top which is vulnerable to and slide due to excessive rainfall or earthquake or any other natural disasters. The failure was caused due to human activity that triggered by the monsoon rainfall of consecutive days with thunderbolts and soil parameters that was cohesion/friction less fine silt. Rainfall of consecutive days made the soil in fluid form, lost the resistance to movement from normal force due to buoyancy. Accordingly, unstable soil block by cutting the slope vertically started to move of landslide mass acting through gravity downward slope. Consultant of Package-5 and UUD Team made a survey work through RTK-GPS, investigation of soil texture and collect data of failure section of hills and discussed with local people to gather knowledge of pre-condition and human activity done before failure. It was an analysis done of RTK GPS readings at fallen part of hill Satellite image hill cover and the end point where the earthen slurry travelled. It was found that Landslide slurry had travelled around 3 to 4 times horizontal distance from its actual height from plain ground. Ultimately, everything on its travel path was put underneath as it moved to its extreme point to lose gravitational momentum. There are illustrations of these two incidents in Picture 1 to 7 which showed landslide victim houses as well as other houses that are also in vulnerable condition in these areas. So, the planning team have come to a consent that there would set back buffer zone considering the height of the hills of similar characteristics i.e. no development of human settlement within 4/5 times of hill height horizontal distance from hill toe in Ramu and Rangunia Upazila in 14 Upazila Development Plan.

**Some Recommendations to remain safe from landslide in hilly areas of Bangladesh:**

1. The extreme slope and sharp curved areas of existing roads of Rangamati, Bandarban, Ramu and Rangunia should have well structural protection using piling based retaining walls considering geo-technical investigation and adequate drainage facilities for flash floods and excessive rainfall in short duration due to climate change.
2. Hill tracks road drains where alluviums have been deposited during course of time should be cleaned up under a regular maintenance program of RHD and other local agencies especially before monsoon.
3. Ensure adequate connectivity between hilly *Choras* and the drainage networks.

৪। পাহাড়ী ছড়াগুলোর নিয়মিত ড্রেজিং করা।

৫। পাহাড়ী খাড়া বাকঁগুলোর উপর সকল স্থাপনা অন্যত্র সরিয়ে নেয়া।

৬। রাস্তার নিকট পাহাড়ের খাড়া ঢাল গুলো 450 তে কেটে নেয়া এবং ঐ সমস্ত স্থানে Vetebar/বিভিন্ন ঘাস, ঘাষমা ইত্যাদি ঢাল রক্ষাকারী বনায়ন করা।


৭। সমগ্র রোড নেটওয়ার্কের ঝুঁকিপূর্ন স্থানগুলো চিহ্নিত করা এবং ঝুঁকিপূর্ন স্থানে প্রয়োজনীয় Physical Intervention নেয়া যেমন কালভার্ট নির্মাণ, ছড়া খনন, রাস্তার উপর পার্শ্বে ড্রেন নির্মাণ। খাড়া পাহাড়গুলো 450 কোনে কেটে সামঞ্জস্যপূর্ণ অবস্থায় আনয়ন ইত্যাদি।













4. There should regular dredging of hilly *Choras*.
5. All the structures on straight hilly curves should be removed.
6. All straight angled hills around the hilly roads should be gradually cut by 45 degree angles and these cut hills should be covered with *Vetebar* or *Gaima* etc. deep rooted trees which prevents soil erosion.
7. Identification of all vulnerable hilly road network points and provide Physical treatment/ intervention such as building proper culverts, dredging of adjacent *Choras*, building drains on both sides of the roads etc.

৮। বর্ষা মৌসুমের আগেই Drain গুলো পরিষ্কার করা এবং এটা নিয়মিত/Routine Work সড়ক রক্ষণাবেক্ষণ হিসেবে RHD এর Annual Development Programme নিয়ে আসা।

৯। ঝুঁকিপূর্ন সকল ঢালু বাঁকগুলোর রাস্তা বর্ষা মৌসুমের পূর্বেই পুনর্নির্মাণ করা।

১০। RHD/LGED/Fire Service and Civil Defence/জেলা প্রশাসনের Emergency Situation Handle করার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম দরকার যেমনঃ গাছ কাটার মেশিন, Excavator, ক্রেন, Bailey Bridge ইত্যাদি।

১১। সড়ক রক্ষণাবেক্ষণ ও Safety বিষয়ে কর্মচারীদের Training দেয়া।

১২। পাহাড়ের পাদদেশে বা খাঁজে সকল বসতি ইতিমধ্যে হয়ে গেছে তা অন্যত্র সমতল ভূমিতে প্রতিস্থাপন করা।

১৩। পাহাড়ী রাস্তা ও নদী বা ছড়ার মধ্যবর্তী ঢালু খাঁজের সকল বসতি জরুরী ভিত্তিতে সরিয়ে নেয়া।

১৪। পাহাড়ের পাদদেশ সংশ্লিষ্ট পাহাড়ের উচ্চতা হতে কমপক্ষে পাঁচগুণ আনুমানিক দূরত্বের সমতল ভূমিতে বসত বাড়ি তৈরী করার অনুমতি দেয়া।

১৫। পাহাড়ের পাদদেশে জনবসতি নিষিদ্ধ করা।

8. Cleaning up drains before rainy season as Routine work of RHD and there must be an Annual Development Program as well as budget allocation for that.
9. All vulnerable strip slope road points that have been damaged in last July 2017 should be re-constructed before starting of monsoon in 2018.
10. RHD/LGED/Fire Service and Civil Defense/District Administration should have sufficient Emergency Situation Handling Equipment such as mechanical tree cutting/pruning equipment, excavator, Crane, Bailey Bridge etc.
11. Emergency Response Agency Staff should be trained on road maintenance and safety issues.
12. Human settlements at hill toes and edges should be rehabilitated in safe plain grounds.
13. Human settlements already built besides sharp hills, vacant places between two sharp hills and deep slope drainage ways or *Choras* should be immediately evacuated.
14. Human settlements should be permitted at least five times horizontal distance from the height of the adjacent hill and it must be on plain land.
15. Forbidden human settlement at hill toes by any means.

পাহাড়ের কোলে বসবাসকারীদের মৃত্যুর মিছিল বন্ধ করিবার জন্য সর্বাগ্রে প্রয়োজন বর্ষা আসিবার পূর্বে পাহাড়ে ঝুঁকিপূর্ণ বসবাস বন্ধ করা এবং বসবাসকারীদের স্থায়ীভাবে পুনর্বাসন করা। পাশাপাশি পূর্ববর্তী তদন্ত কমিটির দেওয়া সুপারিশসমূহ যতদূর সম্ভব বাস্তবায়ন করা প্রয়োজন। সর্বোপরি, বসবাসকারীদেরও নিজেদের জীবনের ব্যাপারে সচেতন হইতে হইবে। কোনোভাবে মাথা গুঁজিবার ঠাঁই পাইতে গিয়া অতি মূল্যবান জীবনটিকেই মৃত্যুর দিকে ঠেলিয়া দেওয়াটা বুদ্ধিমানের কাজ নহে। ব্যক্তিগত সচেতনতায় হউক, কিংবা কর্তৃপক্ষের কঠোর উদ্যোগে হউক পাহাড়ের কোলে ঝুঁকিপূর্ণ বসবাস বন্ধ হওয়াটা জরুরি। দেখা যাইতেছে, অতীতের তুলনায় বর্তমানে বৃষ্টি অনেক বেশি আগ্রাসী হইয়া উঠিতেছে। এক ঘন্টা বা এক দিনের ঘনবৃষ্টি সামাল দেওয়া সম্ভবপর হইতেছে না। গবেষকরা আশংকা করিতেছেন, আগামী ৩০ বৎসরে ভারী বর্ষণের পরিমাণ আরো বাড়িতে পারে। সেই বৃদ্ধির পরিমাণ হইবে প্রায় ২০ শতাংশ। সুতরাং এই সকল সতর্কবার্তাকে আমলে লইয়া এই বিষয়ে আরো নিবিড় গবেষণা প্রয়োজন। প্রয়োজন সেই অনুযায়ী দুর্যোগ মোকাবিলার ব্যবস্থা গ্রহণ করা। প্রাকৃতিক দুর্যোগ হয়তো প্রতিহত করা যাবে না কিন্তু সম্ভাব্য প্রতিকারের ব্যবস্থা নিলে জান মালের ক্ষয়ক্ষতির পরিমাণ কমিয়ে আনা যেতে পারে।

**কৃতজ্ঞতা স্বীকারঃ** *দৈনিক ইত্তেফাক পত্রিকার 2017 সনের বিভিন্ন রিপোর্টসমূহ।*

Casualties of human beings living at wombs of hilly areas can be only prevented if we can stop building houses there and it must be done before the monsoon. These people must be permanently rehabilitated in plain land with employment opportunities. There should be also implementation of previous landslide investigation committee's recommendations. Moreover, the people living over there should be also sensitized about their value of life. They should understand that it is not wise get a land in a life risk place. It is now an earnest need to ban human settlement near hill toes either by the Government or individual responsibility. It has been observed that short duration rainfall intensity has been increasing at alarming rate now a day. It has become impossible to handle one hour or one day heavy rainfall. Scientists have shown alerts of more and more of short duration heavy rainfall in next 30 years and it is estimated to be increased by 20 percent. So, there should be more research on this issue how to combat or cope with this climate change situation. It is true that we cannot prevent natural disasters but if we could take pre-caution measures then losses of human and property would be certainly less.

***Acknowledgement:*** *Different Reports of Daily Ittefay in year 2017.*

### ছ) "চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ঃ সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ প্রকল্প"

বাংলাদেশের অর্থনীতির চালিকার অন্যতম চট্টগ্রাম জেলার সহিত রাজধানীসহ সমগ্র দেশের যোগাযোগ এর প্রবেশদার উপজেলা মীরসরাই। মীরসরাই উপজেলা ২ টি পৌরসভা ও ১৬ টি ইউনিয়ন নিয়ে ৪৮২.৮৮ বর্গ কিঃ মিঃ বিস্তৃত। উপজেলাটি প্রাকৃতিক সৌন্দর্যের আধার হিসেবে খ্যাত। এর একদিকে পাহাড়, সমতল ভূমি ও সাগর। দৃষ্টি নন্দন খৈয়াছড়া ও বোয়ালিয়া ঝর্না, মহামায়ালেক এবং সুবিশাল সমুদ্র প্রকৃতির কারনে পর্যটকদের নিকট আকর্ষনীয় স্থান হিসেবে বিবেচিত। যথাযথ পরিকল্পনার অভাব এবং জনগনের অযাচিত হস্তক্ষেপের ফলে ঝর্না থেকে সৃষ্ট ছড়া ধ্বংসের মুখে। ফলশ্রুতিতে পাহাড়ী ঢলে মানবসৃষ্ট দুর্যোগ যেমন Flash Flood দেখা দেয়। মীরসরাই উপজেলার বাংলাদেশের সর্ববৃহৎ "মীরসরাই বিশেষ অর্থনৈতিক অঞ্চল" অবস্থিত। এর ফলে প্রায় ১০ লক্ষ লোকের কর্মসংস্থান সৃষ্টির ধারণা করা হচ্ছে। এ বিপুল সংখ্যক লোকের মৌলিক চাহিদাসমুহ যথা-বাসস্থান, স্কুল, কলেজ, বিনোদনসহ অন্যান্য অবকাঠামো নির্মাণের ফলে কৃষি জমির উপর চাপ সৃষ্টি হবে। সর্বোপরি ভূমিকম্প প্রবণ এলাকায় মীরসরাই উপজেলা অবস্থিত। সার্বিক বিবেচনায় দুর্যোগ সহনীয় পরিকল্পিত ভূমি ব্যবহার নিশ্চিত করতঃ কৃষি জমি সুরক্ষা এবং শিল্প ও পর্যটন নগরী গড়ে তোলার মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে বেকার ও দারিদ্র সমস্যা দূরীকরণ ও আর্থ-সামাজিক উন্নয়নে "চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়নঃ সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ প্রকল্প" (এমইউডিপি) সহায়ক হবে।

### প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ

১) কৃষি জমি সংরক্ষণের জন্য নগরায়নের সম্ভাব্য স্থান চিহ্নিত করণ।
২) সুষ্ঠু ভূমি ব্যবহার পরিকল্পনার মাধ্যমে পরিকল্পিত নগর গড়ে তোলা।
৩) প্রকল্পের সমন্বিত ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়নকালীন সময়ে সকল দুর্যোগ ঝুঁকিহ্রাসের সার্বিক উপায়সমুহ আত্মীকরণ।
৪) ভূমি ব্যবহার পরিকল্পনায় ঝুঁকিহ্রাসকে প্রাধান্য দিয়ে ভূমির সর্বোত্তম ব্যবহার ও ভূমির ব্যবহার নিয়ন্ত্রণের মাধ্যমে সম্ভাব্য ঝুঁকি প্রতিরোধের মাত্রা নির্ণয়ের নীতিমালা প্রণয়ন।
৫) ভূমি ব্যবহার পরিকল্পনার মাধ্যমে নগর জনসাধারণ কর্তৃক দুর্যোগ মোকাবিলা ও দুর্যোগ অভিযোজনের কৌশল নির্ধারণ।
৬) বাংলাদেশের সম্ভাব্য দুর্যোগ ঝুঁকিপূর্ণ এলাকায় গ্রোথ সেন্টারসমূহের উন্নয়ন কল্পে ছড়ানো ছিটানো জনবসতিসমূহের ক্রমপুঞ্জিভুত করণের নীতিমালা ও কৌশল নির্ধারণ।
৭) শহরকে দুর্যোগ ঝুঁকিমুক্ত করার লক্ষ্যে সমন্বিত সুসংহত এবং সুসামঞ্জস্য পূর্ণ উপায়ে প্ল্যানিং প্যাকেজ প্রণয়ন।
৮) প্রকল্প এলাকায় দুর্যোগের ঝুঁকির তীব্রতা হ্রাসের জন্য সমন্বিত উন্নয়ন প্রস্তাবনা প্রণয়ন।
৯) পর্যটন শিল্পের বিকাশের সহায়ক ভূমি ব্যবহার গাইড লাইন প্রস্তাবনা করা।
১০) মীরসরাই ইকোনমিক জোন কেন্দ্র করে ভবিষ্যতে Township এর ভূমি ব্যবহার প্রস্তবনা করা।

এছাড়া ও আপদকালীন পরিকল্পনা (Contingency Plan), গ্রামীণ এলাকা পরিকল্পনা ইত্যাদি উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভূক্ত রয়েছে।

ফলে চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এর ফলে বিশেষ অর্থনৈতিক অঞ্চলের কর্মযজ্ঞ ও পর্যটনসহ পরিকল্পিত আধুনিক নগর ব্যবস্থা গড়ে ওঠবে।

### g) Preparation of Development Plan for Mirsharai Upazila, Chittagong District: Risk Sensitive Landuse Plan

Chittagong is one of the most important economic driven district of Bangladesh.Mirsharai is the entrance upazila for communication of the entire country including the capital with Chittagong district. Mirsharai Upazila covered by 482.88 sq km with 02 municipalities and 16 unions.It is introducing as a vesel of natural beauty. It one side have the hill, the plain land and the sea.The upazila is considered as a tourist attraction for Khayyachra and Boalia Jarna, Mahamaya Lake and the vast sea.Due to the lack of proper planning and unauthorized intervention of the public, the water falling of Jarna will threated for mountain flood.As a result, man-made disasters like mountain floodsand Flash floods occur.The largest "Mirsharai Special Economic Zone" situated in Mirsharai Upazila of Bangladesh.As a result, the employment of about one million people is expected to be created. The construction of housing, schools, colleges, entertainment and other infrastructures, such as the basic needs of a large number of people, will create pressure on agricultural land.Above all, Mirsharai Upazila is located in the area prone to earthquake.In overall consideration, the disaster was to ensure sustainable planned land use: To create employment opportunities by creating agricultural land and creating employment opportunities by eliminating unemployment and poverty problems and socio-economic development. Preparation of development plan in Mirsharai upazila, Chittagong district: Risk Sensitive Landuse Plan (MUDP) project will be helpful for these.

### Objectives of the project:

1) Identifying potential land for urbanization for agri-land conservation.
2) Planned City through proper land use planning.
3) Due to the overall means of reducing the risk of all disasters during the planning of integrated land use plan of the project.
4) Preparation of the policy for determining the level of possible risk resistance by controlling the best use of land and the use of land, leading to risk reduction in land use planning.
5) Determinationof disaster and disaster adaptation strategies by the urban public through land use planning.
6) Potential Disasters in Bangladesh Rules and strategies for decontamination of scattered habitations for the development of growth centers in risky areas.
7) Planning package plans in a coordinated, consolidated and consistent way to relieve the city of disaster risk.
8) Preparation of integrated development proposals for reducing the intensity of disaster risk in the project area.
9) Suggesting Land Use Guidelines for Developing Tourism industry.
10) Proposed landuse for future Township on the basis of the Mirsharai Economic Zone

The development plan also included for the contigency plan, rural settlement plan etc.

The activities of special economic zones and tourism including the modern city system built for the preparation of the development plan of Mirsharai Upazila, Chittagong district.

**পরিকল্পনার কাঠামোঃ** প্রস্তাবিত পরিকল্পনা মূলত ৩ (তিন) স্তর বিশিষ্ট।

**প্রথমস্তর :** স্ট্রাকচার প্ল্যান ২০ বছর, **উদ্দেশ্য :** কাঠামো পরিকল্পনার নীতি ও কৌশল নির্ধারণ পূর্বক দিক নির্দেশনা।

**দ্বিতীয়স্তর :** আরবান এরিয়া প্ল্যান ১০ বছর, উদ্দেশ্য : ১০ বছর মেয়াদী প্রকল্প এলাকার.স্ট্রাকচার প্ল্যানের কৌশলগত দিক, উন্নয়ন ও নিয়ন্ত্রণ পরিকল্পনা।


**তৃতীয়স্তর :** অ্যাকশন এরিয়া প্ল্যান ০৫ বছর, উদ্দেশ্য : নির্দিষ্ট এলাকার বা নির্দিষ্ট সমস্যার (৫ বছর মেয়াদী) বিস্তৃত উন্নয়ন পরিকল্পনা।

**কার্যক্রম ঃ**

"চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ঃ সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ প্রকল্প" (এমইউডিপি) বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ের বিভিন্ন ধরনের জরিপ কাজ সমাপ্ত হইয়াছে। যথাঃ ক) ফিজিক্যাল ফিচার সার্ভে খ) আর্থসামাজিক জরিপ ও অন্যান্য সার্ভে গ) জিওলজিক্যাল সার্ভে (ভূগর্ভস্থ মাটির ধরন) ঘ) হাইড্রো জিওলজিক্যাল সার্ভে (ভূগর্ভস্থ উপরি ভাগে পানি সম্পর্কিত) ঙ) ট্রাফিক এণ্ড ট্রান্সপোর্ট সার্ভে চ) ফ্লোরা এণ্ড ফানা বেইজলাইন সার্ভে (প্রকৃতি ও জীব বৈচিত্র)। পরিকল্পনা কাজে তৃণমূল জনগণকে সম্পৃক্তকরণের লক্ষ্যে দুটি পৌরসভার ওয়ার্ড পর্যায়ে স্থানীয় জনগণকে নিয়ে ২০ (বিশ) টি পি আর এ ইউনিয়ন পর্যায়ে ১৬ (ষোল) টি ইউনিয়নের জনপ্রতিনিধিদের নিয়ে ১৬ (ষোল) টি পিআর এ ও অন্যান্য বিভিন্ন স্তরে ১২ (বারো) টি পিআরএ সহ সর্বমোট ৪৮ (আটচল্লিশ) টি পিআরএ সম্পন্ন করা হইয়াছে।

উল্লেখ্য যে, প্রকল্প এলাকায় আগামী দিনের ভবিষ্যত প্রজন্মকে সম্পৃক্তকরণের লক্ষ্যে মীরসরাই উপজেলায় বসবাসরত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রসমাজকে ফেসবুকের মাধ্যমে সম্পৃক্ত করে তাদের সহযোগিতায় মাঠ পর্যায়ের কাজে তথ্য সংগ্রহ করা হইয়াছে। মীরসরাই উপজেলার বিদ্যমান ও ভবিষ্যত অবস্থার প্রেক্ষিতে মে ২০১৮ তারিখে ৪ (চার) টি গ্রুপে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয় এবং বিজয়ীদের পুরস্কার বিতরন করা হয়।

উপরোক্ত তথ্যগুলোর সমন্বয়ে প্রকল্পের অধীনে স্ট্রাকচার প্ল্যান, আরবান এরিয়া প্ল্যান এবং রুরালএরিয়া প্ল্যান প্রণয়ন করা হয়েছে। প্রকল্পটির কার্যক্রম জুন ২০২০ তারিখে সমাপ্ত হয়েছে। প্রকল্পটির অন্যতম স্টেকহোল্ডার বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের সাথে ২২ ডিসেম্বর ২১ তারিখে মতবিনিময় সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে এই প্রকল্পের গেজেট প্রকাশের কাজ চলমান রয়েছে। প্রকল্পের সকল তথ্য প্রকল্প সংশ্লিষ্ট ওয়েবসাইটে (www.mudp.gov.bd) এ পাওয়া যাবে।




চিত্র : স্ট্রাকচার প্ল্যান (খসড়া)

**উপসংহার ঃ**

বর্তমানে নগরায়নের গতিধারার সঙ্গে সঙ্গতি রেখে ভবিষ্যতে নগরের জন্য প্রয়োজন মাফিক ভূমি ব্যবহারের পরিকল্পনা করণ যে কোন নগরের জন্যই গুরুত্বপূর্ণ। অথচ বাংলাদেশের ছোট ও মাঝারি শহর গুলোতে পরিকল্পিত ভূমি ব্যবহার পরিকল্পনা নেই। ফলে পরিকল্পনা বহির্ভূত নগরায়নই শহর বৃদ্ধির প্রধান ধারা হয়ে উঠেছে। সুস্থ নাগরিক জীবন নিশ্চিত করার জন্য পরিকল্পিত ভূমি ব্যবহারের বিকল্প নেই। মাষ্টার প্ল্যান বা পরিকল্পনা প্রণয়ন হচ্ছে এমন একটি প্রক্রিয়া যার সাহায্যে সময়ের সাথে সাথে নগরের সম্ভাব্য পরিবর্তন পরিবর্ধন ও সম্প্রসারন সম্পর্কে যুক্তি নির্ভর অনুমান সাপেক্ষে ভবিষ্যতে নগরের ভৌত ও আর্থ-সামাজিক উন্নয়নের জন্য দীর্ঘ মেয়াদী ও ব্যপক পরিকল্পনা এবং এতে সাধারণতঃ জনসংখ্যা অর্থনীতি, ভূমি ব্যবহার অবকাঠামো ইত্যাদি সন্নিবেশিত থাকে। একজন নগর পরিকল্পনাবিদই পারেন নগরের জন্য এই কার্যকরী ও টেকসই উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করতে। নগর উন্নয়ন অধিদপ্তরের দক্ষ নগর পরিকল্পনাবিদগণ উপরোক্ত বিষয় গুলি সামনে রেখে অতীত কাল থেকে অদ্যাবধি নানা ভাবে নগর পরিকল্পনায় ভূমিকা রাখছে বা রাখবে।

**Plan structure:** proposed plan is basically 3 (three) phase like as Structure plan, Urban Area Plan and Action Area Plan.

**First level:** Structure Plan 20 years, **Objective:** Guideline for planning framework and strategies

**Second level:** Urban area plan is 10 years, Objective:Strategic aspects, development and help to control the structure plan for 10-year at project area.

**Third level:** Action Area Plan 05 years, **Objective:** A detailed development plan or specific problem (5-year period)

**Activity:**

Various field level survey ac including (i) Physical feature survey ,(ii)Socio-economic and other related Survey (iii) Geological Survey (sub-soil condition) (iv) Hydrogeological Survey (ground water) (v) Traffic and Transportation Survey and (vi) Baseline survey of existing Flora and Fauna (Bio-diversity) to prepare development plan considering the risk disaster for Mirsharai upazila, Chittagong districts. Apart from these 16 (sixteen) PRA Sessions at Union level of the Upazila and 12 (Twelve) PRA Sessions with other Stakeholder has also been completed. A Total of 48 (forty-eight) PRA Session has been Conducted with the public representation of 16 Unions of the upazila.

University level students of MirsharaiUpazila, the future generation of the nation, has been included with the project through Facebook, one of the most popular Social media. The students were also involved in various project activities for Collecting field level data and information.Besides, children art competition has also been arranged in four age group on May 2018 for obtaining the idea of the children regarding present and future of the upazila.

Above this information's combinations have been preparedStructure Plan, Urban Area Plan and Rural Area Planunder the project. The project was successfully completed at 20 June 2020. A seminar was held on 22 December 21 with the Bangladesh Economic Zone Authority which is one of the stakeholders of the project.Presently gazette notification publication is underway on this project. All information about the project is available for the project website (www.mudp.gov.bd).

**Conclusion:**

At present it is very much important to planned development according to the urbanization trend of any city. But there is no Landuse plan for small and medium towns of Bangladesh. As a result it is become a trend of unplanned development for the towns in Bangladesh. But it has no alternative of landuse plan to assure proper urban life. Master plan is a such process by which it has been incorporate d long term plan of physical and socio-economic development of a city. A planner can prepare this sustainable development plan. Skilled planners of UDD have been contributing to prepare urban planning by considering the above subject matters.

# চলমান প্রকল্পসমূহ

# Ongoing Projects

## নয়টি উপজেলার সমন্বিত উন্নয়ন প্রকল্প প্রণয়নের পাইলট প্রকল্প

কাজী মোঃ ফজলুল হক, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর

বাস্তবায়ন কালঃ

| | |
|---|---|
| (ক) শুরুর সময়ঃ | জুলাই , ২০২০ |
| (খ) সমাপ্তির সময়ঃ | ডিসেম্বর, ২০২৩ |
| প্রাক্কলিত ব্যয়ঃ | ৩৯৮৫.১৩ লক্ষ টাকা |

**পটভূমি:**

সুষ্ঠু ভূমি ব্যবহার নিশ্চিতকরণের জন্য একটি সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রয়োজন, যা শহর বা গ্রামাঞ্চলে কোন অনুমোদিত ও অপরিকল্পিত উন্নয়ন রোধ করবে। এ জাতীয় পরিকল্পনার অভাবে সাধারণত দেখা যায় যে, বাংলাদেশের বেশিরভাগ উপজেলা উন্নয়ন নিয়ন্ত্রণ না থাকায় সমন্বিত উন্নয়ন ঘটে নাই। পরিবেশগত ও টেকসই উন্নয়নের মাধ্যমে জীবনের ন্যূনতম মান বজায় রাখার জন্য অবকাঠামো, পরিসেবা, ইউটিলিটি এবং আধুনিক সুযোগ-সুবিধার সংস্থানের পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। তদুপরি, এ জাতীয় পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে, উন্নয়ন প্রতিবন্ধকতা এবং সম্ভাব্যতা সঠিক ভাবে চিহ্নিত করে সম্ভাবনাকে কাজে লাগিয়ে প্রতিবন্ধকতাসমূহ দূর করে সুষম ও সমন্বিত উন্নয়নের জন্য পরিকল্পনা প্রণয়ন করতে হবে। একটি অঞ্চলের সামাজিক, অর্থনৈতিক, প্রশাসনিক এবং অবকাঠামোগত পরিসেবার সমন্বিত উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে নগর ও গ্রামকে একটি অবিচ্ছেদ্য উপাদান হিসেবে বিবেচনা করে পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন। এর ফলে সমন্বিত উন্নয়নের মাধ্যমে গ্রামীণ মানুষের দোড়গোড়ায় প্রশাসনিক সুবিধা ও নাগরিক পরিসেবা পৌঁছে দেয়ার মাধ্যমে জনগণের নিকট তৃণমূল পর্যায়ে সরকারি সেবা নিশ্চিতকরণের জাতীয় নীতির ও প্রতিফলন ঘটবে। দুর্যোগের ঝুঁকিকে অন্তর্ভুক্ত করে সমন্বিত ভূমি ব্যবহারের পরিকল্পনার প্রয়োজনীয়তা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এই প্রেক্ষাপটে নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণীত ময়মনসিংহ স্ট্র্যাটেজিক ডেভেলপমেন্ট প্ল্যান (এমএসডিপি) প্রধানমন্ত্রীর দপ্তরে প্রশংসিত হওয়ায় এমএসডিপি এর অনুসরণে ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়নের চাহিদা বৃদ্ধি পেয়েছে। এর ধারাবাহিকতায় পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগণের নির্বাচনী এলাকাসমূহ তথা (ক) ২৬৪ চাঁদপুর-৫ (হাজীগঞ্জ উপজেলা ও শাহরাস্তি উপজেলা) (খ) ৩৮ জামালপুর-১ (বকশিগঞ্জ উপজেলা ও দেওয়ানগঞ্জ উপজেলা) (গ) ২২৬ সুনামগঞ্জ -৩ (জগন্নাথপুর উপজেলা ও দক্ষিণ সুনামগঞ্জ উপজেলা) (ঘ) ১৮ লালমনিরহাট -৩ (লালমনিরহাট উপজেলা) এবং (ঙ) ৯২ মাগুরা-২ (মোহাম্মদপুর উপজেলা ও শালিখা উপজেলা) এর ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত ১১.০০.০০০০.১২৫.০০৪.২০১৯-৫২, তারিখঃ ০৯/০৬/২০১৯ সংখ্যক স্মারকে পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতি মহোদয় কর্তৃক পরিকল্পনা মন্ত্রণালয়ের মন্ত্রীমহোদয় বরাবরে আধা সরকারি পত্র প্রদান করে। পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক উক্ত আধা সরকারি পত্রটি সংযুক্ত করে ২০.০০.০০০০.১০০.৯৯.০১২.১৯.৫৮২, তারিখঃ ২৪/০৬/২০১৯ সংখ্যক স্মারকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় বরাবর আধা সরকারি পত্র প্রেরণ করেন। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক উক্ত আধা সরকারি পত্রটি ২৫.০০.০০০০.০৩২.৯৯.০০১.১৮-৩১৯, তারিখঃ ১২/০৯/২০১৯ সংখ্যক স্মারকে নগর উন্নয়ন অধিদপ্তরে পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক প্রেরিত আধা সরকারি পত্রের চাহিদা মোতাবেক ০৯ টি উপজেলার সমন্বয় প্ল্যান প্রণয়নের জন্য নির্দেশনা দিয়ে প্রেরণ করা হয়। যার প্রেক্ষিতে আঞ্চলিকতার ভিত্তিতে ০৫ (পাঁচ) প্যাকেজে প্রকল্প প্রস্তাব প্রস্তুত করে সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। নিম্নের সারণি-২ এ প্রকল্প এলাকা সংক্ষিপ্ত উপাত্ত উপস্থাপন করা হলো।

## Preparation of Comprehensive Development Plan for Nine Upazilas

**Quazi Mohammed Fazlul Haque**, Senior Planner, Urban Development Directorate

**Implementation period:**

| | |
|---|---|
| **(a) Start time:** | **July, 2020** |
| **(b) Completion time:** | **December, 2023** |
| **Estimated Expenditure:** | **3985.13 lakhs Taka** |

**Background Information**

In the government's recent policy of overall administrative re-organization, the upazila has been recognized as the most significant tier of the administration. It will be planned and developed to accommodate all social, economic, administrative and infrastructure services for the region. This also reflects the national policy of bringing development, administrative and services facilities to the door step of the rural masses and to ensure better delivery of government services to the people. This importance has also been felt by the Member of the Parliament (MP) of different constitutional areas of Bangladesh and they issued DO letter to concerned Ministries to prepare Comprehensive Landuse Masterplan for the well-being of general people for both urban and rural areas. The present project area of nine upazilas has also been chosen for the same reason. Moreover, demand for risk-sensitive land use planning has been increased day by day. After the recognition of Mymensingh Strategic Development Plan (MSDP) by the Prime Minister's office, there is a demand created that such type of comprehensive plan should be made in all over the country. Consequently, a DO letter memo no. 20.00.0000.100.99.012.19/582, Date: 24.06.2019 has been sent to the Ministry of Housing and Public Works to prepare a Pilot Project on Comprehensive Master Plan for Nine upazilas of the following constituencies including (i) 264 Chandpur-5 (Haziganj and Shahrasti Upazila), (ii) 138 Jamalpur-1 (Bakshiganj and Dewanganj Upazila), (iii) 226 Sunamganj-3 (Jagannathpur and South Sunamganj Upazila), (iv) 18 Lalmonirhat-3 (LalmonirhatSadar Upazila), (v) 92 Magura-2 (Mohammadpur and Salikha Upazila). Considering the regional context, the Nine Upazila consisting of Five Constituencies has been undertaken in 05 (five) Packages (Reference-Table-1). The summarized description of project area is as follows:

সারণী-২: প্রকল্প এলাকার আয়তন ও জনসংখ্যা

| প্যাকেজের নাম | উপজেলার নাম | আয়তন (একর) | আয়তন (বর্গকিমি) | খানা জনসংখ্যা | জনসংখ্যা | ঘনত্ব বর্গকি:মি |
|---|---|---|---|---|---|---|
| প্যাকেজ -১ | হাজীগঞ্জ উপজেলা | ৪৬৯২৬ | ১৯০ | ৬৫৬৯৭ | ৩৩০৪৭৭ | ১৭৪০ |
| | শাহরাস্তি উপজেলা | ৩৮২৫৫ | ১৫৫ | ৪৬১৩৯ | ২২৯১১৮ | ১৪৮০ |
| উপ-মোট | | ৮৫১৮১ | ৩৪৫ | ১১১৮৩৬ | ৫৫৯৫৯৫ | ৩২২০ |
| প্যাকেজ -২ | বকশীগঞ্জ উপজেলা | ৫৮৮৮৫ | ২৩৮ | ৫২২২২ | ২১৮৯৩০ | ৯১৯ |
| | দেওয়ানগঞ্জ উপজেলা | ৬৬১০৪ | ২৬৮ | ৬০৭১৬ | ২৫৮১৩৩ | ৯৬৫ |
| উপ-মোট | | ১২৪৯৮৯ | ৫০৬ | ১১২৯৩৮ | ৪৭৭০৬৩ | ১৮৮৪ |
| প্যাকেজ -৩ | জগন্নাথপুর উপজেলা | ৯০৯৬৩ | ৩৬৮ | ৪২৮৬৬ | ২৫৯৪৯০ | ৭০৫ |
| | দক্ষিণ সুনামগঞ্জ | ৭৪৯১৫ | ৩০৩ | ৩২০৩৩ | ১৮৩৮৮১ | ৬০৭ |
| উপ-মোট | | ১৬৫৮৭৮ | ৬৭১ | ৭৪৮৯৯ | ৪৪৩৩৭১ | ১৩১২ |
| প্যাকেজ -৪ | লালমনিরহাট সদর উপজেলা | ৬৫১৯৫ | ২৬৪ | ৭৯১৪৭ | ৩৩৩১৬৬ | ১২৬৩ |
| উপ-মোট | | ৬৫১৯৫ | ২৬৪ | ৭৯১৪৭ | ৩৩৩১৬৬ | ১২৬৩ |
| প্যাকেজ -৫ | মোহাম্মদপুর উপজেলা | ৫৭৭৪৯ | ২৩৪ | ৪৪৯০০ | ২০৭৯০৫ | ৮৯০ |
| | শালিখা উপজেলা | ৫৬৫০২ | ২২৯ | ৩৬৯০৫ | ১৬৩৬৫৮ | ৭১৬ |
| উপ-মোট | | ১১৪২৫১ | ৪৬২ | ৮১৮০৫ | ৩৭১৫৬৩ | ১৬০৬ |
| সর্বমোট | | ৫৫৫৪৯৪ | ২২৪৮ | ৮৩৯৪৪৫ | ৩৯৯৭৯৫৩ | ১৬৯৬৪ |

সূত্র: বিবিএস কমিউনিটি সিরিজ, ২০১১

**প্রকল্পের উদ্দেশ্য:**

প্রকল্প এলাকার প্রান্তিক জনসাধারণের জীবন যাত্রার মানোন্নয়নের লক্ষ্যে এলাকা সমূহের সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা এবং গ্রামাঞ্চলে পর্যাপ্ত নাগরিক সুবিধাদি সম্প্রসারিত করা। কেননা প্রকল্পের এলাকার উৎপাদনশীলতা এবং টেকসই উন্নয়নের জন্য অর্থনীতি ও জনজীবনে স্থানীয় সম্পদের গুরুত্ব অপরিসীম। প্রকল্পের আওতাভুক্ত এলাকাসমূহের জন্য কোন দীর্ঘ মেয়াদী সমন্বিত উন্নয়ন পরিকল্পনা বিদ্যমান নেই। প্রকল্পের আওতাভুক্ত এলাকা সমূহকে দেশের উন্নয়ন প্রক্রিয়ার মূলধারার সাথে একত্রীভূত করার জন্য প্রকল্পের আওতাভুক্ত এলাকাসমূহের জনসাধারণের জীবন যাত্রার মানের সার্বিক উন্নতিসহ একটি সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন অত্যাবশ্যক, যার উদ্দেশ্য সমূহ নিম্নরুপঃ

(ক) অপরিকল্পিত রূপান্তর থেকে সবচেয়ে মূল্যবান কৃষি জমি রক্ষা করা।

(খ) ভূমির সর্বোত্তম ব্যবহার এবং উন্নয়ন নিয়ন্ত্রণের জন্য নীতিমালা প্রণয়নকরা।

(গ) এই নয়টি উপজেলার সামগ্রিক উন্নয়ন এবং বিদ্যমান ভূমি ব্যবহার ও আর্থ-সামাজিক অবস্থার ভবিষ্যত পরিবর্তনকে নিয়ন্ত্রিত ও পরিকল্পিত উপায়ে সমন্বয় করার জন্য পরিকল্পনা প্যাকেজ প্রণয়ন।

**Table Area and Population:**

| Package Name | Upazila Name | Area (Acre) | Area (Sk.Km) | Household | Population | Density |
|---|---|---|---|---|---|---|
| Package -1 | Hajiganj Upazila | 46926 | 190 | 65697 | 330477 | 1740 |
| | Shahrasti Upazila | 38255 | 155 | 46139 | 229118 | 1480 |
| **Sub-Total** | | **85181** | **345** | **111836** | **559595** | **3220** |
| Package -2 | Bakshiganjj Upazila | 58885 | 238 | 52222 | 218930 | 919 |
| | Dewanganj Upazila | 66104 | 268 | 60716 | 258133 | 965 |
| **Sub-Total** | | **124989** | **506** | **112938** | **477063** | **1884** |
| Package -3 | Jagannathpur Upazila | 90963 | 368 | 42866 | 259490 | 705 |
| | Dakhin Sunamganj Upazila | 74915 | 303 | 32033 | 183881 | 607 |
| **Sub-Total** | | **165878** | **671** | **74899** | **443371** | **1312** |
| Package -4 | Lalmonirhat Sadar Upazila | 65195 | 264 | 79147 | 333166 | 1263 |
| **Sub-Total** | | **65195** | **264** | **79147** | **333166** | **1263** |
| Package -5 | Mohammadpur Upazila | 57749 | 234 | 44900 | 207905 | 890 |
| | Shalikha Upazila | 56502 | 229 | 36905 | 163658 | 716 |
| **Sub-Total** | | **114251** | **462** | **81805** | **371563** | **1606** |
| **GRAND TOTAL** | | **555494** | **2248** | **839445** | **3997953** | **16964** |

Source:BBS Community Series,2011

**Objectives of the Project:**

(i) To integrate these areas with the mainstream of development process of the country.

(ii) To protect the most valuable agricultural land from any other unplanned transformation

(iii) To frame policies for the optimum use of land and its control for the project area.

(iv) Formulation of Policies and plans for mitigation of different types of hazards, minimizing the adverse impacts of climate change and recommend possible adaptation strategies for the region.

(v) Formulation of Policies and plans for gradual nucleation of settlements with policies and plans for development of growth centers of the area.

(vi) Formulation of a planning package for development of tourism in this Nine Upazila region, and also to accommodate future changes in existing land use pattern, socio-economic condition of the area and quality of life of the people in the region formulation of a planning package for development of the project area.

প্রকল্পের আওতাধীন উপজেলা :

| বিভাগ | জেলা | উপজেলা | সাংবিধানিক এলাকা |
|---|---|---|---|
| চট্টগ্রাম | চাঁদপুর | হাজীগঞ্জ, শাহরাস্তি | ২৫৪ চাঁদপুর ৫ |
| ময়মনসিংহ | জামালপুর | বকশীগঞ্জ, দেওয়ানগঞ্জ | ১৩৮ জামালপুর ১ |
| সিলেট | সুনামগঞ্জ | জান্নাতপুর, শান্তিগঞ্জ (সাবেক দক্ষিণ সুনামগঞ্জ) | ২২৬ সুনামগঞ্জ ৩ |
| রংপুর | লালমনিরহাট | লালমনিরহাট সদর | ১৮ লালমনিরহাট ৩ |
| খুলনা | মাগুরা | মুহম্মদপুর, শালিখা | ৯২ মাগুরা ২ |

## প্রকল্পের আউটপুট

**(ক) উপ-আঞ্চলিক পরিকল্পনাঃ**

প্রকল্প প্রণয়নাধীন এলাকায় কি বিদ্যমান রয়েছে এবং ভবিষ্যৎ ভূমি ব্যবহারের কি পরিবর্তন হতে পারে এবং ভূমির ভবিষ্যৎ ব্যবহারে যে অনিশ্চয়তা রয়েছে, তা দূরীকরণের মাধ্যমে সমন্বিত উন্নয়নের লক্ষ্যে উপজেলাসমূহে ক্রিয়াশীল সরকারি ও বেসরকারি সংস্থা সমূহকে একটি কাঠামোগত ভিত্তি প্রদানের উদ্দেশ্যে একটি নির্দেশক পরিকল্পনা (Indicative Plan) প্রণয়ন।

**(খ) নগর পরিকল্পনাঃ**

প্রকল্পের আওতাধীন ০৯ (নয়) উপজেলার অন্তর্ভুক্ত বিদ্যমান ০৫ (পাঁচ) টি পৌরসভা এবং ০৪ (চার) উপজেলা সদর ও তার চারপার্শ্বের নগর এলাকার জন্য নগর পরিকল্পনা প্রণয়ন করা হবে। নগর পরিকল্পনার আওতায় পৌরসভা ও উপজেলা শহরগুলোতে আধুনিক নাগরিক ও সামাজিক-সাংস্কৃতিক সেবা ও সুযোগ সুবিধাদির সংস্থান প্রস্তাব করা হবে।

**(গ) পরিবহন ও যাতায়াত ব্যবস্থাপনা পরিকল্পনাঃ**

প্রকল্পের আওতাভুক্ত এলাকার জন্য ২০ (বিশ) বছর মেয়াদী ভবিষ্যৎ সাশ্রয়ী ও টেকসই পরিবহন ও যাতায়াত ব্যবস্থার জন্য মডেল প্রস্তাব করা হবে।

**(ঘ) অর্থনীতি ও কৃষিঃ**

(১) প্রকল্প এলাকার মূল্যবান দুই-ফসলী ও তিন ফসলী কৃষি জমি চিহ্নিত করে সংরক্ষণের জন্য প্রস্তাব করা হবে, যাতে অনিয়ন্ত্রিত উন্নয়ন কর্মকাণ্ড দ্বারা মূল্যবান কৃষি জমি নষ্ট না হয়।

(২) এছাড়া প্রকল্প এলাকার শিল্প ভিত্তিক অর্থনীতির বিকাশের লক্ষ্যে স্থানীয় সম্ভাবনাকে কাজে লাগিয়ে কৃষি ভিত্তিক শিল্প ও বাণিজ্যের প্রসারসহ অর্থনৈতিক জোন, আইটি ভিলেজ প্রভৃতির সম্ভাব্যতা পরীক্ষা করে প্রয়োজনীয় স্থান পরিকল্পনায় প্রস্তাব করা হবে।

**Upazilas under the Project :**

| Division | District | Upazila | Constitutional Area |
|---|---|---|---|
| Chattogram | chandpur | Hajiganj, Shahrasti | 254 Chandpur 5 |
| Mymensingh | Jamalpur | Bakshiganj, Dewanganj | 138 Jamalpur 1 |
| Sylhet | Sunamganj | Jannathpur, Santiganj (former South Sunamganj) | 226 Sunamganj 3 |
| Rangpur | Lalmonirhat | Lalmonirhat Sadar | 18 Lalmonirhat 3 |
| Khulna | Magura | Muhammadpur, Salikgha | 92 MAgura 2 |

## Output of the Project

**(a) Sub-Regional Plan**

An indicative plan comprising of nine upazilas each an integrated and comprehensive manner to lessen the uncertainty about what presently exists and what is likely to happen in future and to provide a basis for different agencies, public and private, to proceed on the basis of a common goal by providing a framework for overall development.



Map : Project Area

**(b) Urban Plan**

Urban plan for 6 (six) municipalities of the 7 (seven) upazilas and 2 (two) upazila headquarters including its peripheral areas would be prepared considering the master plans prepared for the municipalities by Local Government Engineering Department (LGED) under the project (if exists). Provision would be made for modern civic and socio-cultural services and amenities under the urban plans

**(c) Transportation and Traffic Management Plan**

Development of a twenty-year transportation prediction model for affordable and sustainable transportation system in the project area.

**(d) Economy and Agriculture**

(i) Identification of potential double cropping and triple cropping agricultural land within the project area and earmark them for preservation.

(ii) Provision would be made for establishing economic zone, IT village etc. within the concerned upazilas and local resource based industrial zone within the upazilas to build an enabling environment for creating employment.

**(ঙ) পরিবেশ, পানি ও বাস্তুতন্ত্রঃ**

(১) নদী ও খালের মূল প্রবাহ এবং উপ প্রবাহ অঞ্চল, বন্যা প্রবণ এলাকা, জোয়াড়-ভাটায় প্লাবিত এলাকা, নদী আইন অনুযায়ী ফোরসোর (Foreshore), জলাবদ্ধতা, ইত্যাদি চিহ্নিত করে রক্ষণাবেক্ষণ ও সমস্যা সমাধানের জন্য প্রয়োজনীয় প্রস্তাবনা ও উন্নয়ন নিয়ন্ত্রণ প্রস্তাব করণ।

(২) প্রকল্পের আওতাধীন এলাকায় বিদ্যমান উদ্ভিদ ও প্রাণীসহ (জীববৈচিত্র) চিহ্নিত করণসহ একটি বেইজ লাইন স্থাপন করা এবং মুনষ্য হস্তক্ষেপের দ্বারা উক্ত জীব বৈচিত্রের উপর বিরূপ প্রভাব রোধে প্রশমনের উপায় নিরূপন করা।

(৩) ভূ-উপরিভাগ ও ভূ-গর্ভস্থ পানি সংক্রান্ত (সমীক্ষার) ফলাফল থেকে পানির টেকসই ব্যবহারের জন্য প্রয়োজনীয় প্রস্তাব উপস্থাপন করা।

**(চ) জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ ঝুঁকি হ্রাসঃ**

ভূ-তাত্ত্বিক জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্যের উপর ভিত্তি করে ভূমিকম্পের ঝুঁকি নিরূপণসহ বন্যা, জলোচ্ছাস (প্রযোজ্য ক্ষেত্রে), লবণাক্ততা, খরা ইত্যাদি দুর্যোগের ঝুঁকি হ্রাস করে; এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবকে পরিকল্পনায় অন্তর্ভূক্ত করে দুর্যোগ ও জলবায়ুর বিরূপ প্রভাব মুক্ত শহর ও নগর গড়ে তোলার লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন করা।

**(ছ) সমন্বিত পরিকল্পনা প্যাকেজঃ**

উপরোক্ত বিষয় সমূহ একত্রীভূত করে প্রকল্পের আওতাধীন উপজেলা সমূহের সমন্বিত ও সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে সমন্বিত ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন।

**মৌলিক পরিকল্পনা কাঠামো:**

প্রকল্পের আওতায় প্রণীতব্য উন্নয়ন নিয়ন্ত্রণ ম্যাট্রিক্স এবং বিভিন্ন অংগের বিশ্লেষণের মাধ্যমে নিম্নোক্ত ধাপে পরিকল্পনা প্যাকেজ প্রণয়ন করা হবে:

- ■ কাঠামো পরিকল্পনা (সময়কাল ২০-বছর)
- ■ নগর এলাকা পরিকল্পনা (সময়কাল - ১০ বছর)
- ■ গ্রামীণ এলাকা পরিকল্পনা (সময়কাল - ১০ বছর)
- ■ কর্ম এলাকা পরিকল্পনা (সময়কাল -০৫ বছর)

উল্লিখিত পরিকল্পনার কাঠামোটিতে স্থানিক পরিকল্পনা (ভৌত ও সামাজিক অবকাঠামো), পর্যটন পরিকল্পনা, পরিবেশ সংরক্ষণ পরিকল্পনা, পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা, ইনষ্টিটিউশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম, শোস্যাল স্পেস প্ল্যান, পানি ব্যবস্থাপনা পরিকল্পনাসহ বিভিন্ন ধরণের পরিকল্পনা অন্তর্ভূক্ত থাকবে।

**(e) Environment, Water and Ecology**

(i) Identification of areas (a) flooded during high tide and (b foreshore according to the River Act and necessar development control would be adopted to maintain the tidal an river flood plain.

(ii) Identification of scenario of the existing flora and fauna fo establishment of their baseline and mitigation measures woul be proposed to adapt the adversities that might arise due t human intervention.

(iii) Recommendations would be made for sustainable use o both surface water and groundwater on the basis of analyses o data and information obtained from the hydrological and hydro geological studies.

**(f) Climate Change and Disaster Risk Reduction**

Plan would be prepared for the project area throug mainstreaming the Disaster Risk Reduction (DRR) an adaptation against adverse impacts of climate change t develop the areas as resilient upazilas.

**(g) Integrated and Comprehensive Planning**

A comprehensive planning package would be prepared for th overall development of the region by integrated all the above mentioned issues for the development of the project area in holistic approach

**Basic Planning Structure:**

The development control matrix and the spatial representatio would form a Comprehensive Planning Package in the form of:

- ■ Structure Plan (Period 20-Year)
- ■ Urban Area Plan (Period- 10 Year)
- ■ Rural Area Plan(Period- 10 Year)
- ■ Action Area Plan(Period-05 Year)

The above mentioned planning structure would contain variou types of plans including Spatial Plan (physical and socia infrastructure), Tourism Plan, Environmental Conservatio Plan, Environmental Management Plan, Institutiona Development Programme, Financial Management Plan, socia Space Plan, Water Management Plan, Energy Managemen Plan, Food Grain Management Plan and So on.

## "পায়রা বন্দর নগরী ও কুয়াকাটা উপকূলীয় অঞ্চলের পরিবেশ-পর্যটনভিত্তিক সমম্বিত পরিকল্পনা প্রণয়ন" শীর্ষক প্রকল্প

শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর

**পটভূমি :**

দেশের তৃতীয় সমুদ্রবন্দর পায়রা কে কেন্দ্র করে দক্ষিনাঞ্চলের সমম্বিত ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে এবং দক্ষিনাঞ্চলের পর্যটন সম্ভাবনা কে কাজে লাগিয়ে ৭ টি উপজেলা নিয়ে "পায়রা বন্দর নগরী ও কুয়াকাটা উপকূলীয় অঞ্চলের পরিবেশ-পর্যটনভিত্তিক সমম্বিত পরিকল্পনা প্রণয়ন" শীর্ষক প্রকল্প টি শুরু হয় ২০১৭ এর জুলাই মাসে। উক্ত প্রকল্পের জুন, ২০১৭ থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত তিনটি প্যাকেজ ভিত্তিক জরিপ কার্যসমূহের সাথে প্রকল্পের রিজিওনাল প্ল্যানের কাজ ও প্রায় শেষ পর্যায়ে।


**প্রকল্প এলাকা:** পটুয়াখালী জেলার অন্তর্গত গলাচিপা, রাঙ্গাবালি ও কলাপাড়া উপজেলা এবং বরগুনা জেলার অন্তর্গত বরগুনা সদর, আমতলী, তালতলী ও পাথরঘাটা উপজেলা।

**প্রকল্প এলাকার আয়তন:** ৩৩২২.৭৭ বর্গ কিলোমিটার

**জনসংখ্যা:** ১২,৯৫,৪২১ জন এবং ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে ৩৮৯ জন

**প্রকল্পের মেয়াদ:** জুলাই, ২০১৭ হতে জুন, ২০২৩

**লক্ষ্য ও উদ্দেশ্য:** প্রকল্পের উদ্দেশ্য হল প্রান্তিক মানুষের ভরণপোষণের জন্য উপকূলীয় সম্পদ এবং কার্যক্রম অনুকূল করা। উপকূলীয় সম্পদ এবং কার্যক্রম বাংলাদেশের মানুষের অর্থনীতি ও জীবনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, যাদের জীবনযাত্রা উপকূলীয় অঞ্চলের উৎপাদনশীলতা এবং টেকসইতার সাথে অবিচ্ছিন্নভাবে জড়িত। উপকূলীয় অঞ্চলকে দেশের উন্নয়ন প্রক্রিয়ার মূলধারার সাথে একীকরণ করা দরকার। সুতরাং, উপকূলীয় অঞ্চলের জীবিকা নির্বাহের জন্য একটি উন্নয়ন পরিকল্পনা পদ্ধতি অত্যন্ত জরুরি। ভৌত উন্নয়ন পরিকল্পনার সমস্যাগুলি সমাধানের প্রয়োজন, যা নিম্নরূপ:



ম্যাপঃ প্রকল্প এলাকা চিহ্নিত ম্যাপ

ক) উপকূলীয় অঞ্চলকে দেশের উন্নয়ন প্রক্রিয়ার মূলধারার সাথে সংহত করার জন্য উচ্চস্তরের পরিকল্পনার ফলাফলগুলি আঞ্চলিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা।

খ) ঝুঁকিপূর্ণ এলাকাসহ কার্যকরী এবং ভূমি ব্যবহারের প্রয়োজনীয়তা আঞ্চলিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা

গ) ঝুঁকিপূর্ণ এলাকাসহ কার্যকরী এবং ভূমি ব্যবহারের প্রয়োজনীয়তা বিবেচনা করে আঞ্চলিক পরিকল্পনার জন্য কৌশলগত উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা।

ঘ) স্থানীয় পর্যায়ে আরবান এরিয়া প্ল্যান এবং এ্যাকশন প্ল্যান প্রণয়ন করা।

## Prerparation of Payra-Kuakata Comprehensive Plan Focusing on Eco- Tourism

**Sharif Mohammed Tariquzzaman**, Senior Planner, Urban Development Directorate

**Background:**

The project titled "Prerparation of Payra-Kuakata Comprehensive Plan Focusing on Eco- Tourism" with 8 upazilas was started in July 2016 for the purpose of formulating integrated future plan of the southern region centering on the third seaport of the country in payra and utilizing the tourism potential of the southern region. The work of the regional plan of the project and almost the final stage of the project with three package based survey works from June, 2017 to June 2023.

**Project area:** Galachipa, Rangabali and Kalapara upazilas under Patuakhali district and Barguna Sadar, Amtali, Taltali and Patharghata upazilas under Barguna district.

**Area of the project area:** 3322.6 sq km

**Population:** 12,95,421 people and density 369 people per sq km

**Project Duration:** July, 2017 to June, 2023.

**Goals and Objectives:** The purpose of the project is to optimize coastal resources and activities to support marginalized people. Coastal resources and activities are vital to the economy and livelihood of the people of Bangladesh, whose livelihoods are inextricably linked with the productivity and sustainability of the coastal region. The coastal region needs to be integrated with the mainstream of the country's development process. Thus, a development planning approach is essential for the livelihood of the coastal region.

A) Inclusion of high level planning outcomes in the regional planning to integrate the coastal region into the mainstream of the country's development process.

B) Inclusion of functional and land use requirements including risky areas in the regional plan

C) To formulate strategic development plan for regional planning considering risky and land use requirements including risky areas.

D) Formulation of Urban Area Plan and Action Plan at local level.

**প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ**

প্রকল্পের ফিজিক্যাল ফিচার সার্ভে (প্যাকেজ-০১ এবং প্যাকেজ-০৩) , আর্থ- সামাজিক জরিপ, ট্রান্সপোর্ট সার্ভে, জিওলজিক্যাল সার্ভে, হাইড্রো- জিওলজিক্যাল সার্ভের কাজ ইতোমধ্যে সম্পাদিত হয়েছে। Strategic Environmental Assessment (SEA) বিষয়ক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। Survey by Acquisition of Satellite image বিষয়ক Development of Apps, Web Design, Hosting and Maintenance বিষয়ক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে । এছাড়া, ফিজিক্যাল ফিচার সার্ভে (প্যাকেজ-০২), Strategic Environmental Assessment এর কাজ চলমান আছে। প্রকল্পের ব্যাক্তি পরামর্শক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। তাছাড়া, প্রকল্পের খসড়া রিজিওনাল প্ল্যান সম্পন্ন করা হয়েছে, প্রকল্পের পাথরঘাটা উপজেলার খসড়া স্ট্রাকচার প্ল্যান এবং সোনারচর উপজেলার এ্যাকশন প্ল্যান মে, ২০২২ এর মধ্যে সম্পন্ন করা হবে, গলাচিপা, রাঙ্গাবালী উপজেলার খসড়া স্ট্রাকচার প্ল্যান জুন ২০২২ এর মধ্যে সম্পন্ন করা হবে, বরগুনা সদর উপজেলার খসড়া স্ট্রাকচার প্ল্যান জুন ২০২২ এর মধ্যে সম্পন্ন করা হবে, আমতলী, তালতলী, কলাপাড়া এর কাজ জুন ২০২৩ এর মধ্যে সম্পন্ন করা হবে।




ম্যাপ : স্ট্রাকচার প্ল্যান (খসড়া) পাথরঘাটা উপজেলা

**আঞ্চলিক পরিকল্পনার লক্ষ্যঃ**

সম্পদের সর্বোত্তম ব্যবহার এবং দারিদ্র্য হ্রাসের জন্য বহু সাংগঠনিক সম্পৃক্ততা এবং সম্প্রদায়ের অংশগ্রহণের মাধ্যমে সমন্বিত পরিকল্পনা ও বাস্তবায়নের মাধ্যমে টেকসই উন্নয়ন অর্জন করা।

**পরিকল্পনার নির্দিষ্ট উদ্দেশ্য হল:**

- উন্নয়নের সুযোগের সর্বোত্তম ব্যবহার করুন
- বিদ্যমান উন্নয়নের নেতিবাচক বাহ্যিকতা কমিয়ে দেয়া
- পরিবেশগত প্রক্রিয়া সুরক্ষিত
- দারিদ্র্য বিমোচনের জন্য সুবিধার সুষম বণ্টন নিশ্চিত করা

**খসড়া স্ট্রাকচার প্ল্যানঃ** পাথরঘাটা উপজেলায় প্রকল্পের খসড়া স্ট্রাকচার প্ল্যান এর কাজ সম্পন্ন করা হয়েছে।

**Overall progress of the project:**

Project Physical Feature Survey (Package-01 and Package-03), Socio-Economic Survey, Transport Survey, Geological Survey, Hydro-Geological Survey have already been completed. Recruitment of Strategic nvironmental Assessment (SEA) Survey y Acquisition of Satellite Image, evelopment of Apps, Web Design, Hosting nd Maintenance consultancy firm has been ompleted. In addition, Physical Feature urvey (Package-02), Strategic nvironmental Assessment is in progress. ecruitment of individual consultants for e project has been completed. Moreover, e draft regional plan of the project has een completed, the draft structure plan and onar Char Action Plan of Patharghata pazila of the project will be completed by lay, 2022, the draft structure Plan of alachipa, Rangabali upazila will be mpleted by June 2022, the draft structure lan of Barguna Sadar upazila 202 June. The work of Amtali, Taltali, Kalapara will be completed by June 2023.

**Goal of the Regional Plan**

To achieve sustainable development by integrated planning and implementation through multi organizational involvement and community participation for optimum utilization of resources and reduction of poverty

**The specific objectives of the plan are to:**

- Make optimal use of development opportunities
- Minimize negative externalities on existing development
- Safeguard ecological processes
- Ensure equitable distribution of benefits for poverty alleviation

**Draft Structure Plan:** Draft structure plan of the project in Patharghata upazila have been completed

### "নগর উন্নয়ন অধিদপ্তরের পরিকল্পনার ৫০ বছর"শীর্ষক গবেষণা

ইসরাত জাহান, প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর
মোঃ সাইফুর রহমান, প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর

**যৌক্তিকতাঃ**

১৯৮৫ সালের ৫ই জুলাই এক সরকারী আদেশের মাধ্যমে নগর উন্নয়ন অধিদপ্তর প্রতিষ্ঠিত হয়। জন্মলগ্ন থেকেই নগর উন্নয়ন অধিদপ্তর দেশের ছোট, বড়, মাঝারি শহর, নগর বন্দর ও শিল্প এলাকাসমূহের ল্যান্ড ইউজ/মাষ্টার প্ল্যান প্রণয়নের মাধ্যমে শহর এলাকার ভূমির পরিকল্পিত ব্যবহারের দিক নির্দেশনা প্রদান করে আসছে যা অত্র এলাকাসমূহের জন সাধারনের জীবন যাত্রার মান উন্নয়নে প্রত্যক্ষ এবং পরোক্ষ অবদান রাখছে।

নগর উন্নয়ন অধিদপ্তর কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির এখতিয়ার ভূক্ত নিম্ন লিখিত থানা যথাঃ কোতয়ালী, লালবাগ, রমনা, সূত্রাপুর, মতিঝিল, ডেমরা, গেন্ডারিয়া/শ্যামপুর... 

নগর উন্নয়ন অধিদপ্তর কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির এখতিয়ার ভূক্ত নিম্ন লিখিত থানা যথাঃ কোতয়ালী, লালবাগ, রমনা, সূত্রাপুর, মতিঝিল, কেরাণীগঞ্জ, ধানমন্ডি, তেজগাঁও, গুলশান, মোহাম্মদপুর, মিরপুর, টংগী, রূপগঞ্জ, ক্যান্টনমেন্ট, সাভার, জয়দেবপুর, নারায়ণগঞ্জ, ফতুল্লা/বন্দর, সিদ্ধিরগঞ্জ, নরসিংদীএবং তেমরায় জমি অধিগ্রহণের জন্য সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্ব শাসিত সংস্থা কর্তৃক চাহিত ভূমির পরিকল্পিত ব্যবহার বিষয়ে পরিক্ষা-নিরীক্ষা পূর্বক অনাপত্তিপত্র প্রদান করে থাকে। নগর উন্নয়ন অধিদপ্তর নিজস্ব সীমিত জনবল এবং আর্থিক সামর্থ্যের মাধ্যমে ভৌত পরিকল্পনা ও গবেষনা মূলক কর্মকান্ডের দ্বারা দেশের উন্নয়নে অবদান রেখে চলছে। নগর উন্নয়ন অধিদপ্তর পরিকল্পনা প্রণয়নে ২০১১ সাল থেকে ডিজিটাল পদ্ধতি ব্যবহার করে আসছে।

উল্লেখ্য যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সোনার বাংলা বিনির্মানে পরিকল্পনাকে বিশেষ গুরুত্ব দিয়েছিলেন। তিনি পরিকল্পিত উন্নয়নের লক্ষ্যে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় National Physical Plan অন্তর্ভূক্ত করেন। এছাড়া Regional Plan, Urban Planning এর আওতায় District Plan, Development plans for Municipalities নির্দেশনা প্রদান করেন। একটি স্বাধীন রাষ্ট্রের জন্য অঞ্চলভিত্তিক তথ্য ভান্ডারের প্রয়োজনীয়তা উপলব্ধি করে তিনি "Compilation of Information for establishment of a data bank (District wise)" প্রকল্প গ্রহণ করে ছিলেন। রাষ্ট্রের সকল তথ্য সুবিন্যাস রাখাই ছিল এ কার্যক্রমের মূল উদ্দেশ্য (নগর উন্নয়ন অধিদপ্তর; নথি নং- W-০১;৭১-৭২). এছাড়াও পরিকল্পনার অপরিসীম গুরুত্বের বিষয়টি অনুধাবন করতে পেরে ১৯৭২ সালে বাংলাদেশ আরবান ডেভেলপমেন্ট অর্ডিন্যানস এর কার্যক্রম শুরু করেন। যার সূত্র ধরে স্বাধীন বাংলাদেশে নগর পরিকল্পনার/পরিকল্পিত বাংলাদেশের যাত্রা শুরু হয়। (নগর উন্নয়ন অধিদপ্তর; নথি নং- খণ্ড ৬/৬৮-৮৫).

এমতাবস্থায় নগরায়নের এই সময়ে পরিকল্পনার বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা পূর্বক এই দপ্তরের কার্যক্রম সম্পর্কিত "নগর উন্নয়ন অধিদপ্তরের পরিকল্পনার ৫০ বছর" শীর্ষক গবেষণা কার্যক্রমটি খুবই সময়োপযোগী হবে।

### 50 years of planning of the Urban Development Directorate

**Israt Jahan,** Planner, Urban Development Directorate
**Md Saifur Rahman,** Planner, Urban Development Directorate

**Rationality**

Urban Development Directorate was established on 5 July 1985 by a Govt. official order. Since its inception, the UDD has been providing guidelines for the planned use of urban land through the formulation of land use plan / master plans in small, large, medium and urban cities, urban ports and industrial areas of the country.

Urban Development Directorate issues no-objection letters on the planned use of land required by government, semi-government and autonomous bodies for acquisition of land under the jurisdiction of the Central Land Allocation Committee. UDD continues to contribute to the development of the country through its own limited manpower and financial capacity through physical planning and research activities. The Department has been using digital methods in formulating master plans since 2011.

It is to be noted that Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman attached special importance to the plan for the construction of Sonar Bangla. He included the National Physical Plan in the first five-year plan for planned development of the country. He also provides guidance on District Plan, Development plans for Municipalities under Regional Plan, Urban Planning. Realizing the need for a region-based repository of information for an independent state, he undertook the "Compilation of Information for the Establishment of a Data Bank (District wise)" project. The main objective of this program was to keep all the information of the state in order (UDD; File No. w-01; 71-72). Realizing the immense importance of planning, the Bangladesh Urban Development Ordinance was launched in 1972. From which the journey of urban planning / planned Bangladesh started in independent Bangladesh. (Urban Development Directorate; File No. L-6 / 68-85).

In this case, the research program titled "50 years of planning of the Urban Development Directorate" will be very timely considering the importance of planning in this time of urbanization.

**গবেষণার লক্ষ্যঃ**

নগর উন্নয়ন অধিদপ্তর এর জন্ম লগ্ন থেকে অদ্যাবধি (২০২১) পরিচালিত পরিকল্পনা কার্যক্রমের সংকলন প্রস্তুত করণ।

**উদ্দেশ্যঃ**

- নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক সম্পাদিত পরিকল্পনার তালিকা প্রণয়ন।
- পরিকল্পনা সম্পর্কিত কার্যক্রমের সংকলন।
- প্রাপ্ত তথ্য ও উপাত্ত প্রচার

**গবেষণার পদ্ধতিঃ**

- নগর উন্নয়ন অধিদপ্তরের নথি বিশ্লেষণ
- দপ্তর কর্তৃক প্রণীত পরিকল্পনার মডেলের/প্ল্যান বিশ্লেষণ
- একটি ওয়ার্কশপের মাধ্যমে প্রাপ্ত তথ্য ও উপাত্ত সম্পর্কিত তথ্য সংগ্রহ

**গবেষণার তথ্য ও উপাত্ত বিশ্লেষণঃ**

নথি থেকে প্রাপ্ত তথ্য ও উপাত্ত এবং দপ্তর কর্তৃক প্রণীত পরিকল্পনার মডেলের/প্ল্যান এর ডিজিটাল ভার্সন প্রস্তুত পূর্বক বিশ্লেষণ করা হবে। প্ল্যানের স্থানিক তথ্য এবং মডেল প্ল্যানের ডিজিটালরূপ (জি আই এস এবং প্রযোজ্য ক্ষেত্রে ক্যাড ভার্সন) প্রস্তুত করা হবে।

**ফলাফলঃ**

**এই গবেষণার সম্ভাব্য ফলাফল নিম্নরূপঃ**


- নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক গত ৫০ বছরে সম্পন্ন গুরুত্বপূর্ন কাজের তালিকা প্রস্তুত করা।
- নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণীত পরিকল্পনার মডেলের/প্ল্যান এর ডিজিটাল ভার্সন (জিআইএস ডাটাবেইজ) প্রস্তুত করা।
- প্রণীত পরিকল্পনার তালিকা এবং সংক্ষিপ্ত সার-সংক্ষেপ প্রস্তুত করা।

**Vision:**

Preparation of a compilation of planning activities conducted by the Department of Urban Development from its inception to date (2021)

**Objectives**

- Preparation of list of plans executed by the Urban Development Directorate.
- Compilation of planning activities
- Dissemination of received information and data




ম্যাপ : টিপিক্যাল ভিলেজ প্ল্যান, ১৯৭২

**Research method:**

- Analysis of documents of the UDD
- Analysis of plan model / plan prepared by the department
- Collection of information and data obtained through a workshop

**Research data analysis:**

The information and data obtained from the documents and the digital version of the plan model / plan prepared by the department will be prepared and analyzed. Spatial information of the plan and digital version of the model plan (GIS and CAD version where applicable) will be prepared.

**Output:**

**The probable output of this study is as follows:**

- Preparation of list of important works completed by the Department of Urban Development in last 50 years
- Preparation of digital version (GIS database) of the planning model / plan prepared by the Urban Development Directorate
- Preparation of list of prepared plans and summary

### "রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র পার্শ্ববর্তী আটটি উপজেলার দুর্যোগ সহনীয় সমন্বিত ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়নের গুরুত্ব" শীর্ষক কারিগরী সেমিনার

মোঃ **ফখরুল ইসলাম,** সিনিয়র প্ল্যানার (অঃ দাঃ), নগর উন্নয়ন অধিদপ্তর রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী।

নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিসের তত্ত্বাবধানে বিগত ২৮ ডিসেম্বর, ২০২১ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী এর অডিটোরিয়ামে "রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র পার্শ্ববর্তী আটটি উপজেলার দুর্যোগ সহনীয় সমন্বিত ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়নের গুরুত্ব" শীর্ষক একটি কারিগরী সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রকৌ. মোঃ আশরাফুল ইসলাম, প্রধান প্রকৌশলী ও পরিচালক (সাইট), রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ শাহিদুল ইসলাম, বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক, পাকশী, বাংলাদেশ রেলওয়ে, পাকশী এবং জনাব মোঃ আজাদুল হক, চেয়ারম্যান, ব্রিজ টু বাংলাদেশ। সেমিনারে সভাপতিত্ব করেন ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক, পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

সেমিনারের পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র পার্শ্ববর্তী উপজেলাসমুহের দুর্যোগ সহনীয় ভূমি ব্যবহার পরিকল্পনা বিষয়ক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন, জনাব মোঃ ফখরুল ইসলাম, সিনিয়র প্ল্যানার (অঃ দাঃ), রাজশাহী আঞ্চলিক অফিস , রাজশাহী। দুর্যোগ সহনীয় ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়নে নগর উন্নয়ন অধিদপ্তর শিরোনামে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব ইসরাত জাহান, প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। মূল প্রবন্ধে নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণীত বিভিন্ন প্রকল্পের বাস্তবায়ন পদ্ধতি, দুর্যোগ ঝুঁকি বিবেচনা, জলবায়ু পরিবর্তন ও আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা সাপেক্ষে পরিকল্পনা প্রণয়ন ইত্যাদি বিষয়ে আলোকপাত করা হয়েছে। প্রধান অতিথি রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের-পারিপার্শ্বিক/স্থানিক গঠন, দেশের আর্থ-সামাজিক উন্নয়নে পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রয়োজনীয়তা, বিদ্যুৎ কেন্দ্র পার্শ্ববর্তী এলাকাসমুহের ভৌত অবকাঠামোগত, আর্থ-সামাজিক পরিবর্তন ইত্যাদি বিষয়ে সম্যক ধারনা প্রদান করেন।

**সুপারিশসমুহঃ**

(ক) বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের নিরিখে এবং টেকইসই উন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে যুগপোযোগী ও প্রযুক্তির ব্যবহার সমন্বয়ে রূপপুর ও এর পার্শ্ববর্তী এলাকার জন্য দুর্যোগ সহনীয় সমন্বিত ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন করতে হবে।

(খ) মাস্টারপ্ল্যান প্রণয়নের সময় সংশ্লিষ্ট এলাকার ভূ-পৃষ্ঠস্থ পানির ব্যবহারের প্রতি গুরুত্ব দিতে হবে, সে লক্ষ্যে বিদ্যমান সকল জলাশয়কে সংরক্ষিত ঘোষনা প্রদান করতে হবে।

(গ) ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়নকালে কৃষি জমি সুরক্ষার বিষয়টিকে সর্বাধিক গুরুত্ব প্রদান করতে হবে। দুই ও তিন ফসলী জমিতে সকল ধরণের স্থাপনা নির্মাণ নিরুৎসাহিত করতে হবে।

(ঘ) সমন্বিত আঞ্চলিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে গ্রামীণ

### Technical Seminar on "Importance of Preparing Disaster Risk Sensitive Integrated Land Use Plan for 8 Upazilas Adjacent to Rooppur Nuclear Power Plant"

**Md. Fakhrul Islam,** Senior Planner (Addl. Charge),

Urban Development Directorete, Rajshahi Regional Office, Rajshahi

A technical seminar titled "Importance of Preparing Disaster Risk Sensitive Integrated Land Use Plan for 8 Upazilas adjacent to Rooppur Nuclear Power Plant" was held on December 26, 2021 at 10:00 am in the auditorium of Bangladesh Sugarcrop Research Institute, Ishwardi by UDD Rajshahi Regional office a program titled Is. Mr. Md. Ashrafui Islam, Chief Engineer and Director (Site), Rooppur Nuclear Power Plant Project was the Chief Guest of the Seminar. Mr. Md. Shahidul Islam, Divisional Railway Manager, Pakshi, Bangladesh Railway, Pakshi and Mr. Md. Azadul Haque, Chairman, Bridge to Bangladesh were Special Guests and Dr. Khurshid Zabin Hossain Taufique, Director (Current Charge), Urban Development Directorate, Dhaka was the Chairperson of the seminar.

Mr. Md. Fakhrul Islam, Senior Planner (Addl Charge), Rajshahi Regional Office, Rajshahi, preasent a power point on the necessity of Disaster Risk Sensitive Integrated Land Use Plan for 8 Upazilas adjacent to Rooppur Nuclear Power Plant. Israt Jahan, Planner of Urban Development Directorate, Dhaka presented the keynote paper titled Urban Development Diectorate in Preparing Disaster Risk Sensitive Land Use Plan. The keynote paper focuses on the implementation of various projects and preparing different master plans considering disaster risk, climate change and socio-economic conditions etc. The Chief Guest delivered a comprehensive presentation on the Rooppur Nuclear Power Plant and it's surrounding/spatial structure, necessity of nuclear power plants for socio-economic development of the country, physical infrastructural, socio-economic changes etc. of the areas adjacent to the Rooppur Nuclear Power Plant.

**Recommendations:**

(a) Risk Sensitive integrated land use plan for Rooppur and its adjoining areas should be formulated with the use of up-to-dated technology in view of global climate change and ensuring sustainable development.

(b) While preparing the master plan, importance of the use of surface water in the area concerned should be enhanced, in this regard all existing reservoirs should be declared protected.

(c) The issue of protection of agricultural land should be given utmost importance while formulating land use plan. Construction of all types of structures on double and triple crop lands should be discouraged.

(d) "Amar Gram Amar Shahar" should be implemented by providing various civic amenities for the rural areas through

এলাকাগুলোর জন্য বিভিন্ন ধরণের নাগরিক সুবিধা প্রদান করে গ্রামেই শহরের সুবিধা প্রদানের মাধ্যমে "আমার গ্রাম আমার শহর" এর বাস্তবায়ন করতে হবে।

(ঙ) স্থানীয় জনগন ও জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে পরিকল্পনা প্রণয়ন করতে হবে।

(চ) প্রণীত মাস্টার প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে এর বাস্তবায়নকারী প্রতিষ্ঠানকে মাস্টার প্ল্যান যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ নির্দেশনা প্রদান করতে হবে।

(ছ) মাস্টারপ্ল্যানকে আইনী ভিত্তি প্রদান করার লক্ষ্যে এ বিষয়ক "নগর ও অঞ্চল পরিকল্পনা আইন" প্রণয়ন করতে হবে।

(জ) রূপপুর ও এর পার্শ্ববর্তী এলাকার জন্য দূর্যোগ সহনীয় ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়নে নগর উন্নয়ন অধিদপ্তর, সংশ্লিষ্ট সকল দপ্তরের সাথে সমন্বয় সাধন করে কাজ করবে এবং সকল দপ্তর নগর উন্নয়ন অধিদপ্তরকে সার্বিক সহযোগিতা প্রদান করবে।



চিত্র: ২৬/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত সেমিনারের স্থির চিত্র

the formulation of integrated regional development plan.

(e) The plan should be prepared with the involvement of local people and their representatives.

(f) In order to implement the prepared master plan, the implementing organizations hav to provide proper instructions for the proper implementation of the master plan.

(g) In order to provide legal basis to the master plan, "Urban and Regional Planning Act" should be formulated in this regard.

(i) Urban Development Directorate will coordinate with all the concerned organizations in formulating disaster risk sensitive land use plans for Rooppur and its adjoining areas and all organizations will provide overall cooperation to Urban Development Directorate.

### বিশ্ব বসতি দিবস-২০২১

**ইসরাত জাহান**, গবেষণা কর্মকর্তা, নগর উন্নয়ন অধিদপ্তর

বিশ্ব বসতি দিবস প্রথম পালিত হয় ১৯৮৫ সালে। প্রতি বছর অক্টোবর মাসের প্রথম সোমবার বিশ্ব বসতি দিবস পালিত হয়ে থাকে। পৃথিবী ব্যাপী বাসস্থান সমস্যা সমাধানের লক্ষ্যে জাতি সংঘের আওতায় ১৯৮৬ সাল হতে বাংলাদেশ ও বিশ্ব বসতি দিবস উদযাপন করে আসছে। এ বছর ৪ অক্টোবর সারা বিশ্বে বিশ্ব বসতি দিবস ২০২১ পালিত হয়েছে। বিশ্ব বসতি দিবসের এবারের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'Accelerating Urban Action for a Carbon-free World' অর্থাৎ "নগরীয় কর্ম পন্থা প্রয়োগ করি কার্বন মুক্ত বিশ্ব গড়ি"। বিশ্ব বসতি দিবস-২০২১ উদযাপন উপলক্ষ্যে নগর উন্নয়ন অধিদপ্তর সেমিনারের আয়োজন করেছে। উক্ত সেমিনারে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়, সচিব মহোদয়, দপ্তর সংস্থার প্রধানগণ এবং বিভিন্ন দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উপস্থিত সকলেই আবাসন নির্মাণে পরিবেশ বান্ধব উপকরণ ব্যবহারের উপর গুরুত্বারোপ করেন এবং 'বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড-২০২০' সকলকে অনুসরণ করার আহবান জানান।



চিত্র: বিশ্ব বসতি দিবস-২০২১- এ অনুষ্ঠিত সেমিনারের স্থির চিত্র

### World Habitat Day-2021

**Israt Jahan**, Research Officer, Urban Development Directorate

World Habitat Day was first observed in 1985. Every year World Habitat Day is celebrated on the first Monday of October. To solve the global housing problem Bangladesh has been celebrating World Habitat Day since 1986 under the auspices of the United Nations. This year, World Habitat Day 2021 has been celebrated all over the world on October 4. The theme of this year's World Habitat Day has been set'Accelerating Urban Action for a Carbon-free World'. The Urban Development Directoratehas organized a seminar on the occasion of World Habitat Day-2021. The seminar was attended by Hon'ble Minister of Ministry of Housing and Public Works Secretary, Heads of the Departments and senior officials of various departments. All those present emphasized on the use of environmentally friendly materials in the construction of houses and called upon all to follow the 'Bangladesh National Building Code-2020'

## জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা ২০২১

**ইয়ারুন্নেছা খানম,** সহকারী প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর

১৭ মার্চ ২০২১ তারিখে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে "বঙ্গবন্ধুর বাংলাদেশ" বিষয়ে শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা ২০২১ নগর উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে ২৪ মার্চ ২০২১ তারিখে আয়োজন করা হয়। চিত্রাংকন প্রতিযোগিতায় প্রতিযোগীগণ ৩ টিগ্রুপে (ক-গ্রুপঃ বয়স ৬-৮ বছর, খ-গ্রুপঃ বয়স ৮-১০ বছর এবং গ-গ্রুপঃ বয়স ১০-১২ বছর) অংশ গ্রহণ করে। প্রতিযোগিতা শেষে প্রতিযোগীদের পুরস্কার বিতরন করা হয়।



চিত্র : পুরস্কার বিতরনী, শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা, ২০২১

## A Children's Drawing Competition organized on the occasion of Birth centenary of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and National Children's Day 2021

**Yearunnessa khanam,** Assistant Planner, Urban Development Directorate

On the occasion of the Birth centenary of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and National Children's Day on 17 March 2021 was organized a children's drawing competition subject on **"Bangabandhu's Bangladesh"** held on 24 March 2021 in the conference room of the Urban Development Directorate. In the drawing competition contestants participated in 3 groups (A-group: age 6-7 years, B-group: age 8-10 years and C-group: age 10-12 years).At the end of the competition prizes were distributed to the contestants.

## স্মারক বক্তব্য

**ইসরাত জাহান,** গবেষণা কর্মকর্তা, নগর উন্নয়ন অধিদপ্তর

বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে তাঁর "প্রশাসনিক দূরদর্শীতা এবং গৃহায়ণ বিষয়ক ভাবনা" শীর্ষক আলোচনা সভা ২৫/০৩/২১ তারিখে ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক, পরিচালক (চলতি দায়িত্ব) এর সভাপতিত্বে নগর উন্নয়ন অধিদপ্তরের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। নগর উন্নয়ন অধিদপ্তরের সকল কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন। সভাপতি মহোদয় সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বঙ্গবন্ধুর বিভিন্ন দূরদর্শীতা সম্পন্ন কার্যক্রম বিষয়ে আলোচনা করা হয়। পরবর্তীতে উক্ত স্মারক বক্তব্য প্রতিবেদন আকারে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।



চিত্র: ২৫-০৩-২১ তারিখে অনুষ্ঠিত সভার স্থির চিত্র

## Commemorative speech

**Israt Jahan,** Research Officer, Urban Development Directorate

As part of the celebration of Bangabandhu's birth centenary, a discussion meeting titled "Administrative Vision and Thoughts on Housing" was held on 25/03/21 Dr. Khurshid Zabin Hossain Taufique, Director (Current Responsibilities) presided over the seminar room of the Urban Development Directorate. All the officials of the Urban Development Directorate were present in the meeting.Chairman welcomed all the participants and started the proceedings of the meeting. The meeting discussed various far-sighted activities of Bangabandhu. The Commemorative speech was later sent to the ministry in the form of a report.

## শেখ রাসেল দিবস ২০২১

**ইসরাত জাহান**, গবেষণা কর্মকর্তা, নগর উন্নয়ন অধিদপ্তর

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেলের ৫৮তম জন্ম বার্ষিকী উপলক্ষে সোমবার বাংলাদেশে প্রথম 'শেখ রাসেল দিবস' পালিত হয়েছে। শেখ রাসেল দিবস ২০২১ সারা দেশের সকল জেলা-উপজেলায় এবং বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে ১৮ অক্টোবর 'শেখ রাসেল দীপ্তি জয়োল্লাশ, অদম্য আত্মবিশ্বাস' প্রতি পাদ্য নিয়ে 'ক' শ্রেণী দিবস হিসাবে যথাযথ মর্যাদায় পালিত হয়েছে। এ বছর শেখ রাসেলের জন্মদিন ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস হিসেবে ঘোষণা করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, কেক কাটা ও আলোচনা সভাসহ বিভিন্ন কর্মসূচির মধ্যদিয়ে দিবসটি পালন করেছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৃহায়ন ও গণপূর্ত প্রতি মন্ত্রী শরীফ আহমেদ এমপি। মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী নগর উন্নয়ন অধিদপ্তর শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পঅর্পণ, কেক কেটে আলোচনার সভার মাধ্যমে দিবসটি উদ্‌যাপন করেছে এবং শ্রদ্ধা নিবেদন শেষে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়েছে।



চিত্র : শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের স্থির চিত্র

## Sheikh Russel Day 2021

**Israt Jahan**, Research Officer, Urban Development Directorate

The first ever "Sheikh Russel Day" is being observed i Bangladesh on Monday, marking the 58th birthday of Fathe of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman' youngest son Shaheed Sheikh Russel.Sheikh Russel Da 2021 is being celebrated with due dignity in all the district upazilas across the country as we as in Bangladesh embassies abroa as a 'Ka' class day today October 1 with the theme 'Sheikh Russe DiptoJoyollash, Odomy Attobisshash'. The Cabinet Divisio this year declared October 18 th birthday of Sheikh Russelas Sheik Russel Day.The Ministry o Housing and Public Works observe the day with various programme including placing wreaths at Sheik Russel's Portrait, cutting cake an holding discussion. State Ministe for Housing and Public Work Sharif Ahmed joined the programmes as the chief guest.A per the instructions of the ministry, the Urban Developme Directorate celebrated the day by laying wreaths at th portrait of Sheikh Russell, cutting cakes, holding discussio meetings and after paying the tribute, a special doa an munajat was held there.

## নগর উন্নয়ন অধিদপ্তরের ২০২১-২২ অর্থ বছরে ই-গভর্নান্স ও উদ্ভাবন

**মোহসিনাত নাসরিন**, প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর

নগর উন্নয়ন অধিদপ্তরের ২০২১-২২ অর্থ বছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। কর্ম পরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করা হয়েছে। ই-গভর্নান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনার ২০২১-২২ অর্থ বছরের সেবা সহজীকরণ এর লক্ষ্যে আশির দশকের মাস্টারপ্ল্যানসমূহের মধ্যে ০৯ টি ডিজিটাল ভার্সন প্রস্তুত করা হয়েছে, যা জন সাধারনের সহজ লভ্য করার জন্য ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। ৪র্থ শিল্পবিপ্লবের চালেঞ্জ মোকা বেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ এর লক্ষ্যে সভা এবং কর্মশালার আয়োজন করা হয়েছে। তা ছাড়া, কর্ম পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ০৪ টি প্রশিক্ষণ অত্র দপ্তরে আয়োজন করা হয়েছে। কর্ম পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা অয়োজন করা হয়েছে যার মাধ্যমে কর্ম পরিকল্পনা সঠিক ভাবে বাস্তবায়ন হচ্ছে।



চিত্র: কর্ম পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণের স্থির চিত্র

## E-Governance and Innovation of 2021-22 Fiscal Year of Urban Development Directorate

**Mohsinat Nasrin**, Planner, Urban Development Directorate

The activities are being completed as per the e-Governanc and Innovation Work Plan of the Urban Developme Directorate for the financial ye 2021-22. Innovative concepts ha been implemented as per the wo plan. In order to facilitate the Governance and Innovation wo plan 2021-22 Fiscal Year, 12 digit versions have been prepared in t master plans of the eighties, whi have been uploaded on the websi for public access. Meetings a workshops have been organized provide information on what to to meet the challenges of the 4 Industrial Revolution. Besides, trainings related to implementati of Work plan have been organized. A progress revie meeting of the implementation of the Work plan has be organized through which it is possible to monitor whether t Work plan is being implemented properly.

## প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি

ইয়ারুন্নেছা খানম, সহকারী প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর

নগর উন্নয়ন অধিদপ্তরে ২০২১-২০২২ অর্থবছরে বিভিন্ন বিষয়ের উপর অভ্যন্তরীণ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। একই সাথে বিভিন্ন সংস্থা/দপ্তরে বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীগণ অংশগ্রহণ করেছে। যা নগর উন্নয়ন অধিদপ্তরে কর্মকর্তা/কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে।

### ১। বিভিন্ন সংস্থা/ দপ্তরে প্রশিক্ষণঃ

| ক্র নং | প্রশিক্ষণের বিষয় | প্রশিক্ষণের সময়কাল | অংশগ্রহণকারী সংখ্যা | প্রশিক্ষণের স্থান |
|---|---|---|---|---|
| ১ | প্রেক্ষিত পরিকল্পনা (২০১০-২০২১) এর মধ্যবর্তী মূল্যায়ণ এবং বাংলাদেশ রূপকল্প ২০৪১ প্রণয়ন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প দলিলের উপর প্রশিক্ষণ | ২০ মার্চ ২০২২ | ২ জন | বাংলাদেশ পরিকল্পনা কমিশন, সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি), শেরে-ই বাংলা নগর, ঢাকা-১২০৭ |
| ২ | ইনটিগ্রেশন অফ ক্লাইমেট চেইঞ্জ এডাপসান প্রজেক্ট ডেভেলপমেন্ট প্রসেস টু সাপোর্ট ইমপ্লিমেনটেশন অফ ন্যাশনাল এডাপসান প্ল্যান ইন বাংলাদেশ। | ০৬ মার্চ হতে ১০ মার্চ ২০২২ ও ২৭ ফেব্রুয়ারি হতে ০৩ মার্চ ২০২২ | ২ জন | পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও |
| ৩ | অফিস ব্যবস্থাপনা ও আইসিটি কোর্সে | ২০ মার্চ হতে ৩১ মার্চ ২০২২ | ১ জন | আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র |
| ৪ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার | ১৭ ফেব্রুয়ারি ২০২২ | ১ জন | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট, ঢাকা-১২৩০ |
| ৫ | মৌল প্রশিক্ষণ কোর্স | ১৯ সেপ্টেম্বর হতে ৩০ সেপ্টেম্বর ২০২১, ২৪ অক্টোবর হতে ০৪ নভেম্বর ২০২১ ও ০৫ ডিসেম্বর হতে ২৩ ডিসেম্বর, ২০২১ | ৩ জন | আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র |

## Information of Training

Yearunnessa khanam, Assistant Planner, Urban Development Directorate

In the financial year 2021-2022 Urban Development Directorate have arranged in-house training on different subjects. At the same time some employees have participated training on different subjects in different organizations /departments.Which will help to enhancing the skills of employees in the Urban Development Directorate.

### 1.Training in different organizations/departments:

| Sl | Name of Training Course | Duration of training Course | Participants | Place of training Course |
|---|---|---|---|---|
| 1 | A training on Prakhith parikalpona(2010-2021) er Modhoborthi mollayan abong Bangladesh rupkholpo 2041 pronoyan (2nd Shangshodhito) | A One day training held on 20 march 2022 | Two officers | Bangladesh Planning Commission,General Economics Division (GED), Sher-E-Bangla Nagar, Dhaka-1207 |
| 2 | A training on Integration of Climate Change Adaptation Project Development Process to Support Implementation of National Adaptation Plan in Bangladesh. | Ten days training held on 6 to 10 march and 27 February to 3 march 2022 | Two officers | Department of Environment, Agargaon. |
| 3 | A training on Offiice Management and ICT course | Twelve days training held on 20 to 31march 2022 | One officer | Regional Public Administration Training Centre (RPATC) |
| 4 | A training on Grievance Redress System (GRS) & uses of GRS software | Twelve days training held on 20 to 31march 2022 | One officer | Energy and Mineral Resources Division, Bangladesh Petroleum Institute, Dhaka 1230 |
| 5 | A training on Fundamental Training Course | Forty three days training held on 19 to 30 September, 24 October to 4 November and 5 to 23 December 2021 | Three officers | Regional Public Administration Training Centre (RPATC) |

## ২। অভ্যন্তরীণ প্রশিক্ষণ ঃ

| ক্র নং | প্রশিক্ষণের বিষয় | প্রশিক্ষণের সময়কাল | অংশগ্রহণকারী সংখ্যা | প্রশিক্ষণার্থীদের পর্যায় |
|---|---|---|---|---|
| ১ | "এপিএ", "জিআরএস", "সেবা প্রদান প্রতিশ্রুতি" বিষয়ক দিন ব্যাপি অভ্যন্তরীণ প্রশিক্ষণ | ০১জুন ২০২২ | ৩৮ জন | ১১ তম গ্রেড থেকে ২০ তম গ্রেডভুক্ত কর্মচারীগণ |
| ২ | "জিআরএস", "সেবা প্রদান প্রতিশ্রুতি", "এপিএ ২০২২-২৩" এবং "তথ্য অধিকার" বিষয়ক দিন ব্যাপি অভ্যন্তরীণ প্রশিক্ষণ | ৩০ মে ২০২২ | ২০জন | ১০ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মচারীগণ |
| ৩ | ই-গভর্নান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত দিনব্যাপি অভ্যন্তরীণ প্রশিক্ষণ | ২৪ এপ্রিল হতে ২৭ এপ্রিল ২০২২ | ৫৬ জন (প্রতি দিন ১৪ জন করে) | ১০ম গ্রেড ও তদূর্ধ্ব এবং ১১ তম গ্রেড থেকে ২০ তম গ্রেডভুক্ত কর্মচারীগণ |
| ৪ | এপিপি, তথ্য অধিকার, সেবাপ্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার সংক্রান্ত দিনব্যাপি অভ্যন্তরীণ প্রশিক্ষণ | ২২ ফেব্রুয়ারি ২০২২ | ১৯ জন | ১০ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মচারীগণ |
| ৫ | এপিএ ও শুদ্ধাচার কৌশল বিষয়ক দিনব্যাপি অভ্যান্তরীণ প্রশিক্ষণ | ১৩ ফেব্রুয়ারি ২০২২ | ২৬ জন | ১১ তম গ্রেড থেকে ২০ তম গ্রেডভুক্ত কর্মচারীগণ |
| ৬ | পেনশন সহজীকরন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক দিনব্যাপি অভ্যন্তরীণ প্রশিক্ষণ | ২৭ ডিসেম্বর ২০২১ | ২৫ জন | ১১ তম গ্রেড থেকে ২০ তম গ্রেডভুক্ত কর্মচারীগণ |
| ৭ | বাজেট ২০২১-২২, এপিএ ২০২১-২২ এবং তথ্য অধিকার বিষয়ক দিনব্যাপি অভ্যান্তরীণ প্রশিক্ষণ | ৩০ নভেম্বর ২০২১ | ১৭ জন | ১০ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মচারীগণ |
| ৮ | শুদ্ধাচার কৌশল বিষয়ক অভ্যান্তরীণ প্রশিক্ষণ | ২০ নভেম্বর ২০২১ | ২৫ জন | ১০ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মচারীগণ |
| ৯ | এপিএ বিষয়ক অভ্যান্তরীণ প্রশিক্ষণ | ২০ সেপ্টেম্বর ২০২১ | ১৭ জন | ১০ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মচারীগণ |
| ১০ | নথি ব্যবস্থাপনা বিষয়ক অভ্যান্তরীণ প্রশিক্ষণ | ১৫ সেপ্টেম্বর ২০২১ | ১২ জন | ১১ তম গ্রেড থেকে ২০ তম গ্রেডভুক্ত কর্মচারীগণ |

## 2.In house traning:

| Sl | Name of Training Course | Duration of training Course | Participants | Designed Employees |
|---|---|---|---|---|
| 1 | A In house training on APA,Grievance Redress System (GRS) & uses of GRS software and Citizen's Charter. | A day long training session held on 1 June 2022 | Thirty eight Employees | Employees of grade - 11 to grade - 20 |
| 2 | A In house training onGrievance Redress System (GRS) & uses of GRS software, Citizen's Charter, APA-2022-23 andRight to Information | A day long training session held on 30May 2022 | Twenty Employees | Employees of grade - 10 to above |
| 3 | A In house traning on e-Governance and Innovation WorkPlan | A Four days training held on 24 to27 april 2022 | Fifty six Employees (Per day 14) | Employees of grade - 10 to above and grade - 11 to grade - 20 |
| 4 | A In house traning on Annual Procurement Plan (APP), Right to Information,Citizen's Charter and Grievance Redress System (GRS) & uses of GRS software | A day long training session held on 22 February 2022 | Nineteen Employees | Employees of grade - 10 to above |
| 5 | A In house traning on Annual performance agreement (APA) AndIntegrity Strategy | A day long training session held on 13 February 2022 | Twenty six Employees | Employees of grade - 11 to grade - 20 |
| 6 | A In house traning on Pension Simplification, Grievance Redress System (GRS) & uses of GRS software and Citizen's Charter | A day long training session held on 27 December 2021 | Twenty five Employees | Employees of grade - 11 to grade - 20 |
| 7 | A In house traning on budget 2021-22, Annual performance agreement (APA) 2021-22 and Right to Information | A day long training session held on 30 November 2021 | Seventeen Employees | Employees of grade - 10 to above |
| 8 | A In house traning on Integrity Strategy | A three hour training session held on 20 November 2021 | Twenty five Employees | Employees of grade - 10 to above |
| 9 | A In house traning on Annual performance agreement (APA) | A three hour training session held on 20 September 2021 | Seventeen Employees | Employees of grade - 10 to above |
| 10 | A In house traning on Nothi management | A one hour training session held on 15 September 2021 | Twelve Employees | Employees of grade - 11 to grade - 20 |

## "শরিয়তপুর জেলার ছয়টি উপজেলার সমন্বিত পরিকল্পনা প্রণয়ন (নড়িয়া, জাজিরা, শরিয়তপুর সদর, ডামুড্যা, ভেদরগঞ্জ এবং গোঁসাইরহাট উপজেলা)" শীর্ষক প্রকল্প

ফৌজিয়া শারমিন তিথি, প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর

**পটভূমি :**

বাংলাদেশ ও অন্যান্য দেশের উন্নয়ন মূলত নগর ও বড় বড় অঞ্চল কেন্দ্রিক। উন্নয়নশীল দেশে নগরায়ন একটি অন্যতম প্রধান শক্তিতে পরিণত হয়েছে। শহরগুলো মূলত একটি দেশের প্রবৃদ্ধি ও উন্নয়নের অন্যতম প্রধান চালিকা কারন শহরে চাকরী, অবকাঠামো ও নাগরিক সুযোগ সুবিধা বেশী পরিমাণে থাকে। প্রস্তাবিত প্রকল্পটি সামগ্রিকভাবে শরীয়তপুর জেলা বিবেচনা করে আঞ্চলিক উন্নয়ন দৃষ্টিকোণ থেকে প্রস্তুত করা হবে। এটি শরীয়তপুর জেলার অন্তর্গত ছয়টি উপজেলা শরীয়তপুর সদর, ভেদরগঞ্জ, নড়িয়া, গোঁসাইরহাট, ডামুড্যা ও জাজিরা এর উন্নয়ন পরিকল্পনা প্রস্তাব তৈরির উপর জোর দেবে। নগর অঞ্চলগুলি এখন বিভিন্ন ধরনের সমস্যার মুখোমুখি হচ্ছে যা দিনদিন পরিবেশের অবস্থার অবনতি করছে। নগরায়নের অত্যাধিক বৃদ্ধির হার উন্নয়নের ক্ষেত্রে একটি বড় চ্যালেঞ্জ তৈরি করছে। বিশৃঙ্খল নগর বিকাশ, বেকারত্ব, পরিবেশের অবক্ষয়, প্রাকৃতিক দুর্যোগের পথে বড় বাধা। উন্নত বিশ্বে বিস্তৃত বিকাশের উন্নয়নের ক্ষেত্রে নগর ও পল্লী অর্থনীতির মধ্যকার সম্পর্কগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গ্রামীণ এবং শহুরে অঞ্চলে এই ভূমি ব্যবহারের রূপান্তর নিয়ন্ত্রণের জন্য একটি উপযুক্ত ব্যবস্থা প্রয়োজন।

**প্রকল্প এলাকা:**

| ক্রমিক নং | প্যাকেজসমূহ | উপজেলার নাম |
|---|---|---|
| ১ | প্যাকেজ-০১ | নড়িয়া ও জাজিরা উপজেলা |
| ২ | প্যাকেজ-০২ | শরিয়তপুর সদর ও ডামুড্যা উপজেলা |
| ৩ | প্যাকেজ-০৩ | ভেদরগঞ্জ ও গোঁসাইরহাট উপজেলা |

**প্রকল্প এলাকার আয়তন :** ১১৭৪.০৪ বর্গ কিলোমিটার

**জনসংখ্যা :** ১১,৫৫,৮২৪ জন

**প্রকল্পের মেয়াদ :** প্রাথমিকভাবে জুলাই, ২০২১ হতে জুন, ২০২৪

**লক্ষ্য ও উদ্দেশ্য:**

(ক) প্রকল্পের আওতাধীন শরিয়তপুর জেলার অন্তর্গত ০৬ টি উপজেলার সমন্বিত ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন করা



## Preparation of Comprehensive Plan for Six Upazilas of Shariatpur district (Naria, Zanjira, Shariatpur Sadar, Damudya, Bhedarganj and Gosairhat Upazila)

**Fauzia Sharmin Tithi,** Planner, Urban Development Directorate

**Background:**

The development of Bangladesh and other countries is mainly centered on cities and large areas. Urbanization has become one of the major forces in developing countries. Cities are one of the main drivers of growth and development in a country because they have a lot of jobs, infrastructure and civic amenities. The proposed project will be prepared from a regional development perspective considering Shariatpur district as a whole. It will focus on the development plan proposal of six upazilas Shariatpur Sadar, Bhedarganj, Naria, Gosairhat, Damudya and Zanjira under Shariatpur district. Urban areas are now facing various problems which are deteriorating the environment day by day. The rapid growth rate of urbanization is creating a big challenge for development. Chaotic urban development, unemployment, environmental degradation, major obstacles to natural disasters. The relationship between urban and rural economies is playing an important role in the development of broader development in the developed world. Appropriate measures are needed to control the transformation of this land use in rural and urban areas.



Map: Map of Shariatpur District

**Project Area:**

| SL No. | Packages | Upazila Name |
|---|---|---|
| 1 | Package-01 | Naria & Zanjira Upazila |
| 2 | Package-02 | Shariatpur Sadar & Damudya Upazila |
| 3 | Package-03 | Bhedarganj & Gosairhat Upazila |

**Project Area:** 1174.04 Square Kilometer

**Population:** 11,55,824

**Project Duration:** Primarily Proposed From July 2021 to June 2024

**Project Objectives:**

a. To formulate Integrated Land Use Plan of 06 upazilas under Shariatpur district under the project.

b. Properly regulate the land use conversion process as

(খ) প্রয়োজনীয়তা সাপেক্ষে ভূমি ব্যবহার রূপান্তর প্রক্রিয়াকে সঠিক পদ্ধতিতে নিয়ন্ত্রন করা

(গ) অপরিকল্পিত নগরায়নকে লাগশইভাবে নিয়ন্ত্রন করে মূল্যবান কৃষি জমি রক্ষা করা

(ঘ) কাঠামো ও অ-কোঠামোগত উপায়সমূহ চিহ্নিত করে লাগশই পদ্ধতিতে জনসাধারনের দূর্যোগের ঝুঁকি হ্রাস করা

(ঙ) জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাবকে হ্রাস করে ঝুঁকি নিরসনের জন্য সরকারের বিভিন্ন নীতিমালার আলোকে পরিকল্পনা প্রণয়ন এবং সম্ভাব্য ভূমি ব্যবহারের অভিযোজন কৌশল বিষয়ে পরামর্শ প্রয়োগ নিশ্চিত করা

(চ) প্রকল্পের আওতাভুক্ত এলাকায় গ্রোথ সেন্টারগুলির উন্নয়নের জন্য সরকারী বিধিমতো নীতিমালা অনুযায়ী বিস্তারিত ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন

(ছ) ছয়টি উপজেলার সামগ্রিক উন্নয়ন এবং বিদ্যমান ভূমি ব্যবহার ও আর্থ-সামাজিক অবস্থার ভবিষ্যত পরিবর্তনকে সুনিয়ন্ত্রিত ও পরিকল্পিত উপায়ে সমন্বয় করার জন্য পরিকল্পনা প্যাকেজ প্রণয়ন

**প্রকল্পের লক্ষ্যমাত্রা**

- ০১ টি সাব রিজিওনাল প্ল্যান (১১৭৪.০৪ বর্গ কি.মি)
- ০৬ টি উপজেলার জন্য ০৬ টি স্ট্রাকচার প্ল্যান (১১৭৪.০৪ বর্গ কি.মি)
- ০৬ টি উপজেলার জন্য ০৬ টি আরবান এরিয়া প্ল্যান (৮১.৩৩৮ বর্গ কি.মি)
- ০৬ টি উপজেলার জন্য ০৬ টি রুরাল এরিয়া প্ল্যান (১০৯২.৭০২বর্গ কি.মি)
- এ্যাকশন এরিয়া প্ল্যান

**"রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পার্শ্ববর্তী আটটি (লালপুর, ঈশ্বরদী, আটঘরিয়া, পাবনা সদর, ভেড়ামারা, দৌলতপুর, মিরপুর (কুষ্টিয়া) এবং কুমারখালী) উপজেলার জন্য একটি দুর্যোগ সহনীয় সমন্বিত ভূমি ব্যবহার মহাপরিকল্পনা প্রণয়ন"**

**মোঃ ফখরুল ইসলাম,** সিনিয়র প্ল্যানার (অঃ দাঃ), নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী।

**পটভূমি ঃ**

দেশের আর্থ-সামাজিক উন্নয়নের পাশাপাশি মানুষের জীবনযাত্রার মান বৃদ্ধির লক্ষ্যে এবং দেশের বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা বিবেচনা বাংলাদেশ সরকার ঈশ্বরদী উপজেলার রূপপুরে একটি পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের উদ্যোগ নিয়েছেন। পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রটি দেশের উত্তর-পশ্চিমে ঢাকা থেকে ১৪০ কিলোমিটার পশ্চিমে পাকশী এবং পদ্মা নদীর তীর সংলগ্ন পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার রূপপুরে নির্মাণ করা হচ্ছে। দেশের প্রথম পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের নিয়ন্ত্রণাধীন এলাকার গঠনগত বৈশিষ্ট্যের কারণে পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের পরিসীমা সংলগ্ন এলাকা বিশেষ করে আটটি উপজেলার

required

c. Protect valuable agricultural land by regulating unplanned urbanization

d. Reducing the risk of public disasters in a timely manner by identifying structural and non-structural means.

e. Ensuring the formulation of plans in the light of various government policies to mitigate risks while mitigating the adverse effects of climate change and ensuring the application of advice on possible land use adaptation strategies.

f. Preparation of detailed land use plan for development of Growth Centers in the project area as per government rules and regulations.

g. Preparation of planning package for overall development of six upazilas and coordination of existing land use and future changes in socio-economic conditions in a well-controlled and planned manner.

**Project targets**

- 01 Sub-Regional Plan (1174.04 Square Kilometer)
- 06 Structure Plan for 06 Upazilas (1174.04 Square Km)
- 06 Urban Area Plan for 06 Upazilas (81.338 Square Km)
- 06 Rural Area Plan for 06 Upazilas (1092.702 Square Km)
- Action Area Plan

**"Strategic Eight Upazilas Risk Sensetive Landuse Plan Around 25 Km of Rooppur Nuclear Power Plant (Lalpur, Ishwardi, Pabna Sadar, Kushtia Sadar, Bheramara, Daulatpur, Mirpur (Kushtia) and Kumarkhali Upazilas)"**

**Md. Fakhrul Islam,** Senior Planner (Addl. Charge)
Urban Development Directorete, Rajshahi Regional Office, Rajshahi

**Background :**

The Government of Bangladesh has taken initiative to build a nuclear power plant at Rooppur in Ishwardi Upazila in view of the country's socio-economic development as well as increasing the living standards of the people and considering the growing demand for electricity in the country. The nuclear power plant is being constructed at Rooppur in Ishwardi upazila of Pabna district, 140 km west of Dhaka in the northwest of the country and adjacent to Pakshi and Padma River banks. Due to the structural features of the area under the control of the country's first nuclear power plant, the area adjacent to the perimeter of the nuclear power plant

উন্নয়ন কর্মকান্ড, স্থানীয় ভূমি ব্যবহার, যোগাযোগ ও পরিবহন ব্যবস্থা, কৃষি, শিল্প, পরিবেশ ইত্যাদি বিষয়ে উল্লেখযোগ্য প্রভাব পড়বে। পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র প্রস্তাবিত এলাকার মানুষের সামাজিক ও অর্থনৈতিক কর্মকান্ড এবং যাবতীয় উন্নয়নের ক্ষেত্রে একটি বড় ধরণের নিয়ামক হিসেবেও বিবেচিত হতে পারে। বিদ্যুৎ কেন্দ্রটি চালু পরবর্তী উন্নয়ন কর্মকান্ডকে জাতীয় পর্যায়ের উন্নয়নের সাথে সমন্বিত করার লক্ষ্যে জরুরী ভিত্তিতে প্রস্তাবিত এলাকার জন্য একটি সমন্বিত উনয়ন পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন।

**প্রকল্প এলাকাঃ** রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Emergency Planning Zone (EPZ) এর পরিসীমা সংলগ্ন আটটি উপজেলা (লালপুর, ঈশ্বরদী, আটঘরিয়া, পাবনা সদর, ভেড়ামারা, দৌলতপুর, মিরপুর (কুষ্টিয়া) এবং কুমারখালী)।

**প্রকল্প এলাকার আয়তন এবং জনসংখ্যাঃ** ২৫৪২.২০ বঃ কিঃ মিঃ এবং ৩০৯৫৭৪২ (সূত্রঃ বিবিএস কমিউনিটি সিরিজ, ২০১১)

**প্রকল্পের মেয়াদ ঃ** জুলাই, ২০২২ হতে জুন, ২০২৫

**প্রকল্প গ্রহণের যৌক্তিকতা ঃ**

পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের কেন্দ্র থেকে ২৫ কিলোমিটার ব্যাসার্ধ বিশিষ্ট এলাকাকে Emergency Planning Zone (EPZ) বিবেচনা করে এ এলাকার সকল ধরণের উন্নয়ন একটি পরিকল্পিত পদ্ধতি অনুসারে হওয়া উচিত। Emergency Planning Zone (EPZ) এর পার্শ্ববর্তী সমস্ত উপজেলাগুলোর উপর প্রভাব বিস্তার করবে। সুতরাং পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Emergency Planning Zone (EPZ) কাছাকাছি বা সংলগ্ন উপজেলার শহর ও গ্রামীণ অঞ্চলে সমস্ত উন্নয়ন কার্যক্রম পরিকল্পিতভাবে হওয়া উচিত। অননুমোদিত ভূমি ব্যবহারের পরিবর্তন প্রতিরোধকল্পে একটি বিশদ উন্নয়ন পরিকল্পনা প্রয়োজন যা প্রস্তাবিত এলাকার শহর বা গ্রামীণ অঞ্চলে সকল অননুমোদিত ও অপরিকল্পিত উন্নয়নকে নিরুৎসাহিত করবে। বিশুদ্ধ পরিবেশ নিশ্চিত করণ এবং যথাযথভাবে জীবন যাত্রার মান বজায় রাখার লক্ষ্যে অবকাঠামোগত উন্নয়ন, বিভিন্ন পরিসেবা এবং আধুনিক সুযোগ-সুবিধা প্রদানের পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। সার্বিক বিবেচনায়, Emergency Planning Zone (EPZ) এর পরিসীমা সংলগ্ন আটটি উপজেলার উপর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের এবং দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব বিবেচনা করে প্রস্তাবিত এলাকার পরিকল্পিত ভূমি ব্যবহার নিশ্চিত করতঃ কৃষি জমি সুরক্ষা এবং পরিকল্পিত নগরায়নের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে বেকার ও দারিদ্রতা সমস্যা দূরীকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিত করণের লক্ষ্যে "স্ট্রাটেজিক এইট (৮) উপজেলাস রিস্ক সেনসিটিভ ল্যান্ড ইউজ প্ল্যান এারাউন্ড ২৫ কিমি অফ রূপপুর নিউক্লিয়ার পাওয়ার প্লান্ট (লালপুর, ঈশ্বরদী, আটঘরিয়া, পাবনা সদর, ভেড়ামারা, দৌলতপুর, মিরপুর (কুষ্টিয়া) এবং কুমারখালী উপজেলাস)" শীর্ষক প্রকল্পটি সহায়ক হবে।

**প্রকল্পের উদ্দেশ্যঃ**

(১) "আমার গ্রাম-আমার শহর" রূপকল্পের বাস্তবায়নে প্রয়োজনীয় বিভিন্ন নাগরিক সুবিধা সম্বলিত নগর ও গ্রামীন পরিকল্পনা প্রণয়ন করা।

especially in eight upazilas will have a significant impact on development activities local land use, communication and transportation system, agriculture, industry, environment etc. The nuclear power plant can also be considered as a major regulator for the social and economic activities and development of the population of the proposed area. An integrated development plan for the proposed area needs to be formulated on an urgent basis to coordinate the development activities of the power plant with the development of the national level.

**Project Area:** Eight upazilas (Lalpur, Ishwardi, Atgharia, Pabna Sadar, Bheramara, Daulatpur, Mirpur (Kushtia) and Kumarkhali) adjoining the Emergency Planning Zone (EPZ) range of Rooppur Nuclear Power Plant.

**Area And Population of the Project Area :** 2542.20 km2 and 3095642 (Source: BBS Community Series, 2011)

**Project Duration :** July, 2022 to June, 2025

**Rationality of the Project :**

Considering the area with a radius of 25 km from the centre of the nuclear power plant as Emergency Planning Zone (EPZ), all kinds of development in this area should be done according to a planned procedure. The Emergency Planning Zone (EPZ) will affect all surrounding upazilas. Therefore, all development activities in urban and rural areas of or near the Emergency Planning Zone (EPZ) of the nuclear power plant should be in a planned manner. A detailed development plan is required to prevent changes in unauthorized land use and it will also discourage all unauthorized and unplanned development in urban or rural areas of the project area. Adequate measures need to be taken to provide infrastructural development, various services and modern facilities in order to ensure a clean environment and maintain a proper standard of living. Overall, considering the adverse effects of nuclear power plant, disasters and climate change on eight adjacent upazilas of the Emergency Planning Zone (EPZ) of RNPP, preserving agricultural land protection to ensure planned land use in the proposed area, eliminating unemployment and poverty problem and ensuring socio-economic development by creating employment opportunities through planned urbanization, Strategic Eight (6) Upazila Risk Sensitive Land Use Plan Around 25 km of Rooppur Nuclear Power Plant (Lalpur, Ishwardi, Atgharia, Pabna Sadar, Bheramara, Daulatpur, Mirpur (Kushtia)) and The project will be very helpful.

**Objectives of the Project:**

(1) Formulation of urban and rural plans with various civic amenities required for the implementation of the "Amar Gram Amar Shahar"vision.

(২) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Emergency Planning Zone (EPZ) সংলগ্ন আটটি উপজেলার বিদ্যমান ভূমি ব্যবহার বিবেচনায় রেখে আর্থ-সামাজিক অবস্থার ভবিষ্যত পরিবর্তনকে সমন্বয় করে দুর্যোগ ঝুঁকি সহনীয় ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন করা।

**রূপপুর পরমাণু বিদ্যুৎ কেন্দ্রের পারিপার্শ্বিক/স্থানিক গঠনঃ**
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের তথ্যানুসারে, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পার্শ্ববর্তী এলাকাকে দু'টি অঞ্চলে বিভক্ত করা হয়েছে যথাঃ (ক) Precautionary Action Zone/Sterilized Zone এবং (খ) Emergency Planning Zone (EPZ)।

**(ক) Precautionary Action Zone/Sterilized Zone:** রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Precautionary Action Zone/Sterilized Zone এর ব্যাসার্ধ নির্ধারণ করা হয়েছে ৩ কিঃ মিঃ। এ ৩ কিঃ মিঃ অঞ্চলের মধ্যে নিম্নোক্ত বিষয়াদি বিবেচ্যঃ

রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ৩ কিঃমিঃ ব্যাসার্ধের মধ্যে বিদ্যমান প্রাকৃতিক বিকাশ (Natural Growth) কোনক্রমে বিনষ্ট করা যাবে না। এই জোনের মধ্যে বর্তমানে জনসংখ্যার বৃদ্ধির হার যেইরূপ আছে ভবিষ্যতেও সেইরূপ বজায় রাখার জনসচেতনতা মূলক কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। এ অঞ্চলে স্থায়ীভাবে মানুষজনের migration নিয়ন্ত্রণ করতে হবে। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের এই অঞ্চলের মধ্যে নতুন করে নগরায়ন (urbanization) করা সমীচীন হবে না। এ অঞ্চলের ভূমি অধিকার ও যথাযথভাবে ব্যবহারের জন্য সম্ভব হলে উক্ত অঞ্চলকে কৃষিজ অঞ্চল (agricultural zone) হিসাবে ঘোষণা করা যেতে পারে। এই অঞ্চলে যোগাযোগ ব্যবস্থা যেকোন পরিস্থিতিতেই সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এই জন্য রাস্তাঘাট নির্মাণ ও নৌপথ নির্মাণ/চালু করার বিষয়ে সুনির্দিষ্ট নীতিমালা অনুসরণ করতে হবে। রাস্তাঘাটে যথেষ্ট প্রশস্থ এবং সুনিয়ন্ত্রিত ট্রাফিক ব্যবস্থা নিশ্চিত করতে হবে।




ম্যাপঃ প্রকল্প এলাকা

**(খ) Emergency Planning Zone (EPZ):** রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Emergency Planning Zone (EPZ) এর ব্যাসার্ধ নির্ধারণ করা হয়েছে ২৫ কিঃমিঃ। এই ২৫ কিঃমিঃ অঞ্চলের মধ্যে নিম্নোক্ত বিষয়াদি বিবেচ্যঃ

এই অঞ্চলের মধ্যে নতুনভাবে নগরায়নের ক্ষেত্রে ক্লাস্টার (cluster) ভিত্তিকভাবে আধুনিক আবাসন ব্যবস্থা, এবং ব্যবসা প্রতিষ্ঠান/শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলা প্রয়োজন। চিত্তবিনোদন কেন্দ্র সমূহ (পার্ক, খেলার মাঠ ইত্যাদি) হাট বাজার এই ২৫ কিঃ মিঃ ব্যাসার্ধের মধ্যে যে সকল স্থানে জনসংখ্যার ঘনত্ব কম আছে সেই সকল স্থানে গড়ে তোলা প্রয়োজন। এই অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা (রাস্তাঘাট ও নৌপথ) প্রশস্থ ও আধুনিক হওয়া বাঞ্চনীয়। রাস্তাঘাট সমূহ যেকোন পরিস্থিতিতেই

(2) To formulate disaster risk sensitive land use plan by adjusting the future changes of socio-economic conditions, keeping in view the existing land use of eight upazilas adjacent to Emergency Planning Zone (EPZ) of Rooppur Nuclear Power Plant.

**Spatial Structure of Rooppur Nuclear Power Plant:**
According to the Bangladesh Atomic Energy Commission, the area around the Rooppur Nuclear Power Plant has been divided into two segments namely: (a) Precautionary Action Zone/Sterilized Zone and (b) Emergency Planning Zone (EPZ).

**(a) Precautionary Action Zone/ Sterilized Zone :** The radius of Precautionary Action Zone/ Sterilized Zone of Rooppur Nuclear Power Plant has been fixed at 3 km. The following issues are to be considered in this region:

The existing natural growth within the 3 km radius of Rooppur nuclear power plant cannot be destroyed in any way. Public awareness activities need to be undertaken in the future to maintain the current rate of population growth in this zone. Migration of people in this region should be controlled permanently. It would not be appropriate to re-urbanize this area of Rooppur Nuclear Power Plant. The area can be declared as an agricultural zone if it is possible for land rights and proper use of the area. Necessary steps have to be taken to keep the communication system in this area operational in any situation. For this, specific policies have to be followed regarding construction of roads and commissioning of waterways. Adequate width of roads and well-regulated traffic system should be ensured.

**(b) Emergency Planning Zone (EPZ):** The radius of Emergency Planning Zone (EPZ) of Rooppur Nuclear Power Plant has been fixed at 25 km. The following issues are to be considered in this region:

New urbanization in the region requires cluster based modern housing, and business/industrial establishments. Recreation centres (parks, play grounds etc.) hat bazar etc. are necessary to build in places where the population density is less within the radius. The communication system (roads and water ways) of this region should be wide and modern. Roads need to be constructed by ensuring easy and safe accessibility, easy

সহজে ও নিরাপদে ব্যবহারের উপযোগী (accessible), সহজে ও নিরাপদে চলাচল উপযোগীসহ সরকারি নীতিমালা অনুসরণ ও সুনিয়ন্ত্রিত ট্রাফিক ব্যবস্থা নিশ্চিত করে নির্মাণ করা প্রয়োজন।

**পরিকল্পনার সংক্ষিপ্ত রূপরেখা ও কার্য পরিধিঃ**

উল্লেখিত আটটি উপজেলার মধ্যে কুষ্টিয়া সদর উপজেলার "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর কুষ্টিয়া সদর উপজেলা" শীর্ষক প্রকল্পের কাজ চলমান আছে। অত্র প্রকল্পের সাথে দ্বৈততা এড়ানোর লক্ষ্যে কুষ্টিয়া উপজেলার প্রকল্পে যে সকল বিষয়গুলো অন্তর্ভুক্ত নেই সেই বিষয়গুলোর কার্যক্রম সম্পন্ন করা হবে। পরিকল্পনার সংক্ষিপ্ত রূপরেখা ও পরিধি নিম্নে আলোচনা করা হল।

**(১) উপ আঞ্চলিক পরিকল্পনাঃ**

একটি উপ আঞ্চলিক পরিকল্পনা আগামী ২০ বছরের জন্য প্রস্তুত করা হবে। পরিকল্পনাটি পরবর্তী ২০ বছরের ভূমি ব্যবহারের জন্য নির্দেশনা এবং কাঠামো সরবরাহ করবে। এই পরিকল্পনাটি বিভিন্ন জাতীয় নীতিমালা এবং আঞ্চলিক স্তরের সেক্টরাল এজেন্সিগুলোর কৌশল অনুসারে প্রস্তুত করা হবে। এ পরিকল্পনার সময়কাল ২০ বছর।

**(২) স্ট্রাকচার প্ল্যানঃ**

স্ট্রাকচার প্ল্যানের কৌশলগত নীতিমালা অনুসারে সুশৃঙ্খল নগর ও পল্লী জনবসতি গড়ে তোলার লক্ষ্যে জমির ব্যবহার নিয়ন্ত্রণ করার জন্য আইনী কাঠামোর প্রয়োজন রয়েছে। স্ট্রাকচার প্ল্যান (ক) ভূমি ব্যবহারের স্বতন্ত্র স্থানিক বিন্যাসের ফলে সৃষ্ট অসুবিধাসমূহ দূরীকরণে এবং (খ) সম্পদ সংরক্ষণ ও সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে সুরক্ষা ও জনকল্যাণকে উৎসাহিত করবে। স্ট্রাকচার প্ল্যানের উদ্দেশ্য এবং বিধি বিধানগুলো প্রয়োগ করার জন্য ভূমি জোনিং অনুসরণ করা হবে। এ পরিকল্পনার সময়কাল ২০ বছর।

**(৩) আরবান এরিয়া প্ল্যানঃ**

আরবান এরিয়া প্ল্যান পরবর্তী ১০ (দশ) বছরে প্রকল্পের অন্তর্ভুক্ত উপজেলার নির্ধারিত শহর এলাকা ও অন্যান্য নগর এলাকার ভূমি ব্যবহার ও অবকাঠামোগত বিকাশকে নির্দেশিত করে। এ পরিকল্পনার সময়কাল ১০ বছর।

**(৪) গ্রামীণ পরিকল্পনাঃ**

গ্রামীণ জনপদের জন্য ১০ বছর মেয়াদী ভূমি ব্যবহার নিয়ন্ত্রণের নীতিমালা। স্থানীয় জনগণের অংশ গ্রহণ মূলক পদ্ধতির মাধ্যমে গ্রামীণ অঞ্চল পরিকল্পনা প্রণয়ন করা হয়। গ্রামীণ এলাকার গ্রোথ সেন্টারসমূহের উন্নয়নের জন্য তাদের ক্রমশঃ একত্রীভূতকরণের নিমিত্ত নীতিমালা ও পরিকল্পনা প্রণয়ন করা হয়।

**(৫) অ্যাকশন প্ল্যানঃ**

অ্যাকশন প্ল্যান হলো স্ট্রাকচার প্ল্যানের কাঠামো পরিকল্পনার প্রতি পাঁচ বছর সময়কালের একটি পৃথক কর্ম পরিকল্পনা। স্ট্রাকচার প্ল্যানের আওতায় অগ্রাধিকার ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়ার জন্য সীমিত পর্যায়ে নির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের জন্য ৫ (পাঁচ) বছরের মধ্যে বাস্তবায়িত হতে পারে এমন কার্যক্রম অ্যাকশন প্ল্যান এ অন্তর্ভুক্ত থাকে। বর্তমানে কি রয়েছে এবং ভবিষ্যতে কি ঘটতে পারে-এ দুয়ের মধ্যে অনিশ্চয়তা কাঠামো এবং একটি সমন্বিত উন্নয়নের কাঠামো তৈরীর মাধ্যমে

and safe movement in any situation, following government policies and ensuring a well-regulated traffic system.

**Brief Outline of the Plan and Scope of Work**

Among the eight upazilas mentioned, a project titled "Preparation of Development Plan for Kushtia Sadar Upazila" is in progress. In order to avoid duplication with this project, the activities or the issues which are not included in the project of Kushtia Upazila will be completed under this project. A brief outline and scope of the plan is discussed below:

**(1) Sub-Regional Plan:**

A sub-regional plan will be prepared for the next 20 years. The plan will provide guidelines and framework of land use for the next 20 years. The plan will be prepared in accordance with the various national policies and strategies of the sectoral agencies at the regional level. The duration of this plan is 20 years.

**(2) Structure Plan:**

Legal framework is required to regulate land use for building organised urban and rural settlements as per the strategic principles of the Structure Plan. The Structure Plan will promote protection and public welfare by (i) eliminating the disadvantages of spatial arrangement of land use, and (ii) conservation of resources and ensuring optimal use of limited resources. Land zoning will be followed to implement the objectives and provisions of the structure plan. The duration of this plan is 20 years.

**(3) Urban Area Plan:**

The Urban Area Plan covers land use and infrastructural development in the designated urban areas and other urban areas of the upazilas included for the next 10 (ten) years. The duration of this plan is 10 years.

**(4) Rural Plan:**

It is a land use control policy for rural areas for a period of 10 years. Rural area planning is formulated through participatory approach of local people. Policies and plans are formulated for the gradual integration of rural development centres for their development.

**(5) Action Plan:**

An action plan is a separate plan for a five-year period of different issues or proposals of a structure plan. The Action Plan includes activities that can be implemented within 5 (five) years to achieve specific objectives at a limited level for decision making on a priority basis under the Structure Plan. The main objective of the Action Plan is to reduce the uncertainty between what is present and what may happen in the future and to lay the

সরকারি ও বেসরকারি সংস্থাসমূহের মধ্যে একটি অভিন্ন লক্ষ্যের ভিত্তি প্রস্তুত করাই অ্যাকশন প্ল্যানের মূল উদ্দেশ্য। সম্পদের প্রাপ্যতা, প্রকল্প নির্বাচন এবং প্রকল্পের মূল্যায়ন অ্যাকশন প্ল্যানে অন্তর্ভুক্ত থাকে। সম্পদের প্রাপ্যতার ক্ষেত্রে অ্যাকশন প্ল্যানের মেয়াদকালে পরিকল্পিত উন্নয়নের জন্য পূর্বে প্রাপ্ত তহবিল এবং প্রকল্প বাস্তবায়নে তহবিলের প্রাপ্যতা বিশ্লেষণ করা হয়।

**প্রকল্পের প্রত্যাশিত ফলাফলঃ**

১। উপ আঞ্চলিক পরিকল্পনাঃ প্রস্তাবিত এলাকায় বর্তমানে সামগ্রিকভাবে কি ধরণের ভৌত অবকাঠামো ও পরিসেবা রয়েছে এবং ভবিষ্যতে কি ধরণের ভৌত অবকাঠামো ও পরিসেবার প্রয়োজন এবং কোথায় কোথায় এ ধরণের পরিসেবাগুলো নিশ্চিত করতে হবে তার রূপরেখা প্রণয়ন করতঃ সে সম্পর্কে অনিশ্চয়তা হ্রাস করতে এবং বিভিন্ন প্রতিষ্ঠান ও জনসাধারণকে ধারণা প্রদান করার লক্ষ্যে পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Emergency Planning Zone (EPZ) এর পরিসীমা সংলগ্ন উপজেলাগুলোর জন্য একটি সমন্বিত উপ আঞ্চলিক পরিকল্পনা প্রণয়ন করা হবে।

**২। নগর পরিকল্পনাঃ**

পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Emergency Planning Zone (EPZ) এর পরিসীমা সংলগ্ন ০৮ (আট) টি উপজেলার শহর এলাকার ও বিদ্যমান ০৭ (সাত) টি পৌরসভা এবং তার আশপাশের এলাকার জন্য পারমাণু বিদ্যুৎ কেন্দ্রের সম্ভাব্য ঝুঁকি বিবেচনা সাপেক্ষে উপযুক্ত নগর পরিকল্পনা (Urban Plan) প্রণয়ন করা হবে, যার আওতায় উল্লেখিত ঝুঁকি প্রশমন করার মত আধুনিক নাগরিক সুবিধাদি প্রস্তাব করা হবে।

**৩। যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থাঃ**

পরিবহন অভিগম্যতা (accessibility) বৃদ্ধির ফলে (ক) ভূমির মূল্য বৃদ্ধির পূর্বাভাস (খ) পরিবহনের বিকল্প মূল্য কৌশল নির্ধারণের জন্য চাহিদা নিরূপণ এবং (গ) জনসাধারণের সামর্থ্য অনুযায়ী টেকসই পরিবহনের আদর্শ ব্যবস্থা নিশ্চিতকল্পে ২০ (বিশ) বছর মেয়াদী Prediction Model প্রস্তুত করা।

**৪। অর্থনীতি ও কৃষিঃ**

পরমাণু বিদ্যুৎ কেন্দ্রের প্রভাব বিবেচনা করে এ অঞ্চলের কৃষি অর্থনীতিকে টেকসই রূপ প্রদান করা ও কৃষি ভিত্তিক শিল্প স্থাপন ও অন্যান্য শিল্প স্থাপন ত্বরান্বিত করার লক্ষ্যেঃ

(ক) প্রস্তাবিত প্রকল্প এলাকায় সম্ভাবনাময় তিন ফসলী ও দুই ফসলী জমি চিহ্নিত করে সংরক্ষণের জন্য প্রস্তাবনা পরিকল্পনায় রাখা; (খ) উপযুক্ত স্থানে অর্থনৈতিক জোন, শিল্পাঞ্চল প্রভৃতি সংস্থান প্রস্তাব করার মাধ্যমে অত্র অঞ্চলের কর্মসংস্থান সৃষ্টির অনুকূল পরিবেশ সৃষ্টি করা এবং (গ) Shift-Share Analysis এর ফলাফল অনুযায়ী অত্র অঞ্চলের অনগ্রসরমান সেক্টরসমূহকে জাতীয় অর্থনৈতিক উন্নয়নের মূল ধারায় (Mainstreaming) আনয়নের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তাবনা পরিকল্পনায় রাখা।

groundwork for a common goal between government and non-government organizations by creating an integrated development framework. Resource availability, project selection and project evaluation are included in the action plan. In case of availability of resources, funds received earlier for the planned development during the term of the action plan and the availability of funds for project implementation are analyzed.

**Expected Outcome of The Project:**

1. Sub-Regional Plan: An integrated sub-regional plan will be formulated for upazilas adjacent the Emergency Planning Zone (EPZ) of RNPP to reduce the uncertainty about what kind of physical infrastructure and services are currently available in the proposed area as a whole and what kind of physical infrastructure and services are needed in the future and where such services should be ensured.

**2. Town Planning:**

To formulate an appropriate urban plan for the urban area of 08 (eight) upazilas adjoining the perimeter of the Emergency Planning Zone (EPZ) of the nuclear power plant and for the existing 07 (seven) municipalities and surrounding areas considering the potential risk of nuclear power plant. Modern civic amenities like mitigation of the mentioned risks will be offered in this planning.

**3. Transportation and Communication System:**

Increased transport accessibility has resulted in (i) forecasting the rising of land prices, (ii) determining the demand for alternative pricing strategies for transportation and (iii) developing 20 (twenty) year long Prediction Model to ensure sustainable transportation as per the affordability of the people.

**4. Economy and Agriculture :**

Considering the impact of nuclear power plants, in order to make the agricultural economy of the region sustainable and to accelerate the establishment of agro-based industries and other industries:

(a) to identify potential triple cropping and double cropping lands in the proposed project area and to include proposals for conservation in the plan; (b) to create conducive environment for the creation of employment opportunities in the region by proposing economic zones, industrial zones, etc. in suitable places and (c) to take necessary proposals in the plan to bring the backward sectors of the region into mainstreaming of national economic development according to the results of Shift-Share Analysis.

**৫। পর্যটন ঃ**

(ক) এক্সক্লুসিভ টুরিস্ট জোন স্থাপনসহ অন্যান্য পর্যটন আকর্ষণীয় স্থানে পর্যটন কেন্দ্র স্থাপনের জন্য উপযুক্ত স্থান চিহ্নিত করাসহ উপযুক্ত পর্যটন ও নাগরিক সুবিধাদি প্রস্তাব করা; এবং

(খ) পর্যটন আকর্ষণীয় অঞ্চলগুলো নিয়ে একটি সম্ভাব্য সমন্বিত পরিকল্পনা প্রস্তাব করা।

**৬। পরিবেশ ও বাস্তুসংস্থানঃ**

(ক) প্রস্তাবিত এলাকায় নদী ভাঙ্গন রোধকল্পে নদী আইন অনুযায়ী ভাঙ্গন কবলিত এলাকাসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় উন্নয়ন নিয়ন্ত্রণ প্রস্তাব করা।

(খ) বিদ্যমান উদ্ভিদ ও প্রাণিকুল জরিপ (Baseline Survey of Existing Flora and Fauna) এর মাধ্যমে বিদ্যমান উদ্ভিদ ও প্রাণিকুলের বর্তমান অবস্থা চিহ্নিতকরণ এবং বাস্তুসংস্থানতন্ত্রে সম্ভাব্য বিরূপ প্রতিক্রিয়া মোকাবেলার প্রস্তাবনা পরিকল্পনায় রাখা।

(গ) পর্যটন সম্ভাবনাময় ও আকর্ষণীয় অঞ্চলকে নিয়ে পরিবেশ ও বাস্তুসংস্থান বিবেচনা সাপেক্ষে একটি সম্ভাব্য সমন্বিত পরিকল্পনার আওতায় পর্যটন খাতকে প্রস্তাব করা।

(ঘ) হাইড্রোলজিক্যাল ও হাইড্রোজিওলজিক্যাল স্টাডির উপাত্ত বিশ্লেষণের মাধ্যমে ভূপৃষ্ঠের উপরিভাগের পানি (Surface water) এবং ভূ-অভ্যন্তরের পানির (Ground water) সুষ্ঠু ব্যবহারের সুপারিশমালা প্রণয়নের মাধ্যমে টেকসই উন্নয়ন নিশ্চিত করা।

**৭। দুর্যোগের ঝুঁকি এবং জলবায়ু পরিবর্তনঃ**

সম্ভাব্য পরমাণু দুর্যোগ ও প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি প্রশমন এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলা করে উক্ত অঞ্চলকে Resilient হিসেবে গড়ে তোলার লক্ষ্যে দুর্যোগের ঝুঁকি ও জলবায়ু পরিবর্তনকে মেইনস্ট্রিমিং (Mainstreaming) করে পরিকল্পনা প্রণয়ন করা।

**৮। সমন্বিত পরিকল্পনাঃ**

প্রকল্প এলাকার সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে উপযুক্ত বিষয়সমূহ সমন্বয় করে সার্বিক পদক্ষেপ (Holistic Approach) এ সমন্বিত মহাপরিকল্পনা প্রণয়ন করা।

**উপসংহারঃ**

রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Emergency Planning Zone (EPZ) পার্শ্ববর্তী আটটি উপজেলার জন্য একটি উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তায়নের ফলে উক্ত এলাকায় নগরায়নসহ ব্যাপক কর্ম-চাঞ্চল্য সৃষ্টি হবে। নতুন নতুন স্থাপনা গড়ে উঠবে। ফলে উক্ত অঞ্চলের ভূমি ব্যবহারের ব্যাপক পরিবর্তন ঘটবে এবং প্রচুর কর্মসংস্থান সৃষ্টি হবে। এ বিপুল সংখ্যক লোকের বাসস্থান, স্কুল, কলেজ, বিনোদনসহ অন্যান্য অবকাঠামো নির্মাণে কৃষি জমির উপর চাপ সৃষ্টি হবে যা কাম্য নয়। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এলাকা পার্শ্ববর্তী উপজেলাগুলোর জন্য একটি উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে কৃষি জমি সুরক্ষা এবং অন্যান্য উন্নয়ন প্রকল্প গ্রহণে সহায়ক হবে।

**5. Tourism:**

(a) to offer suitable tourism and civic amenities, including the establishment of exclusive tourist zones and other suitable tourist attractions and

(b) to propose a possible integrated plan for the tourist attractions.

**6. Environment and Ecology**

(a) To propose necessary development control by identifying the areas affected by erosion in accordance with the river law to prevent river erosion in the proposed area.

(b) To identify the present condition of the existing flora and fauna through the Baseline Survey of Existing Flora and Fauna and to insert proposals in the plan to deal with possible adverse reactions in the ecosystem.

(c) To propose the tourism sector under a potentially integrated plan considering the potential and attractive areas of tourism, environment and ecology.

(d) To ensure sustainable development by formulating recommendations for proper use of surface water and ground water through hydrological and data analysis of hydrogeological study.

**7. Disaster Risk and Climate Change:**

To formulate plans by mainstreaming disaster risk and climate change in order to make the region resilient by mitigating the potential risks of nuclear power plant, natural disasters and dealing with the adverse effects of climate change.

**8. Integrated Planning:**

To formulate a comprehensive master plan in holistic approach by coordinating the above issues for the overall development of the project area.

**Conclusion:**

The adoption and implementation of a development plan for eight upazilas adjoining the Emergency Planning Zone (EPZ) of the Rooppur Nuclear Power Plant will create a lot of activities in the area, including urbanization. New infrastructures will be built. As a result, land use in the region will change drastically and a lot of jobs opportunities will be created. The construction of housing, schools, colleges, recreation and other infrastructures for this huge number of people will create an unexpected massive pressure on agricultural land. Adoption and implementation of a development plan for adjoining upazilas of the RNPP will help in the adoption of other development projects through protection of agricultural land.

## বারটি উপজেলার সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন প্রকল্প

**কাজী মোঃ ফজলুল হক,** সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর

**বাস্তবায়ন কালঃ**

| | |
|---|---|
| (ক) শুরুর সময়ঃ | জুলাই , ২০২২ |
| (খ) সমাপ্তির সময়ঃ | ডিসেম্বর, ২০২৫ |
| প্রাক্কলিত ব্যয়ঃ | ৪৫১৯.৮০ লক্ষ টাকা |

**পটভূমিঃ**

সুষ্ঠু ভূমি ব্যবহার নিশ্চিতকরণের জন্য একটি সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রয়োজন, যা শহর বা গ্রামাঞ্চলে কোন অননুমোদিত ও অপরিকল্পিত উন্নয়ন রোধ করবে। এ জাতীয় পরিকল্পনার অভাবে সাধারণত দেখা যায় যে, বাংলাদেশের বেশিরভাগ উপজেলা উন্নয়ন নিয়ন্ত্রণ না থাকায় সমন্বিত উন্নয়ন ঘটে নাই। পরিবেশগত ও টেকসই উন্নয়নের মাধ্যমে জীবনের ন্যূনতম মান বজায় রাখার জন্য অবকাঠামো, পরিসেবা, ইউটিলিটি এবং আধুনিক সুযোগ-সুবিধার সংস্থানের পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। তদুপরি, এ জাতীয় পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে, উন্নয়ন প্রতিবন্ধকতা এবং সম্ভাব্যতা স্পষ্টভাবে চিহ্নিত করে সম্ভাবনাকে কাজে লাগিয়ে প্রতিবন্ধকতাসমূহ দূর করে সুষম ও সমন্বিত উন্নয়নের জন্য পরিকল্পনা প্রণয়ন করতে হবে। একটি অঞ্চলের সামাজিক, অর্থনৈতিক, প্রশাসনিক এবং অবকাঠামোগত পরিসেবার সমন্বিত উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে নগর ও গ্রামকে একটি অবিচ্ছেদ্য উপাদান হিসেবে বিবেচনা করে পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন। এর ফলে সমন্বিত উন্নয়নের মাধ্যমে গ্রামীণ মানুষের দোড়গোড়ায় প্রশাসনিক সুবিধা ও নাগরিক পরিসেবা পৌঁছে দেয়ার মাধ্যমে জনগণের নিকট তৃণমূল পর্যায়ে সরকারি সেবা নিশ্চিত করণের জাতীয় নীতিরও প্রতিফলন ঘটবে। দুর্যোগের ঝুঁকিকে অন্তর্ভুক্ত করে সমন্বিত ভূমি ব্যবহারের পরিকল্পনার প্রয়োজনীয়তা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এই প্রেক্ষাপটে নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণীত ময়মনসিংহ স্ট্রাটেজিক ডেভেলপমেন্ট প্ল্যান (এম এস ডিপি) প্রধানমন্ত্রীর দপ্তরে প্রশংসিত হওয়ায় এমএসডিপি এর অনুসরণে ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়নের চাহিদা বৃদ্ধি পেয়েছে। এর ধারাবাহিকতায় গত ২৪/১১/২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সপ্তম বৈঠকের কার্য বিবরনীর আলোচ্যসূচী ৩ এর নগর উন্নয়ন অধিদপ্তরে সংশ্লিষ্ট অনুচ্ছেদ ৮.২৩ অনুযায়ী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগণ নির্বাচনী এলাকাসমূহ নিয়ে মাষ্টার প্ল্যান প্রণয়নের সদয় নির্দেশনা প্রদান করা হয় (সূত্র স্মারক নং-১১.০০.০০০০.৬২০.৪৬.৩১.১৯.৯৪, তারিখঃ ৫/১২/২০১৯ ইং)। ইতোমধ্যে ময়মনসিংহ জেলার ফুলপুর উপজেলার মেয়র মহোদয় ফুলপুর পৌরসভায় সমন্বিত পরিকল্পনা প্রণয়নের নিমিত্তে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় বরাবর ডিও লেটার প্রেরণ করেন। এ প্রেক্ষিতে ১২ টি উপজেলার সমন্বয়ে আঞ্চলিকতার ভিত্তিতে ০৬ (ছয়) টি প্যাকেজে প্রকল্প প্রস্তাব প্রস্তুত করে সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

পরবর্তীতে প্রকল্পের জনবল কাঠামো অনুমোদনের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয় (সূত্র স্মারক নং ২৫.০০.০০০০.০৩২.১৪.০১৬.২০/১০৪(১), তারিখ: ০৩-০৪-২০২২ ইং)। প্রকল্পের কাঠামো অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত হলে প্রকল্পটি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। নিম্নের স্মারণি-১ এ প্রকল্প এলাকা সংশ্লিষ্ট উপাত্ত উপস্থাপন করা হলোঃ

## Preparation of Comprehensive Development Plan for Twelve Upazila

**Quazi Mohammed Fazlul Hauqe**, Senior Planner, Urban Development Directorate

**Implementation period:**

| | |
|---|---|
| (a) Start time: | July, 2022 |
| (b) Completion time: | December, 2025 |
| Estimated Expenditure: | 4519.80 lakhs Taka |

**Background**

An integrated development plan is needed to ensure fair land use, which will prevent any unauthorized and unplanned development in urban or rural areas. In the absence of such a plan, it is common to see that most of the upazilas in Bangladesh do not have integrated development due to lack of development control. Adequate provision of infrastructure, services, utilities and modern amenities is required to maintain the minimum standard of living through environmental and sustainable development. Moreover, in formulating such a plan, it is necessary to formulate a plan for balanced and integrated development by clearly identifying development barriers and potentials, exploiting the potentials and overcoming the barriers. For the integrated development and growth of social, economic, administrative and infrastructural services of a region, it is necessary to formulate a plan considering city and village as an integral part. This will also reflect the national policy of ensuring grassroots government services to the people by providing administrative facilities and civic services to the rural masses through integrated development. The need for integrated land use planning, including disaster risk, is growing. In this context, the Mymensingh Strategic Development Plan (MSDP) prepared by the Urban Development Directorate (UDD) has been lauded by the Prime Minister's Office, which has increased the demand for land use planning in line with the MSDP. In continuation of this, in the minutes of the seventh meeting of the Standing Committee on the Ministry of Housing and Public Works held on 24/11/2019, the honourable members of the Standing Committee on the Ministry of Housing and Public Works in the Urban Development Directorate(UDD). Kind instructions are given (Memo No-11.00.0000.620.46.31.19.94, Date: 5/12/2019). Meanwhile, the Mayor of Phulpur Upazila of Mymensingh District has sent a DO letter to the Honourable Minister of State for Housing and Public Works for formulation of integrated plan in Phulpur Municipality).

Then Organogram for project personnel has been sent to Finance division by the Ministry of Housing and Public Works for approval (Memo No-25.00.0000.032.14.016.20/104(1), Date: 03/04/2022). After approval of the project organogram by finance division, the project proposal shall be sent to Planning Commission for approval. The data related to the project area is presented in the following Table-1:

সারণী-১: প্রকল্প এলাকার আয়তন ও জনসংখ্যা

| প্যাকেজের নাম | জেলার নাম | উপজেলার নাম | আয়তন (একর) | আয়তন (বর্গকি:মি:) | খানার সংখ্যা | জনসংখ্যা | ঘনত্ব/ বর্গকি:মি: |
|---|---|---|---|---|---|---|---|
| প্যাকেজ -১ | খুলনা | ফুলতলা | ১৪০৪৩ | ৫৬.৮৩ | ১৯৫৫৫ | ৮৩৮৮১ | ১০৫৯ |
| | | ডুমুরিয়া | ১১২২৪৩ | ৪৫৪.২৪ | ৭১৯০৯ | ৩০৫৬৭৫ | ১০৫০ |
| উপ-মোট | | | ১২৬২৮৬ | ৫১১.০৭ | ৯১৪৬৪ | ৩৮৯৫৫৬ | ২১০৯ |
| প্যাকেজ -২ | ঝালকাঠি | রাজাপুর | ৪০৬৭০ | ১৬৪.৫৯ | ৩৩৯০৩ | ১৪৪৮৯৪ | ৯০২ |
| | | কাঠালিয়া | ৩৭৩৮৬ | ১৫১.৩০ | ৩০৮৫৫ | ১২৪২৭১ | ৮২১ |
| উপ-মোট | | | ৭৮০৫৬ | ৩১৫.৮৯ | ৬৪৭৫৮ | ২৭২৭৬৫ | ১৭২৩ |
| প্যাকেজ -৩ | রাজবাড়ী | পাংশা | ৬১৮৫৩ | ২৫০.৩২ | ৫৬৩৩৬ | ২৪৩২৮৫ | ৯৭২ |
| | | কালুখালী | ৪১৭১৫ | ১৬৮.৮২ | ৩৫০৩২ | ১৫৫০৪৪ | ৯১৮ |
| | | বালিয়াকান্দি | ৫৬৫৮৬ | ২২৯.০০ | ৪৬২৬২ | ২০৭০৮৬ | ৯০৪ |
| উপ-মোট | | | ১৬০১৫৪ | ৬৪৮.১৩ | ১৩৭৬৩০ | ৬০৫৪১৫ | ২৭৯৪ |
| প্যাকেজ -৪ | গাইবান্ধা | গোবিন্দগঞ্জ | ১১৩৭৭৪ | ৪৬০.৪৪ | ১৩২৫৭২ | ৫১৪৬৯৬ | ১১১৮ |
| উপ-মোট | | | ১১৩৭৭৪ | ৪৬০.৪৪ | ১৩২৫৭২ | ৫১৪৬৯৬ | ১১১৮ |
| প্যাকেজ -৪ | নরসিংদী | পলাশ | ২৩৩৩৬ | ৯৪.৪৪ | ৪৬৭৮০ | ২১২৬১২ | ২২৫১ |
| | | নরসিংদী সদর | ৫২৭৪২ | ২১৩.৪৪ | ১৪৯৮২০ | ৭০৭৫২৫ | ৩৩১৫ |
| উপ-মোট | | | ৭৬০৭৮ | ৩০৭.৮৮ | ১৯৬৬০০ | ৯২০১৩৭ | ৫৫৬৬ |
| প্যাকেজ -৬ | ময়মনসিংহ | তারাকান্দা | ৭৭৬৭৪ | ৩১৪.৩৩ | ৬৫৮৩৮ | ২৯৮২১৫ | ৯৫৩ |
| | | ফুলপুর | ৭৭০৬৫ | ৩১১.৮৭ | ৮০৬০০ | ৩১৫২৭২ | ৯৬১ |
| উপ-মোট | | | ১৫৪৭৩৯ | ৬২৬.১৯ | ১৪৬৪৩৮ | ৬১৩৪৮৭ | ১৯১৪ |
| সর্বমোট | | | ৭০৯০৮৭ | ২৮৬৯.৬১ | ৭৬৯৪৬২ | ৩৩১৬০৫৬ | ১৫২২৪ |

### (খ) প্রকল্পের উদ্দেশ্যঃ

প্রকল্প এলাকার প্রান্তিক জনসাধারনের জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে এলাকাসমূহের সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা এবং গ্রামাঞ্চলে পর্যাপ্ত নাগরিক সুবিধাদি সম্প্রসারিত করা। কেননা প্রকল্পের এলাকার উৎপাদনশীলতা এবং টেকসই উন্নয়নের জন্য অর্থনীতি ও জনজীবনে স্থানীয় সম্পদের গুরুত্ব অপরিসীম। প্রকল্পের আওতাভুক্ত এলাকাসমূহের জন্য কোন দীর্ঘ মেয়াদী সমন্বিত উন্নয়ন পরিকল্পনা বিদ্যমান নেই। প্রকল্পের আওতাভুক্ত এলাকাসমূহকে দেশের উন্নয়ন প্রক্রিয়ার মূল ধারার সাথে একত্রীভূত করার জন্য প্রকল্পের আওতাভুক্ত এলাকাসমূহের জনসাধারণের জীবনযাত্রার মানের সার্বিক উন্নতিসহ জন্য একটি সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন অত্যাবশ্যক, যার উদ্দেশ্য সমূহ নিম্নরূপঃ

(ক) অপরিকল্পিত রূপান্তর থেকে সবচেয়ে মূল্যবান কৃষিজমি রক্ষা করা।

(খ) ভূমির সর্বোত্তম ব্যবহার এবং উন্নয়ন নিয়ন্ত্রণের জন্য নীতিমালা প্রণয়ন করা।

(গ) এই বারটি উপজেলার সামগ্রিক উন্নয়ন এবং বিদ্যমান ভূমি ব্যবহার ও আর্থ-সামাজিক অবস্থার ভবিষ্যত পরিবর্তনকে নিয়ন্ত্রিত

**Table-1: Area and population of the project area**

| Name of Package | Name of District | Name of Upazila | Area Acre | Area Sq. km | Household | Population | Density/ sq.km |
|---|---|---|---|---|---|---|---|
| Package-1 | Khulna | Fultala | 14043 | 56.83 | 19555 | 83881 | 1059 |
| | | Dumuria | 112243 | 454.24 | 81909 | 305675 | 1050 |
| Sub-total | | | 126286 | 511.07 | 91464 | 389556 | 2109 |
| Package-2 | Jhalakati | Rajapur | 40670 | 164.59 | 33903 | 144894 | 902 |
| | | Kathalia | 37386 | 151.30 | 30855 | 124271 | 821 |
| Sub-total | | | 78056 | 315.89 | 64758 | 272765 | 1723 |
| Package-3 | Rajbari | Pangsha | 61853 | 25032 | 56336 | 243285 | 972 |
| | | Kalukhali | 41715 | 168.82 | 35032 | 155044 | 918 |
| | | Baliakandi | 56586 | 229.00 | 46262 | 207086 | 904 |
| Sub-total | | | 160154 | 648.13 | 137630 | 605415 | 2794 |
| Package-4 | Gaibandha | Gobindganj | 113774 | 460.44 | 132572 | 514696 | 1118 |
| Sub-total | | | 113774 | 460.44 | 132572 | 514696 | 1118 |
| Package-5 | Narsingdi | Palash | 23336 | 94.44 | 46780 | 212612 | 2251 |
| | | Narsingdi Sadar | 52742 | 213.44 | 149820 | 707525 | 3315 |
| Sub-total | | | 76078 | 307.88 | 196600 | 920137 | 5666 |
| Package-6 | Mymensingh | Tarakanda | 77674 | 314.33 | 65838 | 298215 | 953 |
| | | Phulpur | 77065 | 311.87 | 80600 | 315272 | 961 |
| Sub-total | | | 154739 | 626.19 | 146438 | 613487 | 1914 |
| Total | | | 709087 | 2869.61 | 769462 | 3316056 | 15224 |

### (B) Objectives:

Ensuring optimal utilization of local resources and expanding adequate civic amenities in rural areas to improve the living standards of marginalized people in the project area. Because the importance of local resources in the economy and public life is immense for the productivity and sustainable development of the project area. There is no long term integrated development plan for the areas covered by the project. In order to integrate the project areas into the mainstream of the country's development process, it is essential to formulate an integrated development plan for the overall improvement of the living standards of the people in the project areas, with the following objectives:

(a) To protect the most valuable agricultural land from unplanned conversion.

(b) To formulate policies for optimal use of land and control of development.

(c) Preparation of planning packages for the overall development of these twelve upazilas and for adjusting the

ও পরিকল্পিত উপায়ে সমন্বয় করার জন্য পরিকল্পনা প্যাকেজ প্রণয়ন।

উক্ত বিশ্লেষণের ফলাফলের ভিত্তিতে নিম্নলিখিত পরিকল্পনা প্যাকেজ প্রণয়ন করা হবে।

**পরিকল্পনা প্রণয়নে প্রয়োজনীয় জরিপ ও অন্যান্য কার্যক্রমঃ**

(১) ভৌত অবকাঠামো জরিপ
(২) টপোগ্রাফিক জরিপ
(৩) বিদ্যমান ভূমি ব্যবহার জরিপ
(৪) উপরে বর্ণিত সমীক্ষা পরিচালনার পাশাপাশি নিম্নলিখিত সমীক্ষাও পরিচালনা করা হবেঃ
(৫) আর্থ-সামাজিক জরিপ
(৬) ভূ-ত্বকের উপরিভাগের পানি সংক্রান্ত জরিপ ও ষ্টাডি
(৭) পরিবহন এবং যাতায়াত জরিপ
(৮) বসতি জরিপ
(৯) পরিবেশগত এবং বাস্তুতন্ত্র বিষয়ক জরিপ
(১০) বিদ্যমান উদ্ভিদ এবং প্রাণীজগতের বেইজলাইন জরিপ
(১১) অংশগ্রহণ মূলক মূল্যায়ন (পিআরএ) পরিচালনা করা
(১২) পরিবেশগত প্রভাব মূল্যায়ন (EIA) পরিচালনা
(১৩) সোস্যাল স্পেস ষ্টাডি
(১৪) অন্যান্য জরিপ

**পরিকল্পনার আউটপুটঃ**

* স্ট্রাকচার প্ল্যান (২০ বছর মেয়াদী)
* আরবান প্ল্যান (১০ বছর মেয়াদী)
* রুরাল এরিয়া প্ল্যান (১০ বছর মেয়াদী)
* অ্যাকশন প্ল্যান (৫ বছর মেয়াদী)

উল্লিখিত পরিকল্পনার কাঠামোটিতে স্থানিক পরিকল্পনা (ভৌত ও সামাজিক অবকাঠামো), পর্যটন পরিকল্পনা, পরিবেশ সংরক্ষণ ও ব্যবস্থাপনা পরিকল্পনা, ইনষ্টিটিউশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম, শোস্যাল স্পেস প্ল্যান, বর্জ্য ব্যবস্থাপনা পরিকল্পনা, পানি ব্যবস্থাপনা পরিকল্পনাসহ বিভিন্ন ধরণের পরিকল্পনা অন্তর্ভূক্ত থাকবে।



ম্যাপঃ প্রকল্প এলাকা

existing land use and future changes in socio-economic conditions in a controlled and planned manner.

The following planning packages will be formulated based on the results of the said analysis.

**Necessary survey and other activities for planning**

(1) Physical Infrastructure Survey
(2) Topographic survey
(3) Existing land use survey
(4) In addition to conducting the above mentioned survey, the following survey will also be conducted:
(5) Socio-economic survey
(6) Survey and study of surface water
(6) Transportation and travel survey
(6) Settlement survey
(9) Environmental and ecological survey
(10) Baseline survey of existing flora and fauna
(11) Conduct participatory assessment (PRA)
(12) Conducting Environmental Impact Assessment (EIA)
(13) Social Space Study
(14) Other surveys

**Output of the plan:**

* Structure plan (20 year term)
* Urban Plan (10 year term)
* Rural Area Plan (10 year term)
* Action Plan (5 year term)

The planning framework will include various types of plans including spatial planning (physical and social infrastructure), tourism planning, environmental conservation and management plan, institutional development program, social space plan, waste management plan, water management plan.

**"প্রিপারেশন অব রিস্ক সেনসিটিভ ডাটাবেজ ফর কোর এরিয়া অব রংপুর এন্ড সিলেট ডিস্ট্রিক্ট টাউন।"**

**ইয়ারুন্নেছা খানম,** সহকারী প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর
**মোঃ সাইফুর রহমান,** প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর

**পটভূমিঃ**

মন্ত্রিপরিষদ বিভাগের নিকার-১ এর আওতাধীন "জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স" গঠন সংক্রান্ত প্রজ্ঞাপনের "বিভাগ/জেলা পর্যায়ের সরকারি স্থাপনার মাস্টার প্ল্যান বা স্থাপত্য নকশায় প্রয়োজনীয় সংশোধন/ সংযোজন/ পরিবর্তন ও অনুমোদন" অনুযায়ী জেলা সদরের কোর ভবনাদির স্থাপনা সমূহ নির্মাণ/ সম্প্রসারণ এর কার্যক্রম গ্রহণ/ অনুমোদন করে। "জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্ক ফোর্স" সাধারণত মন্ত্রণালয়/ বিভাগের চাহিদা অনুসারে স্থাপত্য নকশা পর্যবেক্ষণ এবং প্রয়োজনে সরেজমিনে পরিদর্শন করে প্রস্তাব অনুমোদন করে থাকে। কিন্তু উপযুক্ত স্থান নির্বাচনের জন্য পারিপার্শ্বিক বিভিন্ন তথ্য উপাত্ত সর্বদা প্রত্যাশী সংস্থা হতে পাওয়া যায় না। ক্ষেত্রবিশেষে বিকল্প স্থান নির্বাচনে কোন ডাটাবেজ (Database) না থাকায় সিদ্ধান্ত প্রদানে বাঁধার সৃষ্টি হয়। এছাড়া বাংলাদেশের অধিকাংশ জেলা সদরের কোর এলাকার দুর্যোগ ঝুঁকি সংবেদনশীল ডাটাবেস এখন পর্যন্ত প্রস্তুত হয়নি। যা বিভিন্ন সরকারি স্থাপনা নির্মাণের ক্ষেত্রে উপযুক্ত স্থান নির্বাচনের সিদ্ধান্ত গ্রহণে অত্যন্ত গুরুত্বপূর্ণ। তদপ্রেক্ষিতে জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স "রংপুর ও সিলেট শহরের জন্য Sensitive Database for Core Area এর প্রকল্পের বিষয়ে জন প্রশাসন মন্ত্রণালয় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করে। পরবর্তীতে কমিটির ১৮৫তম সভার কার্যবিবরণী অনুযায়ী "Risk Sensitive Database for Core Area সংক্রান্ত প্রকল্প প্রস্তাবনাটি (Study Proposal) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক এডিপি থেকে গ্রহন করে নগর উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়নের জন্য টাস্কফোর্স কমিটির পক্ষ থেকে মন্ত্রিপরিষদ বিভাগ ও গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর পত্র দিবে "মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। যার ধারাবাহিকতায় ২৮ মে ২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে (স্মারক নং-০৪.০০,০০০,৭২১.০৬.০০৫_১৭.৮৭) "জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স" এর ১৮৫ তম সভার "Risk Sensitive Database for Core Area" সংক্রান্ত গৃহীত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ করে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করে। পরবর্তীতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় "Risk Sensitive Database for Core Area" সংক্রান্ত প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করে নগর উন্নয়ন অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করে (স্মারক নং-২৫.০০.০০০০.০৩২.৯৯.০০৯.১৬/১৮৯, তারিখ: ২৮/০৬/২০১৮)।



ম্যাপ : রংপুর ও সিলেট সিটি করপোরেশন এলাকা

**"Risk Sensitive Database for Core Area of Rangpur and Sylhet District Town"**

**Yearunnessa khanam,** Assistant Planner, Urban Development Directorate
**Md. Saifur Rahman,** Planner, Urban Development Directorate

**Background**

"Task Force on Construction of Core Buildings at District Headquarters"Undertakes / approves the construction / expansion activities of the core buildings of the district headquarters. The task force usually approves the proposal by observing the architectural design as per the demand of the ministry / department and inspecting it on the spot if necessary. But it is not always possible to be an aspiring organization for the selection of suitable location. Decision making is hampered by the lack of a database to specify alternative locations. In addition, risk sensitive databases in the core areas of most of the district headquarters of Bangladesh have not been prepared yet. This is very important in deciding site that is suitable for construction of various government offices. "Task Force on Construction of Core Buildings at District Headquarters" Sent a letter to the Ministry of Housing and Public Works requesting to take necessary action as per the decision taken committee's 185th meeting. Subsequently, the Ministry of Housing and Public Works sent a letter to the Urban Development Department instructing them to take necessary steps for the implementation of the project related to "Risk Sensitive Database for Core Area of Rangpur and Sylhet District town". In this context, Urban Development Directorate (UDD) as a member of the "Task Force on

উক্ত প্রেক্ষাপটে নগর উন্নয়ন অধিদপ্তর (ইউডিডি) "জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স" কমিটির সদস্য হিসেবে "Risk Sensitive Database for Core Area of Rangpur and Sylhet District Town" শীর্ষক একটি প্রকল্প প্রণয়নের লক্ষ্যে প্রকল্প প্রস্তবনা প্রণয়ন করা হয়েছে।

**প্রকল্পের উদ্দেশ্যঃ**

**প্রকল্পের উদ্দেশ্য সমূহ নিম্নরুপ ঃ**

- রংপুর ও সিলেট শহরের কোর এলাকার দুর্যোগ ঝুঁকি সংবেদনশীল ডাটাবেজ তৈরি করণ;
- জেলা সদরে কোর এলাকার টাস্কফোর্স এর আওতাভুক্ত সরকারি স্থাপনা সমূহ নির্মাণ/সম্প্রসারন কাজের স্থান নির্বাচন প্রস্তাব অনুমোদনে সহায়তা প্রদান।
- বিভাগ/জেলা পর্যায়ে সরকারি স্থাপনার মাস্টার প্ল্যান বা স্থাপত্য নকশায় প্রয়োজনীয় সংযোজন / সংশোধন / পরিবর্তন ও অনুমোদনে সহায়তা প্রদান।

**প্রকল্পের সংক্ষিপ্ত রূপ রেখা ও কাজের পরিধিঃ** "প্রিপারেশন অব রিস্ক সেনসিটিভ ডাটা বেজ ফর কোর এরিয়া অব রংপুর এন্ড সিলেট ডিস্ট্রিক্ট টাউন" প্রকল্পের আওতায় রংপুর এবং সিলেট সিটি কর্পোরেশন এলাকার দুর্যোগ ঝুঁকি সংবেদনশীল ডাটাবেজ প্রস্তুত করা হবে।

**প্রয়োজনীয় জরিপ ও অন্যান্য কাঁযক্রমঃ**

(১) বেঞ্চমার্ক (বিএম) / গ্রাউন্ড কন্ট্রোল পয়েন্ট (জিসিপি) নির্মাণ ও স্থাপন:
(২) ইউএভি (ড্রোন) ইমেজ প্রসেসিং এবং ডিজিটালাইজড ও জিও-রেফারেন্সড মৌজা ম্যাপের সাহায্যে বেইজ ম্যাপ প্রস্তুতকরণ
(৩) ভৌত অবকাঠামো জরিপ এবং বিদ্যমান ভূমি ব্যবহার জরিপ
(৪) যাতায়াত ও যানবাহন সংক্রান্ত জরিপ
(৫) টপো গ্রাফিক জরিপ
(৬) জিওলজিক্যাল জরিপ
(৭) কৃষি জমি চিহ্নিত করণ জরিপ
(৮) অন্যান্য প্রয়োজনীয় জরিপ

**আউটপুট**

(ক) জেলা শহরের কোর এলাকার দুর্যোগ ঝুঁকি সংবেদনশীল জিআইএস ভিত্তিক ডাটাবেজ এবং রিপোর্ট তৈরি করা হবে।
(খ) প্রকল্প এলাকার মূল্যবান দুই-ফসলী ও তিন ফসলী কৃষি জমি চিহ্নিত করন করা হবে।
(গ) নদী ও খালের মূল প্রবাহ, জলাবদ্ধতা, ইত্যাদি চিহ্নিত করন করা হবে।
(ঘ) ভূমিকম্প, বন্যা, ভূমিধ্বসসহ অন্যান্য দুর্যোগ ঝুঁকি প্রবন এলাকা চিহ্নিতকরন করা হবে।

Construction of Core Buildings at the District Headquarters" Committee has prepared a project proposal entitled "Risk Sensitive Database for Core Area of Rangpur and Sylhet District Town"

**Objectives**

**The objectives of the project are as follows:**

- Preparation of disaster risk sensitive databases in the core areas of Rangpur and Sylhet cities"
- "Task Force on Construction of Core Buildings at District Headquarters" Undertakes / approves the construction / expansion activities/ Site selectionof the core buildings of the district headquarters
- Divisional / district headquarters assist to approvals additions / modifications / alterations of master plans or architectural design of government Buildings.

**Brief Outline of the Plan and Spope of work :** Rangpur and Sylhet City Corporation areas will be prepared of Disaster Risk Sensitive Database under the project "Preparation of Risk Sensitive Database for Core Area of Rangpur and Sylhet District Town"

**Survey and other activities**

(1) To establishment the Bench Mark (BM) Pillar/ Ground Control Point (GCP)
(2) UAV (drone) image processing and preparation of base map with digitized and geo-referenced mouza map.
(3) Physical Infrastructure and Existing Land Use Survey
(4) Travel and Vehicle Survey
(5) Topographic survey
(6) Geological survey
(7) Agricultural land identification survey
(8) Other survey

**Output**

(a) Disaster risk sensitive GIS based database and report will be prepared in the core area of the district town.
(b) To identify two and three-crops agricultural lands of the project area
(c) To identify Main flow of the rivers and canals, water logging area, etc.
(d) To identify of the area of earthquakes, floods, landslides and other disasters.



বিশ্ব বসতি দিবস ২০২১ উপলক্ষ্যে আয়োজিত সেমিনারের স্থির চিত্র



শেখ রাসেল দিবস ২০২১ উদযাপনে পুষ্পস্তবক অর্পণ এর স্থির চিত্র



এসডিজি [illegible] আয়োজিত সেমিনারের স্থির চিত্র



গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং নগর উন্নয়ন অধিদপ্তর এর মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ স্বাক্ষর অনুষ্ঠান



কুমিল্লা [illegible] শীর্ষক সেমিনারের স্থির চিত্র



১০ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মচারীগণের অভ্যন্তরীণ প্রশিক্ষণের স্থির চিত্র




[illegible] করণীয় বিষয়ে সভা



১১ম গ্রেড থেকে ২০ তম গ্রেডভুক্ত কর্মচারীগণের অভ্যন্তরীণ প্রশিক্ষণের স্থির চিত্র

# নগর উন্নয়ন অধিদপ্তর

## পরিকল্পনার রোড ম্যাপ




উপদেষ্টা : ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক, পরিচালক (চঃ দাঃ), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

সম্পাদকমন্ডলী : আহমেদ আখতারুজ্জামান, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
উদয় শংকর দাস, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
ইয়ারুন্নেছা খানম, সহকারী প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা


পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, ৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ কর্তৃক প্রকাশিত। ফোন : +৮৮০-২-২২৩৩৮২৭২৮
ফ্যাক্স : +৮৮০-২-২২৩৩৮৬৯৭৯, ই-মেইল : director@udd.gov.bd, ওয়েবসাইট : www.udd.gov.bd